মানসিক অবনতি সম্পর্কিত অন্যান্য অভিব্যক্তি(গুলির সাথে ত্রে(ামোসোমের বিশৃঙ্খলতাগত ত্রুটিগুলির মধ্যে যেটি সর্বাপে(া বেশি ল(্য করা যায় সেটি হল ডাউন সিনড্রোম। ২১টিতে ১টি ত্রে(ামোসোম অতিরিক্ত(থাকার জন্য এটিকে ট্রাইসোমি ২১ বলা হয়। এটিতে বিশেষ মুখমণ্ডলীয় বৈশিষ্ট্য দেখা যায়। মস্তকটি অগ্র এবং পশ্চাদ্‌ভাগে চেপ্টা ধরণের হতে পারে। পশ্চাৎ করোটিতে অঞ্চলটি চেপ্টা হতে পারে। অ(কোটরগুলি (দ্র। চ(দুটি উপরদিকে আনত এবং কিছুটা বিস্তৃত। কখনও কখনও ছানি থাকে। বহিঃকর্ণটি (দ্র এবং নিম্নমুখী। মুখবিবরটি (দ্র হওয়ার জিহ্বাটি উদগত। নাসিকাটি চাপা ধরণের হতে পারে। দন্তোদ্‌গমে বিলম্ব। হস্ততলে একটি ভাঁজ, যেটিকে সাইমিয়েন ভাঁজ বলা হয় থাকতে পারে। উদর অংশটি উদগত— কখনও কখনও নাভিপথে অন্ত্রবৃদ্ধি। অসুস্থতা হেতু শিশুটি শিথিল প্রকৃতির হয়ে থাকে। সাধারণত এই ধরণের শিশুদের বিকাশ বিলম্বিত হয়।

মনোসোমি স্বাভাবিক জোড়ার পরিবর্তে অর্থাৎ ২টি ত্রে(ামোসোমের পরিবর্তে এ(ত্রে ১টিমাত্র ত্রে(ামোসোম থাকে। সাধারণত এই ধরণের অস্বাভাবিকতা জীবিত থাকার বি(দ্ধে ফলত গর্ভপাতই বাঞ্ছনীয়।

২.৩.৫ ❑ গঠনগত অস্বাভাবিকতা (Structural abnormalities)

(ক) বি(দ্ধাচরণ (Deletions) (ত্রে(ামোসোমের একটি অংশ বা খণ্ডের (তি)

উদাহরণ ত্র(াইডুচাট (বিড়ালের ত্র(ন্দন) সিনড্রোম ৫ম ত্রে(ামোসোমটির (দ্র বাহুটির (তি হওয়ার ফলে দেখা যায় শিশুটি বারবার বিড়াল বাচ্চার মত ত্র(ন্দন করে। এটিকে ত্র(াইডুচাট সিনড্রোম বলে। এই ধরণের শিশুদের দেহটি খর্বাকার এবং মুখমণ্ডলটি গোলাকার হয় (moon face)। মাইক্রে(াসেফালি এবং অন্যান্য জটিল মানসিক অবনতি সংত্র(ান্ত রোগব্যাধি এদের হতে পারে।

(খ) সংবহন (Translocations) ত্রে(ামোসোমের একটি অংশ অপর একটি ত্রে(ামোসোমের সঙ্গে সংযুক্ত(হয়।

(গ) ত্রে(ামোসোমগুলির শৃঙ্খলাবদ্ধত (Ring Chromosomes) (ত্রে(ামোসোমের শৃঙ্খলাকার)

২.৩.৬ ❑ যৌন ক্রোমোসোমগুলির অস্বাভাবিকতা (যৌন ক্রোমোসোমগুলির সংখ্যার এবং গঠনগত অস্বাভাবিকতা) Abnormalities of Sex Chromosomes (Abnormalities of number and structure pertaining to sex Chromosome).

ফ্রাজাইল-এক্স (x) সিনড্রোম (Fragile-x Syndrome)

এক্স (x) ক্রোমোসোমগুলির মধ্যে এক্স (x) ক্রোমোসোমগুলির সংযুক্তিগত বিশৃঙ্খলতাটিকে ফ্রাজাইল-এক্স (x) সিনড্রোম বলা হয়। এটিতে এক্স (x) ক্রোমোসোমের দীর্ঘ বাহুসংলগ্ন ভঙ্গুর অঞ্চলটি প্রায় বিচ্ছিন্ন অবস্থায় দেখা যায়। সেই কারণে এটিকে ফ্রাজাইল এক্স (x) সিনড্রোম বলে। ডাউন সিনড্রোমের পর এটি দ্বিতীয় সর্বাপেক্ষা বেশি পরিলক্ষিত ক্রোমোসোমগত বিশৃঙ্খলা। পুরুষদের মধ্যে সিনড্রোমটি বেশি দেখা গেলেও যে সমস্ত স্ত্রীরা যারা বাহক তাদের মধ্যেও কখনও কখনও এটি দেখা যায়। বৃহদাকার কর্ণ ও মস্তক, নিম্ন চোয়ালটি লক্ষণীয় এবং মানসিক জড়তা থাকে। বয়ঃসন্ধিকালে অণ্ডকোষ দুটি বৃদ্ধি (macro-orchidism) এটির বিশেষ লক্ষণ।

২.৩.৭ ❑ ত্রুটিপূর্ণ একটি জিন (Single gene defects)

প্রতিটি পরিব্যক্তিশীল জিন ৪ ধরণের মেণ্ডেলীয় বংশগতির ১টি প্রদর্শন করে।

(১) দেহ ক্রোমোসোমগত প্রচ্ছন্নতা

(২) দেহ ক্রোমোসোমগত প্রকটতা

(৩) এক্স (x) সংযুক্তিগত প্রচ্ছন্নতা

(৪) এক্স (x) সংযুক্তিগত প্রকটতা

দেহ ক্রোমোসোমগত প্রকটতাজনিত বংশগতি

দেহ ক্রোমোসোমগত প্রকটতা জনিত বংশগতিতে

(১) পুরুষ এবং স্ত্রী উভয়েই আক্রান্ত হয়।

(২) পিতামাতার থেকে শিশুতে সংবাহিত হয় (বিসম ভ্রূণাণু hetrozygote)–অধিকাংশ দেহ ক্রোমোসোমগত প্রকটতা অবস্থায় সমভ্রূণাণু (homozygote) দেখা যায় না। এবং আক্রান্ত জন বিসমভ্রূণাণুবিশিষ্ট হয়)

(৩) ৮০% র বেশি ক্ষেত্রে স্বাভাবিকভাবে পরিবর্তন দ্বারা দায়গ্রস্ত পরিব্যক্তিশীল জিনটি উদ্ভূত করতে পারে

(৪) পিতা অথবা মাতার কেউ একজন আক্রান্ত হলে তাদের সন্তান সন্ততিদের মধ্যে গড়ে অর্ধেক সংখ্যকই আক্রান্ত হতে পারে।



উদাহরণ টিউবারাসক্লেরেসিস (Tuberousclerosis)

এই বংশগত অবস্থাটিতে জন্মগত চর্ম এবং স্নায়ুতন্ত্রের বিকার সহ অন্যান্য অঙ্গও জড়িত থাকে। জন্মসময়ে তেমনভাবে এটির প্রকাশ হয় না। এই বংশজ অবস্থাটি সুপ্ত অবস্থায় থাকে। চর্মের উপর মৌমাছির মত ফুস্কুড়ি (fibroid lesions-এর মত), বিশেষত নাসিকার এবং গালের উপর দেখা যায়। চর্মের সিবেস নিঃসরণকারী গ্রন্থিটির বৃদ্ধি হেতু হয়। অস্থি স্থূলতা, অস্থি দুর্বলতা, সিস্টগঠন, বৃক্ক, যকৃৎ এবং অগ্ন্যাশয় ইত্যাদির বৃদ্ধি ল(্য করা যায়। মানসিক জড়তা, খেঁচুনি ইত্যাদির সাথে সাথে মস্তিষ্কে অর্বুদ দেখা যায়।

দেহত্রে(োমোসোমগত প্রচ্ছন্নতাজনিত বংশগতি (Autonomal recessive inheritance)

এই অবস্থাটিতে

- পু(ষ এবং স্ত্রী উভয়েই আত্র(ান্ত হয়।
- ২ বিসমভ্রূণাণু বিশিষ্ট পিতামাতার সন্তানের ২৫% সমভ্রূণাণুবিশিষ্ট হবার সম্ভাবনা থাকে।
- আত্র(ান্ত ব্যক্তি(বিশেষ পরিবারে একটি প্রজন্মেই জন্মগ্রহণ করে।
- সমভ্রূণাণু বিশিষ্ট ব্যক্তি(র সন্তানরা সকলেই বিসমভ্রূণাণুবিশিষ্ট।
- পিতা অথবা মাতা বিসম ভ্রূণাণুবিশিষ্ট হলে তাদের সমভ্রূণাণুবিশিষ্ট সন্তানরা আত্র(ান্ত হতে পারে।
- (তিকারক প্রচ্ছন্ন জিনটির জন্য সম্পর্কিত পিতামাতা সাধারণত বিসমভ্রূণাবিশিষ্ট হয়ে থাকে কারণ তাদের পূর্বপু(ষ একই। যে সব পিতামাতার কোন নিকট আত্মীয়ের জন্মগত ত্রুটিযুক্ত(সন্তান আছে তাদের সন্তানদের ((ত্রে ঝুঁকি সাধারণ সম্পর্কহীন পিতামাতার সন্তানদের থেকে প্রায় ৩ গুণ বেশি।



দেহ ক্রে(ামোসোমগত প্রচ্ছন্নতাজনিত বংশগতি (Autonomal recessive inheritance)

দেহ ক্রে(ামোসোমগত প্রচ্ছন্নতার নমুনা হিসাবে সর্বপ্রকার বিপাকীয় বিশৃঙ্খলতাই বংশগত। প্রোটিন বিপাকে, কার্বোহাইড্রেট বিপাকে এবং লিপিড বিপাকীয় বিশৃঙ্খলতাগুলি দেহ ক্রে(ামোসোমগত প্রচ্ছন্নতার নমুনাটির অন্তর্গত। উদাহরণ ফেনিল কিটো নিউরিয়া। (Phenyl Ketonuria-PKU)

ফেনিল কিটো নিউরিয়া ঃ

ফেনিল অ্যানালিন অ্যামিনো অ্যাসিডটির বিপাকীয় বিশৃঙ্খলতাটিকে ফেনিল কিটো নিউরিয়া বলে। রক্তে(ফেনিল অ্যানালিন এবং বিপাকলব্ধ পদার্থগুলির মাত্রা অস্বাভাবিকভাবে বৃদ্ধি পায়। মানসিক জড়তার সঙ্গে যে বৈশিষ্ট্যগুলি ল(ণীয় সেগুলি হল পরিষ্কার ত্বক, নীল চ(এবং সোনালী চুল। মূত্রটিতে ইঁদুরের গন্ধ থাকে। এটি দেহ ক্রে(ামোসোমগত প্রচ্ছন্নতাজনিত বংশগতি হিসাবে বংশগত হয়।

লরেন্স মুন বিডন সিনড্রোমটি দেহ ক্রে(ামোসোমগত প্রচ্ছন্নতাজনিত বিশৃঙ্খলতাটির অন্তর্গত।

দেহ ক্রে(ামোসোমগত প্রচ্ছন্নতাজনিত বিশৃঙ্খলতা হিসাবে এটি বংশগত হয়। স্থূলকায়ত্ব, পলিডাক্টালি (অতিরিক্ত(হাত বা পায়ের আঙ্গুল), রেটিনাইটিস পিগ মেনটোসা (রাত্র্যন্ধতা সহ রেটিনার বর্ণ), মানসিক জড়তা এবং হাইপোগোনাডিসম (অপরিণত যৌনাঙ্গ) বৈশিষ্ট্যগুলি ল(্যণীয়।

এক্স (x) **সংযুক্তি(গত প্রচ্ছন্নতাজনিত বংশগতি ঃ (X linked recessive inheritance)**

এ(ক্রে পু(ষরাই নিদানিক আক্র(ান্ত (পরিব্যক্তি(শীল জিন একক এক্স (x) ক্রে(ামোসোমটির উপর) হয় এবং স্ত্রীরা বাহক (বিসমভ্রূণাণুবিশিষ্ট)। আক্র(ান্ত পু(ষটির সব কন্যাই পরিব্যক্তি(শীল জিনটির বাহক হয় এবং তার কোন পুত্র আক্র(ান্ত না হলেও পৌত্ররা আক্র(ান্ত হতে পারে এবং তাদের কন্যারা বাহক হতে পারে।

যদি এই বাহক কন্যার সঙ্গে স্বাভাবিক পু(ষের বিবাহ হয



বাহক স্ত্রী	স্বাভাবিক পু(ষ
XX^n	XY
XX	স্বাভাবিক কন্যা
XY	স্বাভাবিক পুত্র
X^nX	বাহক কন্যা
X^nY	আত্র(ান্ত পুত্র

সুতরাং গর্ভাবস্থায় কোন বাহক স্ত্রীকে বলা যায় যে তিনি যে পুত্রের জন্ম দেবেন তার ৫০% আত্র(ান্ত হবার সম্ভাবনা।

X-সংযুক্তি(গত প্রচ্ছন্নতাজনিত বংশগতি—হান্টারস সিনড্রোম (X linked dominant inheritance)

এটি মিউকোপলি স্যাকারাইড—বিপাকীয় বিশৃঙ্খলতাগত ধরণের। x সংযুক্তি(গত প্রচ্ছন্নতাজনিত বংশগতি হিসাবে এটি বংশগত হয়। নেত্র-স্বচ্ছটি (কর্নিয়া) অস্বচ্ছ। বধিরতা যা ত্র(মশ বৃদ্ধি পায়, মুখমণ্ডলের অদ্ভুত হাস্যকর ভাব এবং মানসিক জড়তা বৈশিষ্ট্যগুলি দেখা যায়।

X-সংযুক্তি(গত প্রকটতাজনিত বংশগতি (Multifractorial inheritance)

X-সংযুক্তি(গত প্রকটতাজনিত বংশগতিটি পু(ষ এবং স্ত্রী উভয়ের মধ্যে সুস্পষ্ট থাকে। দেহ ত্রে(ামোসোমগত প্রকটতাজনিত বংশগতির সঙ্গে বংশবিবরণের নমুনাটির খুব সামান্য সাদৃশ্য থাকলেও X-সংযুক্তি(প্রকটতাজনিত বংশগতিটির ফলে আত্র(ান্ত পু(ষটির রোগব্যাধি তার কন্যাদের মধ্যে সংবাহিত হলেও পুত্রদের কারোর মধ্যেই হয় না। আত্র(ান্ত স্ত্রী সমানভাবে তার পুত্রদের এবং কন্যাদের মধ্যে সংবহন করে যাদের অর্ধেক সংখ্যক আত্র(ান্ত হয়। পু(ষরাই প্রায়শই বেশিভাবে আত্র(ান্ত হয়। বংশপরম্পরায় এই বিশৃঙ্খলতাটি সংবাহিত হয়।

২.৩.৮ ❑ বহুমুখীকারণগত বংশগত (Multifactorial inheritance)

বহুমুখীকারণগত বংশগতিকে একটি পদ্ধতি বলা যায় যেটিকে একটি অথবা একাধিক জিন এবং বাহ্যিক কারণগুলি যেমন হৃদ্‌যন্ত্রের ত্রুটি, বিকৃত পা, তালুর ফাটল বা অন্যান্য ত্রুটি একযোগে প্রভাবিত করে এবং ফলস্বরূপ রোগব্যাধি অথবা অস্বাভাবিকতা দেখা যায়।

২.৪ ❑ বংশ-বিবরণগত প্রতীক (Pedigree Symbols)

অনাত্র(ান্ত পু(ষ □ অনাত্র(ান্ত স্ত্রী ○

আত্র(ান্ত পু(ষ ▦ আত্র(ান্ত স্ত্রী ▨

দুই ভ্রূণাণুবিশিষ্ট যমজ X-সংযুক্তি(গত স্ত্রীবাহক

একটি ভ্রূণাণুবিশিষ্ট যমজ

গর্ভপাত/মৃতশিশু

প্রসপোজিটাস (Prospositus)–আত্র(ান্ত ব্যক্তি(বিশেষ যিনি জিন বিশেষজ্ঞকে পরিবারের দিকে মনঃসংযোগ করান ▦ ▨

সহবাস □—○

একমূলতামূলক সহবাস (Consanguinous Mating) □—○

বিসমভ্রূণাণুবিশিষ্ট ▦—○



উল্লিখিত বংশবিবরণী ছকটি থেকে নিম্নলিখিত তথ্যগুলি জানা যায়

- প্রতীকটির ডানপার্শ্বে উল্লিখিত ব্যক্তি(র বয়স।
- প্রতীকটির নিম্নে উল্লিখিত নম্বরটি থেকে জন্মের ধারাবাহিকতা।
- প্রতীকটি উপরের কাটা চিহ্(টি থেকে মৃত্যু (এ(ে ত্রে নির্দেশিত শিশুটির পিতামহী /মাতামহীর বিষয়)।
- চিহ্(টি নির্দেশ করে আত্র(ান্ত ব্যক্তি((নির্দেশিত শিশু এবং তার মাতুল)।
- প্রতীকটির সাথে তীরচিহ্(টি চিহ্(ত করে নির্দেশিত শিশুটিকে।
- প্রতীক দুটির মাঝে ⟸ জোড়া রেখাদুটি নির্দেশ করে
  একমূলতামূলক সহবাস (এ(ে ত্রে মামাতো, খুড়তুতো বা পিসতুতো ভ্রাতার সঙ্গে বিবাহ, মাতার সঙ্গে তার মামাতো ভ্রাতার বিবাহ)।
- প্রতীক দুটির মাঝে একটি লাইন নির্দেশ করে অ-একমূলতামূলক বিবাহ (মাতামহ-মাতামহী এবং পিতামহ-পিতামহী)।
- চিহ্(টি নির্দেশ করে সন্তানসন্ততি।
- তন্ত্রের ধারাবাহিকতা অনুসারে নির্দেশিত শিশুটি ৪র্থ সন্তান।
- I চিহ্(টি নির্দেশ করে—গর্ভপাত।
- II চিহ্(টি নির্দেশ করে—মৃতসন্তান।
- III চিহ্(টি নির্দেশ করে—স্বাভাবিক মেয়ে।
- IV চিহ্(টি নির্দেশ করে নির্দেশিত শিশুটি।
- চিহ্(টি নির্দেশ করে মাতার গর্ভাবস্থা।

২.৫ ❑ জিনগত বিশৃঙ্খলতাসমূহে সাধারণ চিকিৎসা নীতি (General Clinical Principles in Genetic Disorders)

(১) 'না'-সূচক পারিবারিক ইতিহাস—পু(ষ অথবা স্ত্রী যাই হোক না কেন সাধারণত শিশুটি জিনগত রোগগ্রস্ত হতে পারে অথবা তার জৈবিকগঠনে বিকৃতি থাকে যদি তার পরিবারে কেউ আত্র(ান্ত সদস্য থাকে। বস্তুত না-সূচক পারিবারিক ইতিহাস জিনগত অস্বাভাবিকতাটিকে বাতিল করতে পারে না।

(২) বাহ্যিক কারণগুলি যাই হোক জিনগত কারণগুলির ফলে বাহ্যিক ল(ণগুলির সঙ্গে নিদানিক চিত্রটির বেশ সাদৃশ্য দেখা যায়।

(৩) জিনগত বিষমসত্ত্বতা—একটিমাত্র নিদানিক ল(ণের একাধিক কারণ থাকতে পারে (অর্থাৎ একাধিক জিন ঐ ক্রটিটির জন্য দায়ী হতে পারে।)

(৪) প-াইওট্রোপিজম—কয়েকটি জিনগত বিশৃঙ্খলতা আছে যেগুলির কারণে বিভিন্নপ্রকার ল(ণ প্রকাশ পায় এবং ঐগুলি বিভিন্ন অঙ্গ এবং তন্ত্রের সঙ্গে জড়িত থাকে।

(৫) পরিবর্তনশীল অভিব্যক্তি(—প্রাথমিক অবস্থায় অত্যন্ত প্রকাশিত ল(ণটি।

(৬) পরিবার সম্পর্কিত সব কিছুই জিনগত নয়।

(৭) বংশগতির নমুনাটি প্রতিষ্ঠার জন্য ব্যাপক জ্ঞাত তথ্যের প্রয়োজন।

২.৬ ❑ অন্তঃ(রা গ্রন্থিগুলির প্রভাব (Endocrinal influences)

জালিবিহীন অন্তঃ(রা গ্রন্থিগুলি নিঃসৃত বিভিন্নপ্রকার হরমোন কোষের বিপাকত্রি(য়ার জন্য অত্যন্ত প্রয়োজন। গু(ত্বপূর্ণ অন্তঃ(রা গ্রন্থিগুলির মধ্যে গলগ্রন্থি (থাইরয়েড) এবং অগ্ন্যাশয় (প্যাংত্রি(য়স) গ্রন্থিদুটির ভূমিকা অপরিহার্য। দেহের বৃদ্ধি এবং মানসিক বিকাশে ঐগুলির নিঃসরণ অত্যন্ত জ(রী। এই দুটি গ্রন্থির সত্রি(য়তার অভাবে মানসিক অবনতি ঘটতে পারে।

২.৬.১ ❑ গলগ্রন্থি (থাইরয়েড) (Thyroid Gland)

শ্বাসনালির উপরাংশের সম্মুখভাগে গলগ্রন্থিটি অবস্থিত। শ্বাসনালির প্রতি পার্শ্বে দুইখণ্ডবিশিষ্ট গলগ্রন্থিটির একটি করে খণ্ড অবস্থিত। খণ্ড দুটি পারস্পরিক একটি (ুদ্র সেতু দ্বারা যুক্ত(। থাইরক্সিন হরমোন নিঃসরণ করাই গলগ্রন্থির (থাইরয়েড) প্রধান কার্য। এই হরমোনটি উৎপাদনে আয়োডিনের প্রয়োজন আবশ্যিক। হরমোনটির ঘাটতির ফলে যে রোগটির প্রকাশ ঘটে সেটিকে হাইপোথায়রডিসম বলে। এটির প্রকাশ যে কোন সময়ে হতে পারে। শৈশবে এই জন্মগত রোগটি হলে সেটিকে বামনত্ব বলা হয়। পরবর্তী জীবনে রোগটির প্রকাশ হলে সেটিকে হাইপোথায়রয়ডিসম বলে।

জন্মগত হাইপোথায়রয়ডিসম (বামনত্ব) হওয়ার কারণ (১) হরমোনটি উৎপাদনে ক্রটি (২) গ্রন্থিটির গঠনে ক্রটি (৩) গর্ভকালীন মাতার ঔষধগ্রহণ

জন্মসময়ে বামনত্বের নিদানিক ল(ণগুলি

(১) বালক অপে(া বালিকাদের ৩ গুণ বেশি।

(২) জন্মসময় থেকে শু(করে দীর্ঘকাল জণ্ডিস রোগ ভোগ।

(৩) শিশুকে খাওয়ানোয় অসুবিধা।

(৪) অলসতা।

(৫) জিহ্বা বড় হওয়ার ফলে শ্বাসপ্রশ্বাসে অসুবিধা।

(৬) কোষ্ঠকাঠিন্য—সেটি রেচক ঔষধ প্রয়োগ দ্বারা লাঘব হয় না।

(৭) নাভিপথে অন্ত্রবৃদ্ধি সহ উদরের বৃহদাকার।

(৮) দেহের তাপ স্বাভাবিক অপে(া কম।

(৯) হৃদ্‌মর্মর এবং হৃদ্‌সম্বন্ধীয় (কার্ডিওমেগালি)।

(১০) রক্ত(াল্পতা (অ্যানিমিয়া)—হেমাটিলিক ঔষধ দ্বারা চিকিৎসায় সুফল লাভে অসমর্থ।

এই অবস্থার মধ্যবর্তিতা যদি না থাকে তাহলে দৈহিক এবং মানসিক অবনতি ঘটে থাকে। পরবর্তীকালে শিশুটির বৃদ্ধি অপূর্ণ সীমায় বাধাপ্রাপ্ত হয়। শিশুটির মস্তকটি বৃহদাকার, এ. এফ. বিস্তৃত খোলা, দৃষ্টি স্থির, নাসিকার শিরদাঁড়াটি চাপা, চ(ের স্নায়ুখাঁজগুলি স(এবং পাতাদুটি ফোলা, মুখবিবরটি খোলা এবং মোটা দীর্ঘ উদগত জিহ্ব া বিলম্বিত দন্তোদ্‌গম, ((াত্বক, মস্তকে অপর্যাপ্ত চুল ইত্যাদি ল(ণগুলি প্রকাশ পায়। হাইপোটোনিয়া—যৌন পূর্ণ পরিণতি বিলম্বিত হয় অথবা ঘটে না। ল(ণগুলি দেখে রোগনির্ণয় করে সময়মত চিকিৎসা করলে এই ধরণের শিশুদের দৈহিক এবং মানসিক অবনতি প্রতিরোধ করা যায়।

২.৬.২ ❑ অগ্ন্যাশয় (Pancreas)–বহুমূত্র রোগাত্র(ান্ত মায়ের শিশুসন্তান (Infants of Diabetic Mothers)

নালিবিহীন অগ্ন্যাশয় গ্রন্থিটি গু(ত্বপূর্ণ হরমোন ইনসুলিন উৎপাদন করে। গ্লুকোজের বিপাকীয় ক্রি(য়াটি সম্পাদনে ইনসুলিনের ভূমিকা অত্যন্ত গু(ত্বপূর্ণ। এটি কোষকে গ্লুকোজ ব্যবহার করায় সাহায্য করে থাকে। এটির অভাবে কোষ রক্ত(স্থিত গ্লুকোজ ব্যবহার করতে স(ম হয় না। ফলে রক্তে(গ্লুকোজের পরিমাণ বেশি থাকলেও কোষ শুকিয়ে যায়। বহুমূত্র (ডায়াবেটিস) রোগাত্র(ান্ত অবস্থায় রক্তে(র এই অতিরিক্ত(গ্লুকোজ মূত্রের সঙ্গে নিষ্কাশিত হয়। বহুমূত্র রোগাত্র(ান্ত (ডায়াবেটিক) মাতার গর্ভস্থ সন্তান অথবা ভূমিষ্ঠ শিশুর দৈহিক গঠন অথবা মানসিক বিকাশের (ে ত্রে এটি বি(দ্ধ ক্রি(য়া করে থাকে। অতিমাত্রায় বহুমূত্র রোগটির উপস্থিতির পরিণাম হয় গর্ভপাত। যদি গর্ভস্থ সন্তানটি জীবিত থাকে তাহলে তাকে কিছু সমস্যার সম্মুখীন হতে হয়।

মাতার রক্ত(স্থিত অতিরিক্ত(গ্লুকোজ গর্ভে যাওয়ার ফলে গর্ভে অতিরিক্ত(জল ধারণ হয় এবং সঞ্চিত তরল হেতু গর্ভের আকার এবং ওজন বৃদ্ধি পায়। এই অবস্থা কিছুদিন ধরে চলতে থাকলে সন্তান সময়মত ভূমিষ্ঠ হতে অসুবিধার সৃষ্টি হয়। সেই কারণবশত শিশুটির দৈহিক গঠন বিলম্বিত অথবা মানসিক বিকাশ বাধাপ্রাপ্ত হতে পারে।

শিশুটির অন্যান্য বেশিরকম ঝুঁকির কারণ থাকতে পারে যেমন—

(১) সদ্যজাত অবস্থায় হাইপোগ্লাইকেমিয়া (রক্তে(শর্করা স্বল্পতা) রক্তে(শর্করার মাত্রা বিপজ্জনকভাবে কমে যাওয়ার ফলে স্নায়ুকোষগুলি (তিগ্রস্ত হয়।

(২) জন্মগত দৈহিক বিকৃতি (জন্মগত দৈহিক গঠনে অস্বাভাবিকতা)।

(৩) বহুমূত্র রোগাত্র(ান্ত মাতার সন্তানদের সাধারণ রোগ সংক্র(মণ হয়ে থাকে এবং দীর্ঘস্থায়ী হলে শিশুর মৃত্যু হতে পারে।

(৪) গর্ভাবস্থায় জণ্ডিস রোগটিতে আক্র(ান্ত হয়ে ভূমিষ্ঠ হবার পরও যদি সেটি চলতে থাকে তাহলে বিলি(বিনের মাত্রা অত্যন্ত বৃদ্ধি পায়—ফলতঃ কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রটি (তিগ্রস্ত হয়।

(ক) তড়িৎভাজ্যের (ইলেক্‌ট্রোলাইট) ভারসাম্য না থাকার ফলে জলবিয়োজন (ডিহাইড্রেশন), আ(প (কনভালশন) ইত্যাদির প্রকাশ হতে পারে।

এই ঝুঁকিতে কারণগুলির যে কোন একটি ঘটলে স্নায়বিক (তি এবং মানসিক অবনতির সম্ভাবনা থাকে।

২.৭ ❑ সারাংশ স্মরণীয় বিষয়সমূহ (Unit Summary : Things of Remember)

(১) বংশগতির বাহন জিনগুলিকে ক্রে(োমোসোমগুলি বহন করে।

(২) ক্রে(োমোসোমগুলির সংখ্যার অস্বাভাবিকতা, গাঠনিক অস্বাভাবিকতা অথবা যৌন ক্রে(োমোসোমগুলির অস্বাভাবিকতার কারণে ক্রে(োমোসোমগুলির অস্বাভাবিকতা হতে পারে।

(৩) জিনগত অস্বাভাবিকতাগুলির বংশগত হওয়ার ৪টি ধরণ (ক) দেহকোষগত প্রচ্ছন্নতা, (খ) দেহকোষগত প্রকটতা, (গ) 'X' সংযুক্তি(গত প্রচ্ছন্নতা, (ঘ) 'X' সংযুক্তি(গত প্রকটতা।

(৪) উপরের প্রতিটির বৈশিষ্ট্যগুলি।

(৫) অন্তঃ(রা গ্রন্থিগুলি নিঃসৃত হরমোনগুলি দেহের বিপাকীয় ক্রি(য়াকে এবং বৃদ্ধিকে প্রভাবিত করে।

(৬) জন্মগত হাইপোথায়রয়ডিসমকে বামনত্ব (ক্রে(টিনিজম) বলে। এটি মানসিক জড়তা সম্পর্কিত।

(৭) বহুমূত্র রোগাক্র(ান্ত মাতার গর্ভাবস্থায় এবং জন্মের পর সন্তান যে সমস্যাগুলির সম্মুখীন হয় সেগুলি মানসিক জড়তার কারণ হতে পারে।

২.৮ ❑ অগ্রগতির মূল্যায়ন (Check your progress)

(১) ক্রে(োমোসোম কি?

(২) বৈশিষ্ট্যসহ ক্রে(োমোসোমগত অস্বাভাবিকতাগুলির তালিকা প্রস্তুত ক(ন।

(৩) জিন কি?

(৪) কিভাবে জিনগত অস্বাভাবিকতাগুলি বংশগত হয়?

(৫) দেহ ক্রে(োমোসোমগত প্রকটতাজনিত উত্তরলব্ধির বৈশিষ্ট্যগুলি কি কি?

(৬) দেহ ক্রে(োমোসোমগত প্রচ্ছন্নতাজনিত উত্তরলব্ধির বৈশিষ্ট্যগুলি কি কি?

(৭) 'X' সংযুক্তি(গত প্রচ্ছন্নতাজনিত উত্তরলব্ধির বৈশিষ্ট্যগুলি কি কি?

(৮) 'X' সংযুক্তি(গত প্রকটতাজনিত উত্তরলব্ধির বৈশিষ্ট্যগুলি কি কি?

(৯) জিনগত বহুমুখী কারণ সম্বন্ধীয় উত্তরলব্ধির বৈশিষ্ট্যগুলি কি কি?

(১০) একটি বংশবিবরণী তালিকা অঙ্কন ক(ন এবং ব্যাখ্যা ক(ন।

(১১) জিনগত বিশৃঙ্খলতার নিদানিক নীতিগুলি কি কি?

(১২) হরমোন কি? এর প্রয়োজনীয়তা কি?

(১৩) বামনত্বের নিদানিক বৈশিষ্ট্যগুলি কি কি?

(১৪) বহুমূত্র রোগাক্র(ান্ত মাতার শিশুসন্তানের বর্ণনা দিন।

২.৯. ❑ বাড়ীর কাজ (Assignment)

(১) নিকটতম জেনেটিক সেন্টারে গিয়ে মাইত্রে(াস্কোপের মাধ্যমে ত্রে(ামোসোম পর্যবে(ণ ক(ন।

(২) জিনগত ত্রুটিহেতু মানসিক জড়তাসম্পন্ন ব্যক্তি(বিশেষের ইতিহাস জানুন এবং একটি বংশবিবরণী অঙ্কন ক(ন।

২.১০. ❑ আলোচনার বিষয় ও তার পরিস্ফুটন (Points for discussion)

এই এককটি পাঠ করার পর আপনি কিছু কিছু বিষয়ে আলোচনা করতে আগ্রহী হতে পারেন এবং ব্যাখ্যা চাইতে পারেন। নিম্নে বিষয়গুলি লিখুন।

২.১০.১ আলোচনার বিষয় (Points for discussion)

২.১০.২ ব্যাখ্যাকরণের বিষয় (Points for Clarification)

২.১১. ❑ উৎস (References)

- Nelson. W.E. (1996) Textbook of Pediatrics—15th Edition. London : W. B. Saunders Co.
- Rimon. D. L. (1983) Principles and Practice of Medical Genetics : Volume 1 & 2, London Livingstone Churchill.
- Hallas. C. H. Fraser. W. I. and MacGillivary, R. C. (1983) The Care and Training of the Mentally Handicapped. Briston. England : John Wright & Sons Ltd.

SESM : 02, BLOCK : 2

DEVELOPMENTAL AND BEHAVIOURAL ASPECTS

(বিকাশ এবং আচরণ—সম্পর্কীয় বিষয়)

একক-২ ঃ বিকাশ এবং আচরণ সম্পর্কীয় বিষয় (Development and Behavioral aspects) ভূমিকা :

আপনারা জানেন যে মানসিক প্রতিবন্ধীরা তাদের বুদ্ধিহীনতার জন্য সর্বাঙ্গীন বিকাশের ক্ষেত্রে পিছিয়ে পড়ে। মানসিক প্রতিবন্ধকতা সম্পর্কে সবিস্তারে জানতে হলে মনস্তাত্ত্বিক দিক এবং তার প্রয়োগ সম্পর্কে জানা দরকার। আপনারা SESM 01, Block-2-তে মনস্তাত্ত্বিক মূল্যায়ন সম্পর্কে জেনেছেন। SESM 01, Block-3, Unit 3-তে আপনারা পরামর্শ এবং সাহায্য দান সম্পর্কে জেনেছেন। মনস্তাত্ত্বিক দিক সম্পর্কে এই ব্লকে দুটি একক আছে। প্রথম এককে আপনারা স্বাভাবিক বিকাশ, বিকাশের নীতি এবং বিভিন্ন দিক সম্পর্কে জানবেন যেমন শারীরিক, সামাজিক, আবেগ সংক্রান্ত, বোধশক্তিজনিত এবং ভাষার বিকাশ। অঙ্গ-সঞ্চালন এবং ভাষাগত বিষয়ে এই বইয়ে একক ৩ থেকে জানবেন কেমন করে পিছিয়ে পড়া ও সীমাবদ্ধ মানুষের সঙ্গে আচরণ করা যায়।

আপনারা আচরণ সম্পর্কে দ্বিতীয় এককে জানবেন। কেমনভাবে তা তৈরী হয়, কাকে মানিয়ে চলার ক্ষেত্রে অভাব বলে এবং কাকে অপসঙ্গত আচরণ বলে। আপনারা সমস্যাজনিত আচরণ বিশ্লেষণ করতে শিখবেন এবং কিভাবে তা শোধরানো বা পাল্টানো যায় তাও শিখবেন।

মানসিক প্রতিবন্ধী শিশুদের শিক্ষক হিসাবে বিভিন্ন ধরনের সমস্যাজনিত আচরণ আপনাদের শ্রেণীকক্ষে মোকাবিলা করতে হবে। এই ব্লকটি আপনাদের স্বাভাবিক বিকাশ বুঝতে, তা থেকে অন্তর্দৃষ্টি লাভ করতে এবং শ্রেণীকক্ষের সমস্যা নিয়ন্ত্রণ করতেও শেখাবে।

একক ১ ❑ বিকাশের স্তরসমূহ (Developmental Stages)

গঠন

১.১ ভূমিকা

১.২ উদ্দেশ্য

১.৩ বৃদ্ধি ও বিকাশ

১.৩.১ বিকাশের নীতি

১.৪ বিকাশের ক্ষেত্রসমূহ

১.৪.১ শক্তিকেন্দ্রের (মোটর) বিকাশ

১.৪.২ ভাষার বিকাশ

১.৪.৩ জ্ঞানের (কগ্‌নিটিভ) বিকাশ

১.৪.৪ আবেগের বিকাশ

১.৪.৫ সামাজিক বিকাশ

১.৪.৬ ক্রীড়া শৈলীর বিকাশ

১.৫ মানসিক প্রতিবন্ধকতার ক্ষেত্রে বিকাশমূলক দৃষ্টিভঙ্গির প্রয়োগ

১.৬ নীতিগত বিবেচনা

১.৭ এককের সারাংশ : মনে রাখার বিষয়

১.৮ অগ্রগতির মূল্যায়ন

১.৯ বাড়ির কাজ

১.১০ আলোচনার বিষয় ও তার পরিস্ফুটন

১.১০.১ আলোচনার সূত্র

১.১০.২ ব্যাখ্যার সূত্র

১.১১ উৎস

১.১ ভূমিকা (Introduction)

একজন ব্যক্তির জীবনকালের ধারাবাহিকতার ক্রম নির্ধারণ করে থাকে বিকাশ প্রক্রিয়া। ভ্রূণ সঞ্চারের সময় থেকেই বিকাশ শুরু হয়ে যায়। একজন ব্যক্তির জন্মের পূর্বে, জন্মকালীন সময়ে এবং জন্মের পরের স্তরেও বিকাশ প্রক্রিয়া নিরবচ্ছিন্ন হয়ে চলে। সাধারণতঃ জন্মের পূর্বকালীন সময়কে আমরা প্রয়োজনীয় ঘটনা বলে মনে করি। কিন্তু জন্মের পূর্বকালীন পরিবেশ— যেখানে শিশু বেড়ে ওঠে জন্মের পূর্বে, তার প্রভাব অপরিসীম শিশুর পরবর্তীকালীন শারীরিক ও মানসিক বিকাশের ক্ষেত্রে।

অতীতে শিশুর লালন পালন করার ক্ষেত্রে বিভিন্ন প্রথাগত নিয়মের ওপরে বিশ্বাস রাখা হত। কিন্তু বিজ্ঞানের উন্নতির সঙ্গে সঙ্গে শিশুর বিকাশ সম্পর্কে ধ্যান ধারণারও উন্নতি হয়েছে। শিশুর বিকাশের ক্ষেত্রটি তার বিকাশের প্রক্রিয়া ও পদ্ধতির উপরই আলোকপাত করে থাকে। সুতরাং, শিশুর বিকাশ নিয়ে পড়াশোনার উদ্দেশ্য হল— নিম্নলিখিত বিষয়গুলি জানা—

- বিকাশের একটি স্তর থেকে পরবর্তী স্তরে বাহ্যিক রূপ, ব্যবহার, আগ্রহ ও লক্ষ্যের পরিবর্তন;
- যে বয়সে এই পরিবর্তনগুলি ঘটে;
- পরিবেশের শর্তাবলী যার মধ্যে এই বিকাশমূলক পরিবর্তন ঘটে।
- শিশুর আচরণে বিকাশমূলক পরিবর্তনের প্রভাব এবং পরিবর্তনের নির্ধারণ এবং বিকাশমূলক পরিবর্তনের বৈশিষ্ট্য।

১.২ উদ্দেশ্য (Objectives)

এই বিভাগগুলি পড়লে জানা যাবে

- বৃদ্ধি ও বিকাশের সংজ্ঞা
- বিকাশের নীতিসমূহ
- বিকাশের ক্ষেত্রে, যেমন— শারীরিক, সামাজিক ক্রীড়াশৈলী, আবেগমূলক, জ্ঞানমূলক এবং ভাষাগত বিকাশ এবং মানসিক প্রতিবন্ধকতার ক্ষেত্রে বিকাশমূলক অনগ্রসরতার প্রভাব।

১.৩ বৃদ্ধি ও বিকাশ (Growth and Development)

প্রায়শই, বৃদ্ধি ও বিকাশ সমার্থক অর্থে ব্যবহৃত হয়, যদিও উভয়ের ভাবার্থ/গূঢ়ার্থ হল পৃথক। বৃদ্ধি ও বিকাশের দ্বারাই ব্যক্তির ভ্রূণ সঞ্চার থেকে বৃদ্ধ বয়স পর্যন্ত পরিবর্তনের ধারা নির্ধারিত হয়। 'বৃদ্ধি' শব্দটির অর্থ হল 'পরিমাণগত' পরিবর্তন। যা হল আয়তন ও গঠনগত প্রসার। বিকাশকে সুবিন্যস্ত ও সুসংগত পরিবর্তনের প্রগতিশীল ধারা হিসাবে বর্ণনা করা যায়। বিকাশ চিহ্নিত করে যে এই পরিবর্তনগুলির নির্দিষ্ট লক্ষ্য পথ ও গতিপথ আছে এবং সেই পথ একজনকে অগ্রসর হতে সাহায্য করে, অনগ্রসর হতে নয়। 'বিকাশ' কথাটি গুণগত ও পরিমাণগত পরিবর্তনকে বোঝায়। বর্তমানে যে পরিবর্তন ঘটছে তার সঙ্গে অতীতের ও ভবিষ্যতের পরিবর্তনের একটি সুনির্দিষ্ট সম্পর্ক আছে।

গর্ভধারণ হয়ে থাকে যখন একজন পুরুষের শুক্রাণু একজন মহিলার ডিম্বাকোষের বা ডিম্বাণুর কোষপ্রাচীর ভেদ/বিদ্ধ করে। এই নিষিক্ত ডিম্বাণু থেকে 'জাইগোট' বলা হয়, ২৩ জোড়া ক্রোমোজোম বহন করে যার প্রতিটি ক্রোমোজোম নতুনজীবটি সম্পর্কে কোন না কোন তথ্য বহন করে। এই জাইগোট বৃদ্ধি পেতে শুরু করে এবং মাইটোসিম পদ্ধতিতে বিভাজিত হতে শুরু করে। এইভাবে বিকাশের প্রথম ধাপ শুরু হয়। শুক্রাণু দ্বারা ডিম্বাণুর

নিষিক্তকরণ থেকে প্রথম দুটি কোষের বিকাশ হতে সময় লাগে সাধারণত (২৪ থেকে ৩৬ ঘণ্টা। গর্ভধারণ থেকে জন্মের সময় গুলিকে সাধারণ তিনটি ধাপে ভাগ করা হয়ে থাকে। প্রথম ধাপটিকে বলা হয় 'ডিম্বাণুর ধাপ' যা শুরু হয় নিষিক্তকরণ থেকে এবং বিন্ধকরণ পর্যন্ত চলে। দ্বিতীয় ধাপটিকে বলা হয় 'এম্ব্রোর ধাপ' যা ১ থেকে ৮ সপ্তাহ পর্যন্ত চলে। এই সময়ে কোষের পৃথকীকরণের মাধ্যমে সকল প্রধান প্রধান অঙ্গগুলি বিকশিত হতে শুরু করে। শেষ ধাপ হল ৮ সপ্তাহ থেকে জন্ম পর্যন্ত (সাধারণত ৪০ সপ্তাহ)— ঐ ধাপকে বলে ফেটাস্ এর ধাপ।

১.৩.১ বিকাশের নীতি (Laws/Principles of Development)

বিকাশের পথে যে সকল গুণগত ও পরিমাণগত পরিবর্তন হয় সতর্কভাবে পর্যবেক্ষণ করলে সেগুলির ক্ষেত্রে কিছু সার্বজনীন উপাদান পরিলক্ষিত হয়। এগুলিকে বিকাশের নীতি বলা হয়ে থাকে।

১. **বিকাশের ফলে পরিবর্তন হয়ে থাকে** (Development involves Changes)

বিকাশ আয়তন ও সঙ্গতির (PROPORTION) পরিবর্তন করে থাকে। পুরাতন বৈশিষ্ট্যগুলি মুছে যায় ও নতুন বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়। শিশু দৈহিক ও মানসিকভাবে বিকশিত হয়।

২. **প্রারম্ভিক বিকাশ হল পরবর্তী বিকাশের জন্য গুরুত্বপূর্ণ** (Early development is critical for later development)

প্রারম্ভিক গঠনমূলক বছরগুলিকে জীবনের গুরুত্বপূর্ণ সময়কাল হিসাবে বিবেচনা করা হয়ে থাকে। কারণ প্রারম্ভিক ভিত্তিটা স্থায়ী হয় এবং ব্যক্তির মনোভাব ও আচরণকে সারাজীবন ধরে প্রভাবিত করে।

৩. **বিকাশ হল পরিনমণ ও শিখনের পরিণতি** (Development is the product of maturation and learning)

বিকাশ হল বংশগতি ও পরিবেশ গত উপাদানের পারস্পরিক ক্রিয়া-প্রতিক্রিয়ার ফলাফল। বংশগতি সীমারেখা নির্ধারণ করে দেয় এবং জীনগত সম্ভাবনাগুলিকে সম্পূর্ণরূপে প্রকাশিত করতে উপযুক্ত পরিবেশ হল অবশ্যম্ভাবী শর্ত।

৪. **বিকাশের ধারাকে অনুধাবন করা যায়** (The developmental pattern is predictable)

বিকাশের ধারাকে জন্মের পূর্বে এবং পরে উভয় ক্ষেত্রেই অনুধাবন করা যায়। বিকাশের দিক নির্ধারণ করার দুটি সূত্র আছে।

(ক) বিকাশ সেফ্যালোকডাল সূত্র : (cephalocaudal law) : সেফ্যালো— মাথা, caudal— লেজ) অনুসরণ করে। এই সূত্র অনুযায়ী বিকাশ সারা দেহের ক্ষেত্রেই মাথা থেকে পায়ের দিকে প্রসারিত হয়। যার মানে হল বিকাশ গঠনমূলক ও কার্যমূলক উভয়ক্ষেত্রেই প্রথম শুরু হয় মস্তিষ্কের অঞ্চলে, তারপর ধরে এবং সবশেষ পায়ের অঞ্চলে।

(খ) বিকাশ প্রক্সিমডিস্টাল সূত্র (proximodistal law) : কাছ থেকে দূর— অনুসরণ করে। এই সূত্র অনুযায়ী বিকাশ দেহের কেন্দ্রীয় অঞ্চল থেকে প্রান্তের দিকে অগ্রসর হয়।

উদাহরণ—শিশু তার উর্দ্ধবাহু (Arm) ব্যবহার বাহুর (Hand) তুলনায় আগে করতে পারে এবং বাহুর (Hand) ব্যবহারে আঙুলের তুলনায় আগে করতে পারে।

৫. **বিকাশের ধারার নির্দিষ্ট বৈশিষ্ট্যাদি আছে** (The development pattern has specific characteristics.)

শিশুর বিকাশের গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যাদি হল নিম্নরূপ—

(ক) সকল শিশুর বিকাশের মধ্যে সাদৃশ্য আছে।

(খ) বিকাশ সাধারণ (General) থেকে নির্দিষ্ট (Specific) প্রতিক্রিয়ার দিকে এগোয়।

(গ) বিকাশ একটি অবিচ্ছিন্ন প্রক্রিয়া

(ঘ) বিভিন্ন স্থানের বিকাশের হাড় ভিন্ন হয়ে থাকে।

(ঙ) বৃদ্ধি ও বিকাশের মধ্যে পারস্পরিক সম্পর্ক আছে।

৬. **বিকাশের ব্যক্তিগত বৈষম্য থাকে** (There are individual differences in development)

শারীরিক ও মানসিক উভয় ক্ষেত্রে বিকাশের ব্যক্তিগত বৈষম্য দেখা যায়। বিকাশের ব্যক্তিগত বৈষম্য সম্পর্কে জ্ঞান থাকাটা বাস্তবিক ক্ষেত্রেও প্রয়োজনীয়। যেহেতু এর ফলে শিশুদের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণের গুরুত্ব নির্ধারণ করা যায়।

৭. **বিকাশের ধারার বিভিন্ন পর্যায় আছে** (There are periods in the developmental pattern)

বিকাশের গুরুত্বপূর্ণ পর্যায়গুলি হল জন্মের পূর্বের পর্যায়, প্রথম শৈশব (Infancy), বাল্যকাল, প্রাক্ শৈশব কাল, পরবর্তী শৈশবকাল এবং বয়ঃসন্ধিকাল। এই পর্যায়গুলিতে ভারসাম্য রক্ষা ও ভারসাম্যহীনতা— দুই প্রকার সময়েরই আবির্ভাব ঘটে থাকে।

৮. **বিকাশের প্রত্যেক পর্যায়ে উপনীত হওয়ার মতো বিকাশমুলক কাজ আছে** (There are developmental tasks to be reached for every developmental period)

বিকাশমূলক কাজগুলি অভিভাবক ও শিক্ষক-শিক্ষিকাদের জানতে সাহায্য করে কোন বয়সে শিশুরা বিভিন্ন বিকাশমুলক পর্যায়গুলিতে দক্ষ হয়ে উঠবে।

৯. **বিকাশের প্রতিটি ক্ষেত্রে সম্ভাব্য ঝুঁকি আছে** (Every area of development has potential hazards)

প্রত্যেক ধাপেই কোন না কোন ক্ষেত্রে ঝুঁকি থাকার সম্ভাবনা আছে। যা শিশুর স্বাভাবিক বিকাশের ধারাকে বাধা দেয়। যেমন—শারীরিক বা মানসিক ঝুঁকি বিকাশের ধারাকে বাধা দিতে পারে বা পরিবর্তন ঘটাতে পারে।

১০. **বিকাশের বিভিন্ন ধাপে আনন্দের তারতম্য ঘটে** (Happiness varies at different stages in the developmental period)

সাধারণত জীবনের প্রথম তিন বছর হল সবচেয়ে আনন্দের এবং যৌবনাগম হল সবচেয়ে নিরানন্দের সময়। শৈশবকালে আনন্দকে তিনটি 'এ' A দ্বারা প্রকাশ করা হয় যা হল গ্রহণযোগ্যতা (Acceptance), অনুরাগ (Affection) ও অর্জন করা (Achievement), শৈশবকালের প্রথম দিকের আনন্দের গভীর প্রভাব থাকে শিশুর পরবর্তী জীবনের—মানানশীলতা (Adjustment) ও সাফল্যের (Success) ক্ষেত্রে।

১.৪ বিকাশের ক্ষেত্রসমূহ (Areas of Development)

যদিও শিশুর বৃদ্ধি ও বিকাশ হল সার্বিক স্বতঃস্ফূর্ত ও অবিচ্ছিন্ন প্রক্রিয়া, তথাপি আরো ভালোভাবে বোঝার জন্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিকে চিহ্নিত করা হয়। এই সকল ক্ষেত্রেই মানসিক প্রতিবন্ধী শিশুদের বিকাশের হার স্বল্প হয়ে থাকে ও দেরীতে হয়। স্বাভাবিক বিকাশ সম্পর্কে যথাযথ জ্ঞান থাকলে শিক্ষক/শিক্ষিকা তা প্রয়োগ করতে পারেন যখনই কোন বিচ্যুতি/ দেরী দেখা যায়। নিম্নলিখিত ক্ষেত্রগুলির স্বাভাবিক বিকাশ বর্ণনা করা হল—

* শক্তি কেন্দ্রের (মোটর) বিকাশ।
* ভাষার বিকাশ।
* জ্ঞানের বিকাশ।
* আবেগের বিকাশ।
* সামাজিক বিকাশ।
* ক্রীড়া-শৈলীর বিকাশ।

১.৪.১ শক্তিকেন্দ্রের বিকাশ (Motor Development)

শিশুর শারীরিক বিকাশ কিভাবে হয় তা জানা খুবই প্রয়োজনীয়। কারণ শারীরিক বিকাশ শিশুর আচরণকে সরাসরি প্রভাবিত করে তারা কি পারে তা নির্ধারণের মাধ্যমে এবং পরোক্ষভাবে তাদের নিজের ও অন্যের প্রতি মনোভাবকে প্রভাবিত করে। শারীরিক বিকাশ দেহের আয়তন ও অনুপাতের পরিবর্তনকে অন্তর্ভুক্ত করে যা উচ্চতা ও ওজনের পরিপ্রেক্ষিতে মাপা যায়। শারীরিক বিকাশের মধ্যে হাড়ের বৃদ্ধি, স্থূল পেশী, দাঁত, বয়ঃসন্ধিকালীন পরিবর্তনের প্রাথমিক ও গৌণ বৈশিষ্ট্য এবং স্নায়ুগত বিকাশ সবকিছুকে বোঝায়।

শক্তিকেন্দ্রের বিকাশ মানে স্নায়ু ও পেশীর দ্বারা দেহের সঞ্চালন নিয়ন্ত্রণ করার ক্ষমতাকে বোঝায়। শিশু তার বৃদ্ধির সাথে সাথে স্থূল পেশী সঞ্চালনের (Gross motor movements) ক্ষমতা বিকশিত করে। যা বৃহৎ পেশীগুলিকে অন্তর্ভুক্ত করে। যেমন— বসা, দাঁড়ানো, হাঁটা, লাফানো ইত্যাদি।

পরবর্তীকালে শিশু সূক্ষ্ম পেশী সঞ্চালন আয়ত্ত্ব করে যা অপেক্ষাকৃত ক্ষুদ্র পেশীগুলিকে অন্তর্ভুক্ত করে। যেমন— যেসব পেশী জিনিসকে ধরার জন্য, ছুঁচে সুতো পড়ানোর জন্য ইত্যাদিকে ব্যবহৃত হয়। শক্তিকেন্দ্রের সঞ্চালনের ওপর নিয়ন্ত্রণের ক্ষমতা বিকশিত হলে শিশুর সুস্বাস্থ্য বজায় থাকে। এটি শিশুকে পরিবেশের সঙ্গে মানাতে সাহায্য করে এবং শিশুর মধ্যে শারীরিক নিরাপত্তা ও স্বাধীনতার ভাব জাগ্রত করে।

শক্তিকেন্দ্রের বিকাশের নীতি (Principles of motor development) **:** প্রথম শৈশবের শিশুর ও বাড়ন্ত শিশুর সতর্ক পর্যবেক্ষণ করে তাদের শক্তিকেন্দ্রের বিকাশের নির্দিষ্ট সূত্র পাওয়া গেছে। শক্তিকেন্দ্রের বিকাশ কিছু নীতি অনুসরণ করে। সেগুলি নিম্নরূপ :

(ক) শক্তিকেন্দ্রের বিকাশ স্নায়ু ও পেশীর পরিনমণের উপর নির্ভরশীল (Motor development depends on neural and muscular maturation) : জন্মের সময়ে স্নায়ুতন্ত্রের নিম্নকেন্দ্রগুলি (Lower centers) উচ্চকেন্দ্র (Higher centre) যা হল মস্তিষ্ক (Brain) এর তুলনায় অধিক বিকশিত থাকে। তাই শিশুর

মধ্যে সেই সময় শুধুমাত্র প্রতিবর্তমূলক আচরণ দেখা যায় যেহেতু সেগুলি সুষুম্নাকাণ্ডের (spinal cord) কেন্দ্র দ্বারা নিয়ন্ত্রিত হয়। সূক্ষ্ম সমন্বয়মূলক এবং দক্ষতাসম্পন্ন গতিবিধি নিয়ন্ত্রণ করে থাকে লঘু মস্তিষ্ক ও সম্মুখভাগের কেন্দ্রগুলি (frontal lobe) শিশুর পেশীর কাজকর্ম বিকশিত না হলে দক্ষতাসম্পন্ন গতিবিধি গঠিত হতে পারে না।

(খ) শিশুর পরিনমণের দিক থেকে তৈরী না থাকলে দক্ষতার শিখন সম্ভব নয় (Learning of skill cannot occur until the child is maturationally ready) : সেই সকল কাজ শেখানোর প্রয়াস যার জন্য শিশু পরিনমনগত দিক থেকে তৈরী নয় শুধুমাত্র বৃথা চেষ্টাই হয়ে থাকে। দীর্ঘ প্রশিক্ষণ দ্বারা সাময়িক লাভ কখনো হলেও তা দীর্ঘস্থায়ী হয় না।

(গ) শক্তিকেন্দ্রের বিকাশের ধারাকে অনুধাবন করা যায় (Motor development follows predictable patterns) : যেহেতু বিকাশ সেফ্যালোকডাল ও প্রক্সিমডিস্টাল (Proximodistal) সূত্রের উপর নির্ভরশীল, শিশু তাই প্রথমে অন্যান্য জায়গার আগে তার চোখের গতিবিধি ও গলার গতিবিধির উপর নিয়ন্ত্রণ পেয়ে থাকে। ঠিক যেমন কেন্দ্রিয় অক্ষের স্থানগুলি যেমন পাশ ফেরা এবং বসার উপর নিয়ন্ত্রণ আগে হয় উচ্চবাহু, বাহু ও আঙুলের তুলনায়। এইগুলি শেখা হয়ে গেলে শিশু তার পা ও পায়ের পাতা ব্যবহার করতে শেখে।

(ঘ) শক্তিকেন্দ্রের বিকাশের ক্ষেত্রে আদর্শ নিয়ম প্রতিষ্ঠা করা সম্ভব নয় (It is possible to establish the norms for motors development) : শিশু বসা, দাঁড়ানো, হাঁটা, লাফানো, জিনিস তোলা ইত্যাদির গড় বয়স নির্ধারণ করে তার শক্তিকেন্দ্রের বিকাশের ক্ষেত্রে আদর্শ নিয়ম (Norm) প্রতিষ্ঠা করা সম্ভব নয়। তবে এগুলি লক্ষ্য করে এটা নির্ধারণ করা সম্ভব যে শিশুর বিকাশ তার বয়সের উপযুক্ত, কম না বেশী।

(ঙ) বিকাশের ব্যক্তিগত বৈষম্য থাকে (There are Individual differences in development) : বৌদ্ধিক স্তর ভ্রূণের গতিবিধি, পুষ্টিকর খাদ্য, প্রসব যন্ত্রণা, যথাসময়ের পূর্বে জন্ম, শারীরিক অক্ষমতা, অভিভাবকের অতিরিক্ত যত্ন, শিখনের সুযোগ ইত্যাদি শক্তিকেন্দ্রের বিকাশের হারকে প্রভাবিত করতে পারে।

শক্তিকেন্দ্রের বিকাশের ক্রমান্বয় (Sequence of motor development)

- সামাজিক হাসি (মায়ের হাসির প্রতিক্রিয়া স্বরূপ) : ৩ মাস
- আঙুল চোষা : ১ মাস
- ধরলে মাথা উপর দিকে তোলার চেষ্টা
  - — উপুড় হয়ে শোয়া অবস্থায় : ১ মাস
  - — চিৎ হয়ে, শোয়া অবস্থায় : ৪ মাস
- ঘোরা :
  - — পাশ থেকে পিছনে : ২ মাস
  - — পিছন থেকে পাশে : ৪ মাস
- বসা সম্পূর্ণ
  - — টেনে বসার ভঙ্গিতে বসানো : ৬ মাস
  - — অবলম্বনের সাহায্যে : ৫ মাস
  - — অবলম্বন ছাড়া : ৯ মাস

- নিষ্কাশন (Elimination)
  - — মলাশয় নিয়ন্ত্রণ : ২ বছর
  - — মূত্রাশয় নিয়ন্ত্রণ : ২-৪ বছর
- পৌঁছানো ও আঁকড়ানো : ৪ মাস
- আঁকড়ানো ও ধরা : ৫ মাস
- অবলম্বনের সাহায্যে দাঁড়ানো : ৮ মাস
- অবলম্বন ছাড়া দাঁড়ানো : ১১ মাস
- অবলম্বনের সাহায্যে হাঁটা : ১১ মাস
- অবলম্বন ছাড়া হাঁটা : ১২ মাস

শক্তিকেন্দ্রের বিকাশের ঝুঁকি ((Hazards in motor development) :

(ক) শক্তিকেন্দ্রের বিকাশের দেরী (Delayed motor development) : জন্মের পূর্ব, জন্মকালীন ও জন্মের পরবর্তী ব্যাপারগুলি শক্তিকেন্দ্রের বিকাশে দেরী করাতে পারে।

(খ) অবাস্তব আকাঙ্ক্ষা (Unrealistic expectation) : প্রত্যেক শিশুর নিজস্ব সীমাবদ্ধতা আছে। যদি শিক্ষক-শিক্ষিকা, অভিভাবক বা শিশু নিজেই তার সামর্থ্যের থেকে বেশী আকাঙ্ক্ষা করে তাহলে সে (শিশু) যথাযথভাবে কাজটি করতে ব্যর্থ হয়। বারবার ব্যর্থতা আসলে শিশুর মধ্যে অযোগ্যতার মনোভাব তৈরী হতে পারে। তখন শিশু যে কাজ পারে তা করতেও প্রয়াস হয় না।

(গ) গুরুত্বপূর্ণ কাজ শিখতে ব্যর্থ/দক্ষতা অর্জনে ব্যর্থ (Failure to learn important skills) : যদি শিশু গুরুত্বপূর্ণ কাজ শিখতে ব্যর্থ হয় তাহলে তার সামাজিক মানানশীলতার ক্ষেত্রে বহুবিধ সমস্যা দেখা যায়।

১.৪.২ ভাষার বিকাশ (Language development) :

ভাষার গ্রহণমূলক ও প্রকাশমূলক দিক আছে। যদি ভাষার গ্রহণমূলক দিকটির ক্ষমতা সীমিত হয়, তাহলে প্রকাশমূলক দিকের বিকাশও প্রভাবিত হয়। বাচনক্ষমতা (Speech) হল ভাষার প্রকাশমূলক দিকের একটি মাধ্যম। এই মাধ্যমটিই হল আমাদের চিন্তন ও অনুভূতি প্রকাশের সবচেয়ে কার্যকরী ও বহুল ব্যবহৃত মাধ্যম। বাচনক্ষমতাকে আদানপ্রদানের (Communication) একটি কার্যকরী মাধ্যম হিসাবে ব্যবহার করার জন্য বক্তাকে অন্যের বোধগম্য হবার মতো শব্দ ব্যবহার করতে হবে। বাচনক্ষমতার শিখনের জন্য তিনটি প্রধান কাজ করা দরকার—

১. শব্দাবলী তৈরী করা

২. শব্দ উচ্চারণ করতে শেখে

৩. শব্দ দিয়ে ব্যাকরণগত সঠিক বাক্য তৈরী করা

ভাষা শিশুর ব্যক্তিগত ও সামাজিক সমন্বয় সাধনের উপর প্রভাব বিস্তার করে কারণ এর দ্বারা শিশু তার চাহিদা ও ইচ্ছা চরিতার্থ করতে পারে।

শিশুর কথা বলা শেখার আগে চারটি মাধ্যম দ্বারা সে যোগাযোগ সাধন করতে পারে।

১. কাঁদা

২. অঙ্গভঙ্গী

৩. কল্‌কল্‌ করা (আধো-আধোভাবে বলা)

৪. আবেগমূলক প্রকাশ

কথা বলা শেখা যায়— (ক) প্রচেষ্টা ও ভুলের মাধ্যমে, (খ) অনুকরণের মাধ্যমে, (গ) প্রশিক্ষণ বা শিক্ষার মাধ্যমে কথা বলতে শেখার জন্য ৬টি গুরুত্বপূর্ণ বিষয় আছে।

১. মানসিক প্রস্তুতি

২. শারীরিক প্রস্তুতি

৩. অনুকরণের ভালো প্রতিকৃতি (Model)

৪. অনুশীলনের সুযোগ

৫. প্রেষণা ও

৬. নির্দেশনা

যে সকল শিশুর কথা বলতে অসুবিধা আছে তাদের ক্ষেত্রে অঙ্গভঙ্গীর দ্বারা বোঝাতে উৎসাহ দিতে হবে।

ভাষার বিকাশের সঙ্গে যুক্ত বিষয়সমূহ (Factors associated with language development)।

১. **স্বাস্থ্য (Heath)** : যেসব শিশু গুরুতর শারীরিক অসুস্থতায় ভোগে বিশেষত যাতে মস্তিষ্ক— প্রভাবিত হয় তাদের কথা বলার ক্ষেত্রে অসুবিধা দেখা দিতে পারে।

২. **বৌদ্ধিক স্তর (Intellectual level) :** অধিক বুদ্ধিসম্পন্ন শিশুরা অন্যদের তুলনায় আগে কথা বলায় দক্ষতা অর্জন করে। মানসিক প্রতিবন্ধীদের কথা বলার ক্ষমতা বিকশিত হতে দেরী হয়। কারণ ভাষার বিকাশ সরাসরি জ্ঞানের বিকাশের সঙ্গে যুক্ত।

৩. **পরিবার (Family) :** একটি স্বাস্থ্যকর উদ্দীপনাদায়ক ও আনন্দদায়ক পরিবেশ ভাষার বিকাশের সুবিধা করে।

SESMO2 Block-3, unit-3 (এস. ই. এস. এম ০২ পর্ব-৩ একক-৩)-এ বাকশক্তি ও ভাষার বিকাশ ও তাদের মানসিক প্রতিবন্ধকতার উপর প্রভাব সম্পর্কে আরো বিস্তরভাবে বলা আছে।

১.৪.৩ জ্ঞানের বিকাশ (Cognitive development)

জ্ঞান (Cognition) সেই সকল মানসিক প্রক্রিয়াকে অন্তর্ভুক্ত করে যা আমরা কাজে লাগিয়ে থাকি। নতুন কোন তথ্য শিখতে, বুঝতে, গঠন করতে, জমা করতে ও ব্যবহার করতে। এই কাজগুলি করার জন্য প্রত্যক্ষণ, কল্পনা, যুক্তি ও বিচারের ক্ষমতার প্রয়োজন।

একক ও সার্বিক পরিমাপ যা ব্যক্তির জ্ঞানের বিকাশের সাধারণ স্তরকে বোঝায় তাকে বলে বুদ্ধি। মস্তিষ্কের স্নায়ুর গঠনই বৌদ্ধিক বিকাশের বিষয়গুলি নির্ধারণ করে। মানসিক বৃদ্ধি (mental growth) হল ব্যবহারের ধরনকে (pattern) উপযুক্ত করার গঠনমূলক প্রক্রিয়া যা ব্যক্তিকে মানসিক পরিনমনের স্তরে পৌঁছে দেয়।

শিশুর বৌদ্ধিক বিকাশের উপর জিয়ান পিয়াজ (Jean piaget) (1896–1980), একজন সুইস (Swiss) মনোবৈজ্ঞানিক এর যে পর্যবেক্ষণমূলক কাজ সেটা এই ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ সূচক হিসাবে বিবেচনা করা হয়। পিঁয়াজের তত্ত্বটি প্রথম শৈশব থেকে বয়ঃসন্ধিকাল পর্যন্ত সকল বয়সের কথাই মাথায় রেখে করা হয়েছে। এই তত্ত্ব অনুযায়ী শিশু বিভিন্ন বয়সে বিভিন্নভাবে চিন্তা করে এবং শেখে। পিয়াজের বৌদ্ধিক বিকাশের তত্ত্ব নিম্নলিখিত অনুমানের উপর নির্ভরশীল।

(১) জ্ঞানের বিকাশ হল শিশুর সক্রিয় ও ঐচ্ছিক অনুসন্ধানের ফল। পরিবেশের সঙ্গে শিশুর আদানপ্রদান জ্ঞানের বিকাশের জন্য একটি অবশ্যম্ভাবী শর্ত।

(২) পিঁয়াজের তত্ত্ব হল একটি স্তরভিত্তিক তত্ত্ব। বিভিন্ন স্তরে বয়সের ভিন্নতার জন্য কেবলমাত্র পরিমাণগত পরিবর্তনই হয় না। প্রয়োজনীয় গুণগত পরিবর্তনও হয়ে থাকে।

(৩) প্রত্যেক স্তরের সকল বিকাশের মধ্যে সম্পর্ক আছে। প্রত্যেক স্তরের জ্ঞানের বিকাশ নির্ভর করে পূর্ববর্তী স্তরের/স্তরগুলির পর্যাপ্ততার (competance) উপর। পিঁয়াজের মতে সকল বৌদ্ধিক বিকাশের মূলেই কিছু প্রক্রিয়া আছে। যা জ্ঞানের পরিবর্তনগুলির ধারণ করার ভিত্তি হিসাবে কাজ করে। সেগুলি হল—

(১) সাদৃশ্যতা (Assimilation)

(২) সমন্বয়সাধন (Accommodation)

(৩) ভারসাম্য রক্ষা (Equilibrium)

সাদৃশ্যতা ও সমন্বয় সাধনের প্রক্রিয়া দ্বারা তথ্য সংগৃহীত হয় যা পরবর্তীকালীন বিকাশের পথে মানসিক গঠনটির (Schemata) পরিবর্তন ঘটায়। বিকাশের পথে একটি প্রধান তাগিদ/প্রেষণা 'থাকা'-এর ফলস্বরূপ ভারসাম্য রক্ষা হয়ে থাকে। মানসিক গঠনটি একটি স্তর থেকে অন্য স্তরে পাল্টে যায়। বৌদ্ধিক বিকাশের ওপর নির্ভর করে পিঁয়াজ চারটি বৌদ্ধিক বিকাশের স্তর চিহ্নিত করেছেন—

(১) সংবেদন ও সঞ্চালনমূলক সমন্বয় স্তর (Sensory Motor stage)

(২) প্রাক ক্রিয়াগত স্তর (Pre operational stage)

(৩) বাস্তব সক্রিয়তার স্তর (Concrete operational statge)

(৪) নিয়মতান্ত্রিক সক্রিয়তার স্তর (Formal operational stage)

(১) সংবেদন ও সঞ্চালনমূলক সমন্বয় স্তর (০ থেকে ২ বছর) The sensory motor stage [0 to 2 Years) : প্রথম শৈশবে (Infancy) চিন্তন অপেক্ষা সংবেদন ও সঞ্চালনমূলক কাজের উপরই জ্ঞান প্রধানত নির্ভরশীল। সদ্যজাত শিশুর আচরণের প্রকৃতি প্রধানতঃ প্রতিবর্ত ক্রিয়া নির্ভর— চোষা, ধরা, ইত্যাদি। এই প্রাথমিক উদ্দেশ্য বিহীন কর্ম থেকেই শিশু ধীরে ধীরে সামঞ্জস্যপূর্ণ ও উদ্দেশ্যমূলক কাজ করতে শেখে। 'সংবেদন' ও 'সঞ্চালক-মূলক' শব্দ দুটি ব্যবহার করা হয়। এটা বোঝাতে যে শিশুরা প্রথম শেখে সংবেদনজাত পর্যবেক্ষণের দ্বারা এবং তারা তাদের সঞ্চালনমূলক কাজকর্মকে নিয়ন্ত্রণ করতে শেখে তাদের কর্ম অনুসন্ধান ও পরিবেশকে বোঝার

মাধ্যমে। প্রথম শিশু শেখে/জ্ঞান অর্জন করে কোনো জিনিসের কিছু ক্রিয়া করতে গিয়ে যেমন একটা খেলনাকে ঠেলে নিয়ে যাওয়া এবং তার নড়াচড়া লক্ষ্য করা। এতে একটি মানসিক প্রতিনিধিত্ব থাকে বলে সংবেদনজাত সঞ্চালনমূলক ছাপ (sensory motor scheme) তৈরী হয়। এই সেনসরি-মোটর স্কিমার একজন শিশুকে সাহায্য করে পরবর্তী একই রকম কাজকর্মগুলিকে এবং লক্ষ্যে পৌঁছাতে, পিঁয়াজের কথা মত এই স্তরের শেষের দিকে শিশুর 'object performance'/জিনিসের স্থায়িত্ব বা 'object constancy/জিনিসের 'স্থিরতা' সম্পর্কে ধারণা গড়ে ওঠে। উদাহরণ একটি শিশু একটি খেলনা যখন খুঁজতে থাকে তখন পর্দা দিয়ে কোনোভাবে তা আড়াল করা হলেও, শিশু এই স্তরে না পৌঁছালে কোনো খেলনা লুকিয়ে রাখলে তা খুঁজবে না। এই জ্ঞানটি তার মধ্যে বিকশিত হয়, যার থেকে দশমাস বয়সের মধ্যে।

(২) প্রাকক্রিয়াগত স্তর- (২ থেকে ৭ বছর) (Pre-operational stage [2 to 7 years] : এই স্তরটিকে প্রাকক্রিয়াগত স্তর বলা হয় কারণ এই সময় শিশু ক্রিয়া করার মত বা মানসিক রূপান্তর/পরিবর্তন করার ক্ষমতা অর্জন করে না—এটি একটি স্তর যেখানে ক্রিয়া করার উপযুক্ত যুক্তিশক্তি গঠনের জন্য প্রাথমিক প্রয়োজনীয় শর্তগুলি তৈরী হয়। এই সময়ে শিশু সিমবল/প্রতীক ও ভাষার ব্যবহার পূর্বস্তর অপেক্ষা অনেক বিস্তৃতভাবে করে থাকে। এই প্রতীকের ব্যবহার নিখুঁতভাবে হয়ে থাকে ব্যক্তি ও ঘটনার দেরীতে অনুকরণের মাধ্যমে। এমনকি একটি কাজ একদিন পূর্বে ঘটে থাকলেও শিশু সেটি অনুসরণ করতে পারে। একটি খেলনা বাবা, মা, জন্তু ইত্যাদির প্রতীক স্বরূপ ব্যবহার করা হতে পারে— যা পরবর্তী উচ্চস্তরগুলির সমস্যা সমাধানের প্রধান ভিত্তি গঠন করে। এই সময়ে শিশুরা আত্মকেন্দ্রিক হয়ে থাকে। তারা এই সময় নিজেকে জগতের কেন্দ্রবিন্দু হিসাবে বিবেচনা করে। তাদের দৃষ্টিভঙ্গি হল স্বল্পবিস্তৃত যেহেতু তারা অন্যের ভূমিকা পালন করতে পারে না। এইসময় তারা অন্যের জন্য তাদের আচরণ পরিবর্তন করতে অক্ষম।

(৩) বাস্তব সক্রিয়তার স্তর (৭ থেকে ১১ বছর) Concrete operational stage [7 to 11 years] : এইসময় শিশু বাস্তব, প্রকৃত ও প্রত্যক্ষ মূলক জগৎকে ও ঘটনাকে বুঝতে শেখে। তাদের 'আত্মকেন্দ্রিক' চিন্তাভাবনাটি পরিবর্তিত হয় বাস্তব সক্রিয়তার চিন্তনের মাধ্যমে, যার ফলে তারা বিভিন্ন ধরনের তথ্য সংগ্রহ করতে পারে ও কাজে লাগাতে পারে। পিঁয়াজ এটিকে বলেছেন কেন্দ্র বিমুখীকরণের ক্ষমতা, এই স্তরের চিন্তনের ক্ষমতার মাধ্যমে শিশু বিভিন্ন বিষয়কে অন্যের দৃষ্টিভঙ্গি দিয়েও দেখতে সক্ষম হয়। এইসময়ে শিশু কিছু প্রাথমিক যুক্তিও বুঝতে শেখে। (যেটা পিয়াজ বলেছেন "groupings"/"দলবদ্ধতা") শিশু স্বতঃস্ফূর্তভাবেই কোন জিনিসের বিভিন্ন দিককে বুঝতে শেখে। সংরক্ষণ হল অন্যতম ক্ষমতা যার দ্বারা শিশু বুঝতে শেখে সে যদিও জিনিসের কিছু দিক পরিবর্তিত হয়েছে (যেমন—আকৃতি, আকার) জিনিসটি অন্য কোন দিক থেকে একই রয়েছে (যেমন পরিমাণ অথবা ওজন) যেমন— এক গ্লাস জলের পরিমাণ একই থাকে তাকে অন্য কোন চেষ্টা পাত্রে ঢালা হলেও। অনুরূপভাবে জিনিস (যেমন— মার্বেল) যদি পরপর এক লাইনে সাজান হয় যা একসাথে জড়ো করা থাকে— সংখ্যায় তারা একই থাকে।

উল্টাকরণ/ঘুরিয়ে দেওয়া হল অন্যতম ক্ষমতা যা এই স্তরে শিশুর মধ্যে বিকশিত হয়। এটি হল দুটি জিনিসের মধ্যে পারস্পরিক সম্পর্ক বোঝার ক্ষমতা, এটা বোঝা যে একটি জিনিস অন্য জিনিসে পরিবর্তিত হতে পারে এবং পুনরায় ফিরেও আসতে পারে যেমন— বরফ ও জল এই ব্যাপারগুলি আরও বিস্তৃতভাবে বোঝার ক্ষমতা তৈরী হয় নিয়মতান্ত্রিক সক্রিয়তার স্তরে।

(৪) নিয়মতান্ত্রিক সক্রিয়তার স্তর (১১ থেকে ১৫ বছর) The formal operational stage [11-15 years] : এই স্তরটি হল বৌদ্ধিক বিকাশের সর্বোচ্চ স্তর। এই স্তরটিতে পৌঁছানোর জন্য পূর্ববর্তী জ্ঞানমূলক বিকাশের স্তরগুলিতে দক্ষতা অর্জন করা প্রয়োজন। এই স্তরের বৈশিষ্ট্য— নির্ধারিত হয় কিশোর/কিশোরীদের বিমূর্তভাবে চিন্তা করার ক্ষমতা, অনুমানের ভিত্তিতে হেতু/যুক্তি গঠনের ক্ষমতা, এবং কলিগত বিষয়/বস্তু বর্ণনা করার ক্ষমতা দ্বারা। এই সময়ে একজনের চিন্তনের প্রক্রিয়াটি হয় নিয়মতান্ত্রিক, যুক্তি নির্ভর, সুসংবদ্ধ ও প্রতীকমূলক প্রকৃতির। এইসময় একজন একটি ঘটনার বহুবিধ কারণ চিন্তা করতে পারে (মানে একটি ফলের জন্য বিভিন্ন কারণ থাকতে পারে। পিঁয়াজের মতে সকল কিশোর/কিশোরী একই সময়ে একই মাত্রায় এই স্তরে প্রবেশ করে না। কেউ কেউ এই স্তরে কখনোই প্রবেশ না করতে পারে এবং পূর্ববর্তী নিম্নস্তরে সারাজীবন থেকে যেতে পারে।

১.৪.৪ আবেগের বিকাশ (Emotional development)

আবেগ হল ব্যক্তির একটা **জাগ্রত অবস্থা** যাতে সচেতন আন্তরযন্ত্রীয় ও ব্যবহারিক পরিবর্তন হয়। এটি সাধারণ অনুভূতির চেয়ে অনেক তীব্র এবং ব্যক্তিকে অন্তর্ভুক্ত করে সম্পূর্ণভাবে। (অনুভূতি হল সচেতন অভিজ্ঞতা যা জাগ্রত হয় বাইরের উদ্দীপক দ্বারা বা বিভিন্ন শারীরিক অবস্থা দ্বারা, উদাহরণ (একটি ফুলের গন্ধ শোঁকার সুখকর অনুভূতি)।

আবেগজাত অবস্থা হল একটি জটিল প্রতিক্রিয়া যা উচ্চস্তরের সক্রিয়তা ও আন্তরযন্ত্রীয় পরিবর্তনকে অন্তর্ভুক্ত করে এবং যা দৃঢ় অনুভূতি বা অনুভূতিপ্রবণ অবস্থার সঙ্গে যুক্ত থাকে। আবেগ স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্রের নিয়ন্ত্রণের অন্তর্ভুক্ত যেটি হল অপেক্ষাকৃত স্বনির্ভর ঐচ্ছিক নিয়ন্ত্রণের মাধ্যমে।

সকলপ্রকার আবেগই শিশুর জীবনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। প্রত্যেক শিশুই জন্মায় সুখকর/আনন্দদায়ক ও দুঃখদায়ক উভয়প্রকার আবেগের ক্ষমতা নিয়ে। এমনকি প্রথম শৈশবেও শিশুর আবেগ প্রবণভাবে প্রতিক্রিয়া করার ক্ষমতা থাকে। সদ্যজাত শিশুর মধ্যে—আবেগপ্রবণ আচরণের প্রথম চিহ্ন হল তীব্র উদ্দীপনার দরুন তার ''সার্বিক উত্তেজনা''। যদিও প্রথম শৈশবে পরবর্তী স্বল্প কয়েক মাসে শিশুর আবেগজাত অবস্থাটি খুব স্পষ্ট হয় না এবং খুব বেশি বিস্তৃত/ছড়ান মনে হয়। বয়সের সাথে সাথে আবেগজাত প্রতিক্রিয়াগুলি আস্তে আস্তে কম বিস্তৃত হতে থাকে এবং কম এলোমেলো হতে থাকে। উদাহরণ—প্রথমে শিশু অসন্তোষ প্রকাশ করত চেঁচিয়ে/ কেঁদে কিন্তু পরে তার প্রতিক্রিয়া হয় বাধা দেওয়া, জিনিস ফেলা, দেহ শক্ত করা ইত্যাদি। শিশু বড়ো হবার সাথে সাথে ভাষামূলক প্রতিক্রিয়া বাড়ে ও সঞ্চালনমূলক প্রতিক্রিয়া কমে বিশেষত ভয় ও রাগের ক্ষেত্রে।

আবেগের বিকাশে যে সকল বিষয় প্রভাব বিস্তার করে –(Factors affecting the development of emotions)

(১) পরিনমণ ও শিখন (Maturation and learning) : পরিপক্ক/পূর্ণতা প্রাপ্ত আবেগজাত আচরণের জন্য মস্তিষ্কের সম্মুখের অংশ (frontal lobe) দায়ী। এন্ডোক্রিন গ্রন্থির (Endocrine gland) বিকাশও অনুরূপভাবে প্রয়োজনীয় পরিপক্ক/পূর্ণতাপ্রাপ্ত মানের আবেগজাত আচরণের জন্য। শিশু অনুকরণের দ্বারা আবেগের প্রকাশ করতে শেখে। কিছু আবেগজাত প্রতিক্রিয়া অর্জিত হয় শর্তনিরপেক্ষ (Unconditioned) ও শর্তাধীন (conditioned) উদ্দীপকের সঙ্গে জোটের মাধ্যমে (pairing)।

(২) বুদ্ধি (Intelligence) : বৌদ্ধিক বিকাশ শিশুকে উদ্দীপকটি প্রত্যক্ষণের ক্ষেত্রে ও যথাযথ প্রতিক্রিয়ার ক্ষেত্রে সাহায্য করে থাকে। বুদ্ধির বিকাশের সঙ্গে সঙ্গে শিশু বিভিন্ন তীব্রতার উদ্দীপকের মধ্যে পৃথকীকরণ করতে ও সেইমত আবেগ প্রকাশ করতে শেখে।

(৩) বয়স (Age) : শিশু বড়ো হবার সাথে সাথে তার আবেগ ভিন্নভাবে প্রকাশ করতে শেখে। কমবয়সে যখন শিশু রেগে যেত— যত তুচ্ছ কারণেই হোক না কেন সে শারীরিকভাবে আঘাত/আক্রমণ করতো কিন্তু বড়ো হবার সাথে সাথে সে রাগের কেবলমাত্র মৌখিক প্রকাশ করতে শেখে।

(৪) লিঙ্গ (Sex) : পর্যবেক্ষণ করে দেখা গেছে যে কিছু আবেগ যেমন রাগ, মেয়েদের চেয়ে ছেলেদের মধ্যে অনেক ঘন ঘন ও তীব্রভাবে প্রকাশিত হয়।

(৫) সংস্কৃতি (Culture) : বিভিন্ন সংস্কৃতিতে আবেগের প্রকাশের মধ্যে বিভিন্নতা দেখা যায়।

শৈশবকালীন আবেগের বৈশিষ্ট্য— (Characteristics of Childhood emotions) :

ব্যক্তিগত বৈষম্য থাকাটা হল স্বাভাবিক যার কারণ হল পরিনমণের স্তরের এবং শেখার সুযোগের বিভিন্নতা। তবুও শৈশবকালীন আবেগের কিছু চরিত্রগত বৈশিষ্ট্য আছে—

(১) শিশুদের আবেগের ক্ষণকালের জন্য স্থায়ী হয়।

(২) অধিকাংশ আবেগই তীব্রভাবে প্রকাশিত হয়। শিশু স্বল্প আবেগপ্রবণ—পরিস্থিতিতেও তীব্র প্রতিক্রিয়া দেখায়।

(৩) শিশুর—আবেগ হল স্বল্পস্থায়ী শিশু একধরনের আবেগ থেকে অন্য ধরনের আবেগে সহজেই চলে যেতে পারে, যেমন— হাসি থেকে রাগ।

(৪) শিশুর আবেগের প্রকাশের প্রকৃতি ভিন্ন হতে পারে।

উদাহরণস্বরূপ— একজন শিশু ভয় পেলে ঘরের বাইরে চলে যেতে পারে, অন্য একজন নিজেকে মায়ের পিছনে লুকিয়ে নিতে পারে, আবার অন্য কেউ দাঁড়িয়ে দাঁড়িয়ে কাঁদতে পারে।

(৫) আচরণ থেকেই আবেগ বোঝা যায়। শিশু তার আবেগকে এত স্পষ্টভাবে প্রকাশ করে যে সে রেগে আছে না ভয় পেয়েছে না আনন্দ পেয়েছে তা জানা খুব সহজ।

শৈশবকালীন সাধারণ আবেগের ধরড়গুলি হল—

জন্ম	:	সুখানুভব, বিস্ময়, বিরাগ/বিরক্তি, দুর্দশা (সার্বিক উত্তেজনা)
৬-৮ সপ্তাহ	:	আনন্দ/উল্লাস
৩-৪ মাস	:	রাগ
৮-৯ মাস	:	দুঃখ, ভয়
১২-১৮ মাস	:	কোমল অনুভূতি, লজ্জা (১৮ মাসে শুরু হয়)
২৪ মাস	:	গর্ব
৩-৪ বছর	:	অপরাধবোধ, ঈর্ষা
৫-৬ বছর	:	নিরাপত্তাহীনতা, অবমানিত অবস্থা, বিশ্বাস

শৈশবকালীন আবেগের মধ্যে ভয় এবং রাগ হল সবচেয়ে প্রধান। আবেগের সমতা রক্ষার জন্য আবেগের নিয়ন্ত্রণ করতে শেখা প্রয়োজন।

১.৪.৫ সামাজিক বিকাশ (Social development) :

সামাজিক বিকাশ হল সামাজিক চাহিদা অনুযায়ী আচরণ করার ক্ষমতার বিকাশ যা সামাজিক প্রত্যক্ষণ চিন্তন এবং অন্যান্য মানুষের ব্যাপারে।

নিজের ক্ষেত্রে এবং সামাজিক সম্পর্কের ক্ষেত্রে যুক্তিশক্তিতে অন্তর্ভুক্ত করে। একে বলা হয় ''সামাজিক জ্ঞান'' কোনো নির্দিষ্ট সংস্কৃতির উপযুক্ত আচরণ, ভূমিকা ও মূল্যবোধ আহরণের প্রক্রিয়াকেই বলে সামাজিকীকরণ। সামাজিকীকরণ শিশুর জ্ঞানমূলক বিকাশ ও সামাজিক উদ্দীপনার উপর বিস্তরভাবে নির্ভরশীল।

প্রথমে শৈশবে শিশুর সামাজিক বিকাশ (Social development during infancy) : জন্মের ঠিক পরের সময়টাতে (০-২ বছর), একজন শিশু সামাজিক উদ্দীপকের প্রতি প্রায় অপ্রতিক্রিয়াশীল থাকে। প্রতিক্রিয়াগুলি হল প্রধানত প্রতিবর্তমূলক (Reflective) এবং উদ্দীপকের শারীরিক দিকের উপরই প্রতিফলিত হয়।

(উদাহরণ : আলো, শব্দ উপরের অনুভূতি/texture, স্বাদ অথবা গন্ধ) সামাজিক উদ্দীপক যেমন অন্যের হাসি, অঙ্গভঙ্গি, স্বর বা আগমনের কোনো মানে নেই। এইসকল আচরণগুলির মানে বোঝা সম্ভব হয় যন্ত্রণা pain ও আনন্দের (pleasure) সহিত দীর্ঘ সম্পর্ক গঠনের ফলে, মায়ের আসাটা অর্থপূর্ণ হয়ে ওঠে কারণ সেটা শিশুর চাহিদাপূরণের সঙ্গে সম্পর্কযুক্ত হয়ে যায়। তাই একটি ৩ মাসের বাচ্চাও মায়ের আসাতে আনন্দ প্রকাশ করে ও মায়ের অনুপস্থিতিতে কাঁদে। সে মায়ের গলার স্বর অন্যদের থেকে আলাদা করতে পারে। 'সামাজিক হাসি' ২-৩ মাসে দেখা দেয় যখন শিশু মায়ের হাসির বা মায়ের গলার স্বরের প্রতিক্রিয়াস্বরূপ নিজেও হাসে। মোটামুটি ৪ মাস বয়সে শিশু রোজকার জীবনে ও সিদ্ধান্ত গঠনে অনুমানমূলক বোঝাপড়া করতে পারে। শিশু বড়ো হবার সাথে সাথে তার পরিবেশের সঙ্গে উপযুক্তভাবে আদান-প্রদান করার সামাজিক সক্ষমতা তৈরী করে। যে পরিবেশের মধ্যে বাড়ি, পরিবার, প্রতিবেশী, বিদ্যালয় ও সর্বোপরি সমাজ অন্তর্ভুক্ত হয়ে থাকে। শিশু জন্ম থেকে বিভিন্ন পর্যায়ের মধ্য দিয়ে অগ্রসর হতে হতে যে অভিজ্ঞতা সঞ্চয় করে সেটাই তার মূল্যবোধ, বিশ্বাস ও মনোভাবকে প্রভাবিত করে যখন সে পরিণত হয়।

এরিক এরিকসন (Erik Erikson একজন সাইকো অ্যানালিস্ট (psychoanalyst) সামাজিক দিকের উপর জোর দিয়ে ব্যক্তির সামগ্রিক জীবনচক্রকে অন্তর্ভুক্ত করে মানব বিকাশের একটি তত্ত্ব গঠন করেন।

জীবন চক্রের আটটি স্তর হল—

স্তর ১ : প্রাথমিক আস্থা বনাম অনাস্থা (জন্ম থেকে ১ বছর)
(Basic first versus mistrust)

স্তর ২ : স্বায়ত্ত শাসন বনাম লজ্জা ও দ্বিধা (১-৩ বছর)
(Autonomy versus shame and Doubt)

স্তর ৩ : প্রবর্তক বনাম অপরাধবোধ (৩-৫ বছর)
(Initiative versus guilt)

স্তর ৪ : শ্রমশীলতা বনাম হীনমন্যতা (৬-১১)
(Industry versus Inferiority)

স্তর ৫ : ব্যক্তিগত পরিচয় বনাম ভূমিকা বিভাজন (১১ কৈশোরের শেষ পর্যন্ত)
(Identity versus role Diffusion)

স্তর ৬ : অন্তরঙ্গতা বনাম নিঃসঙ্গতা (২১-৪০ বছর)
(Intimacy versus Isolation)

স্তর ৭ : উৎপাদনশীলতা বনাম স্থিরতা (৪০-৬০ বছর)
(Generativity versus stagnation)

স্তর ৮ : সম্পূর্ণতা বনাম অসমতা (৬০ বছরের উর্ধ্বে)
(Integrity versus Dispair)

এই স্তরগুলি একক একাধিক অভ্যন্তরীণ ঘাটতি দ্বারা চিহ্নিত করা হয়, যাদেরকে আবর্তনের সন্ধিক্ষণ (Turning Points) হিসাবে বর্ণনা করা হয়। যদি একটি ঘাটতি সফলভাবে পূরণ করা যায়, ব্যক্তি তা হলে জোর পায়। যার দ্বারা সে পরবর্তী স্তরে যেতে পারে।

৬-৮ বছর বয়সে শিশুর সামাজিক পরিবেশ এলোমেলোভাবে বিস্তৃত থাকে। শিশুর জীবন বিদ্যালয়ের চারি ধারে ও সেখানকার কাজকর্মে কুক্ষিগত হয়। শিশু এই সময় মা-বাবা ছাড়াও অন্যান্য নির্ভরযোগ্য/বিশেষজ্ঞ ব্যক্তিদের সাহচর্য পেয়ে থাকে যারা তাকে পরিচালনা করতে চায়। এই সময় সঙ্গীরা খুব গুরুত্বপূর্ণ হয়ে ওঠে এবং দলের কাজকর্ম শিশুর আচরণ ও বুদ্ধিকে প্রভাবিত করতে শুরু করে। পরিবারের প্রভাব কমে যায়। যেহেতু বাইরের সামাজিকীকরণ প্রক্রিয়া প্রভাব বিস্তার করতে শুরু করে। শিশু এই সময় তার বন্ধু ও সঙ্গীদের দ্বারা ঘিরে থাকে। তাই তার সেইসব সামাজিক ও যোগাযোগকারী দক্ষতা অর্জন করা প্রয়োজনীয় হয়ে ওঠে যা তাকে সফল সম্পর্ক রক্ষা করতে সাহায্য করবে। অন্যদের সাথে সবসময় ভালো থাকতে শেখা প্রায়শই শক্ত হয়ে পড়ে এবং সামাজিক অভিজ্ঞতার ঘাটতি বা ভালো শেখার জন্য আদর্শ ব্যক্তির ঘাটতি (মা, বাবা বা অন্যান্য গ্রহণযোগ্য ব্যক্তি) প্রতিবন্ধকজনক হতে পারে।

৬ বছর বয়সে যখন শিশু বিদ্যালয়ে প্রবেশ করে, সে অনেক বেশী স্বনির্ভরশীল হয়ে পড়ে ও অনেক বেশী স্বতন্ত্র সিদ্ধান্ত গ্রহণ করে। ৮ বছর বয়সে সে একটি গুরুত্বপূর্ণ বিষয় আবিষ্কার করে— সে হঠাৎ করে বুঝতে পারে যে বড়োরাও ভুল করতে পারে এবং তারা সবকিছু জানে না এবং তাদেরকেও সমালোচনা করা যায়। এই জ্ঞান হল স্বায়ত্তশাসনের ক্ষেত্রে একটা বিশাল পদক্ষেপ। বৌদ্ধিক বিকাশের দরুণ ৯-১২ বছরের শিশু অনেক স্পষ্টভাবে বড়োদের ভুল বুঝতে পারে। তারা বড়োদের চিন্তা ও সিদ্ধান্তকে আপত্তি জানিয়ে থাকে যা তারা আদর্শ মেনে এসেছে। শীঘ্রই তারা বাবা-মা বা অন্যান্যদের নির্ধারিত মান/সীমাকে ত্যাগ করে বা প্রশ্ন করে। এই বৈশিষ্ট্যের মানে এই নয় যে শিশুরা শৃঙ্খলাবদ্ধ হচ্ছে এবং তাদের আচরণগত সমস্যা হচ্ছে। এর মানে এটা যে আগে তারা যেমন বিনা প্রশ্নে নির্ধারিত নিয়ম এবং মান বা সীমা মেনে নিত তা তারা এখন করতে রাজি নয়। এই সংঘর্ষ প্রকাশ্যে বা অপ্রকাশ্যে হতে পারে।

১.৪.৬ ক্রীড়াশৈলীর বিকাশ (Play development) :

'ক্রীড়া মানে যে কোন কাজ যা করাটা আনন্দদায়ক ফলাফলের কথা না ভেবেই। ক্রীড়া দু-প্রকারের হয়ে থাকে, স্বক্রিয় ও নিষ্ক্রিয় ক্রীড়া।

স্বক্রিয় ক্রীড়া (Active Play) : স্বক্রিয় ক্রিয়ায় ব্যক্তি যা করে তা থেকেই আনন্দ পায়, তা সেটা মজার জন্য দৌড় হতে পারে অথবা প্লাস্টিক বা মাটি থেকে কোনকিছু তৈরী করাও হতে পারে।

নিষ্ক্রিয় ক্রীড়া (Passive Play) : নিষ্ক্রিয় ক্রীড়ায় অন্যের কৃতকাজ থেকে আনন্দ পাওয়াকে বোঝায়। সাধারণ উদাহরণ হল ছবি দেখা, রেডিও বা গান শোনা, টিভি দেখা, সিনেমা দেখা ইত্যাদি।

ক্রীড়ার চারটি প্রধান বৈশিষ্ট্য

(১) ক্রীড়ার জন্য সহজাত প্রেষণা দেখা যায়। অর্থাৎ শিশু নিছক খেলার জন্যই খেলতে চায়।

(২) ক্রীড়া হল স্বতঃস্ফূর্ত এবং ঐচ্ছিক যা বল প্রয়োগ করা নয়, নির্বাচন দ্বারা সম্পন্ন হয়।

(৩) অধিকাংশ শিশুই যারা খেলায় অংশগ্রহণ করে তারা সক্রিয়ভাবেই অংশগ্রহণ করে এবং অল্প সংখ্যক কিছু শিশুর নিষ্ক্রি অংশগ্রহণ করে থাকে।

(৪) ক্রীড়া/খেলা আনন্দ দিয়ে থাকে।

জ্ঞানের ভাষার এবং সামাজিক ক্ষেত্রের বিকাশের সঙ্গে সঙ্গে খেলার প্রকৃতি ও ধরণ পাল্টে যায়।

জিয়ান পিঁয়াজের খেলাকে তিনটি ভাগে করেছেন —

(ক) সেনসরি-মোটর (Sensory Motor) খেলা যাকে কোনো একটি পেশী-সঞ্চালন যেমন—চাপড়ানো বা কোনো জিনিস বারবার নাড়ালে বারবার হয়ে থাকে।

(খ) সিম্বলিক (symbolic) /সাংকেতিক খেলা দেখানো কোনো একটি অনুপস্থিত বস্তুকে মনে রেখে অথবা অন্তর্ভুক্ত করে খেলা হয়।

(গ) নিয়মের সহিত সহযোগিতামূলক খেলা, কিছু চরিত্রগত বিষয় যা খেলার বিকাশের সঙ্গে যুক্ত তা হল—

(১) অনুসন্ধানমূলক খেলা— কোনো খেলনা মুখে দেওয়া (চাটা এবং চেবানো), কোনো খেলনা নাড়ানো এবং তাতে আঘাত করা। কোনো খেলনাকে বিভিন্ন দিকে ঘুরিয়ে ঘুরিয়ে পরীক্ষা করা, সেটাকে ফেলে দেওয়া, ছুঁড়ে দেওয়া এবং অনুভব করা, খেলাকে ঘষা।

(২) সম্পর্কযুক্ত খেলা— এই স্তরে শিশু দুটি বা তার বেশি জিনিসের মধ্যে সম্পর্কস্থাপন করে খেলতে পারে যেমন— একটি খেলনা জীপ গাড়ির উপর একটি পুতুল ও বল রাখা। এরই পরবর্তী পর্যায়ে শিশু বিভিন্ন জিনিসকে তাদের ব্যবহার অনুযায়ী দলভুক্ত করে খেলা করে, যেমন—চামচ, থালা ও গ্লাসকে একসাথে দলভুক্ত করে।

(৩) পৃথকীকরণ খেলা— এটি হল খেলার বিকাশের স্তরের তৃতীয় ধাপ। এই স্তরটিকে তিনটি ক্ষেত্রে ভাগ করা হয়।

(ক) দক্ষতামূলক খেলা, যেমন—নিখুঁত উপলব্ধি/আঁকড়িয়ে ধরা, একটি খণ্ডকে তার খাঁজের মধ্যে রাখা

(খ) ভান করার খেলা— চোখ বুজে ঘুমোতে যাবার ভান করা।

(গ) ধাঁধাঁ খেলা যেমন— ছবির ধাঁধা সমাধান করা অথবা জিনিসের আকার ও আকৃতি অনুযায়ী সাজান।

জীবনের প্রথম তিন বছরের খেলার বিকাশ নিম্নলিখিভাবে পর্যবেক্ষণ করা যায়—

(১) **পূর্বসাঙ্কেতিক খেলা (Presymbolic play) :** প্রথম দুই মাসের ভিতর শিশু সেইসকল দর্শনজনিত উদ্দীপকদেরই বেশী গ্রহণ করে যারা খুব বেশী/উচ্চহারে পরিবর্তন দেখায়। ধীরে ধীরে, শিশু বস্তুদের রঙ, আকার ও আকৃতি অনুযায়ী আলাদা করে। সাত মাস বয়সে শিশু তার স্টিরিওটাইপ খেলা (বস্তুদের নিয়ে একইভাবে খেলা তাদের নানাভাবে কাজে লাগানোর কথা না ভেবে) করার প্রকৃতি পাল্টায় ক্রিয়ামুলক খেলার মাধ্যমে। শিশুর আগ্রহ সেই সকল বস্তুদের উপর গিয়ে পড়ে যা নিজের ইচ্ছামতো কাজে লাগানো যায়। যেমন—আওয়াজ করে এমন বোতাম টেপা।

(২) **সাংকেতিক খেলার আগমন (Emergence of a symbolic play) :** এই স্তরের খেলার মধ্যে শিশুর চিন্তাশক্তির স্বচ্ছতায় ক্রমাগত বিকাশ দেখা যায়। শিশু এই সময়কার খেলাতে সাংকেতিক প্রকাশ দেখিতে থাকে।

এই সাংকেতিক খেলাগুলি অথবা ছলনামূলক অঙ্গাভঙ্গির আগমন হয় ১২ থেকে ১৮ মাসে। শিশু একের অধিক বস্তু নিয়ে খেলতে চায়।

(৩) **সাংকেতি খেলার সম্প্রসারণ (Elaboration of Symbolic Play) :** এই স্তরে সাংকেতিক বস্তুগুলির মাধ্যমে ছলনামূলক/ভানমূলক অঙ্গাভঙ্গির স্থান পরিবর্তন হয়ে উচ্চস্তরে আগমন হয়। শিশু এই সময় কল্পনাপ্রসূত বস্তুগুলি অনুপস্থিত বস্তুগুলির সঙ্কেত (symbol) হিসাবে ব্যবহার করতে পারে। যেমন— একটি পুতুলের অনুপস্থিতিতে শিশু মনে করতে পারে যে পুতুলটি তার শূন্য হাতে আছে এবং তাকে দোলা দেয় ও আন্দোলিত করে ঘুম পাড়ানোর জন্য।

এই সাঙ্কেতিক খেলার সম্প্রসারণের ক্ষমতাটি হয় ১৮ থেকে ৪২ মাসে। একজন প্রতিবন্ধী শিশুর মধ্যে এই সকল ক্ষমতার অনেক কিছুই অনুপস্থিত বা সীমিত/কম থাকে।

খেলায় প্রেরণাদানের উদ্দেশ্যে পিতামাতার জন্য নির্দেশনা (GUIDELINES FOR PARENTS TO ENCOURAGE PLAY**) :**

খেলা শুধুমাত্র স্বাভাবিক বাচ্চা নয়, কোনো অক্ষমতাযুক্ত শিশুর জন্যও অতি প্রয়োজনীয়। এইসব শিশুর খেলার পরিধি সীমিত এবং তাই পিতামাতা ও পারিবারিক সদস্যদের দ্বারা খেলায় প্রেরণাদান করা ও উদ্যোগ নেওয়া বিষয়টি প্রয়োজনীয় হয়ে পড়ে। এই বিষয়ে পিতামাতা ও পরিবারের জন্য নিম্নে কিন্তু নির্দেশনা দেওয়া হল—

১. খেলার মাত্রা সঠিক হওয়া উচিত। শিশুর বয়স উপযোগী খেলা বা খেলনা নির্বাচন করা দরকার।

২. ক্ষুদ্র ধাপ— খেলা ছোটো ছোটো ধাপে ভাগ করে নেওয়া উচিত এবং শিশু নিম্নের ধাপগুলি সঠিকভাবে খেলতে পারলে তবেই কাঠিন্যের মাত্রা (difficulty level) বাড়ানো উচিত। পরবর্তী মাত্রায় যাবার আগে শিশুকে যথাযথ সুযোগ দিতে হবে যাতে সে প্রতিটি খেলা বার বার খেলতে পারে। শিশু খেলা করে আনন্দ পাচ্ছে কিনা তা লক্ষ্য রাখতে হবে।

৩. **শিশুর খেলায় মডেল (আদর্শ) হতে হবে**—বাবা মাকে খেলার উদ্যোগ নিতে হবে এবং শিশু সেই খেলায় অংশগ্রহণ করবে।

৪. **খেলাটি নষ্ট করা যাবে না**—শিশুকে খেলতে জোর করা উচিত নয়। সে ইচ্ছাকৃত খেলা করলে তবেই খেলে আনন্দ পাবে।

৫. **মঞ্চ তৈরী করা**— একটা বাচ্চা একই খেলা নিয়ে খেলে খেলে খেলার আগ্রহ হারিয়ে ফেলতে পারে। তাই তাকে অন্যান্য খেলনা ও বস্তুও দেখানো উচিত। তাকে তার আগ্রহ অনুযায়ী খেলনা নির্বাচন করতে দেওয়া উচিত।

৬. **একা খেলা**— সব সময় বাবা মায়ের বাচ্চার সাথে খেলার প্রয়োজন নেই— বাচ্চা বড়ো হবার সাথে সাথে নিজে নিজেই— ব্যস্ত থাকতে শেখে। তাকে তাই একা খেলার সুযোগ দিতে হবে।

৭. **বিশেষ খেলনা**— বিশেষ বিশেষ অনুষ্ঠানের জন্য কিন্তু খেলনা রেখে দিতে হবে। যদি বাচ্চা সেই বিশেষ খেলনাগুলিকে ভাঙতে বা ছুঁড়ে ফেলতে চায়, তাহলে সেগুলিকে অন্যত্র রেখে দিতে হবে। একবার বাচ্চা সেই খেলনাগুলিকে নিয়ে ঠিকভাবে খেলতে শিখে গেলে অল্প করে করে সেগুলিকে তাদের রোজকার খেলায় দেওয়া যেতে পারে। বাচ্চার পক্ষে একটা জিনিস বা খেলায় বেশীক্ষণ মনোনিবেশ করা সম্ভব নাও হতে পারে। তাই অল্প সময়ের জন্য হলেও নতুন খেলা তাদেরকে দিতে হবে।

এইভাবে বাচ্চা পরবর্তী শিখনের জন্য তৈরী থাকে।

১.৫ মানসিক প্রতিবন্ধকতায় বিকাশের দৃষ্টিভঙ্গির প্রয়োগ (Application of Developmental Perspectives to Mental Retardation)

বিকাশের প্রকৃতি (Nature) ও প্রতিপালন (Nurture) — প্রকৃতি বলতে আভ্যন্তরীণ বা জন্মগত প্রক্রিয়াগুলিকে বোঝায় যা আচরণকে প্রভাবিত করে। যেখানে প্রতিপালন বলতে শিখন বা সাধারণভাবে আচরণের উপর পরিবেশের প্রভাবকে বলে। এই প্রকৃতি-প্রতিপালন—ধারণাটি বংশগতি ও পরিবেশের প্রভাবের উপর নির্ধারিত হয়। ব্যক্তি ও তার আচরণের বিকাশের ক্ষেত্রে প্রকৃতি ও প্রতিপালনের ভূমিকা বিষয়টি হল একটি তর্কের বিষয়। ''ব্যক্তির বুদ্ধির কতখানি নির্ধারিত হয় ব্যক্তির জিনগত সংগঠন দ্বারা?'' এটিও শিক্ষা ও মনোবিদ্যার ক্ষেত্রে একটি প্রাচীনতম তর্কের বিষয়, বিশেষজ্ঞরা এখন এটা মানেন যে প্রশ্নটা যে-কোন ''একটি অথবা আরেকটি'' হতে পারে না। মনোবিদরা এখন নিশ্চিত যে বিকাশ বংশগতি ও পরিবেশের পারস্পরিক আদান-প্রদানের উপর নির্ভরশীল। বংশগতি সীমা নির্ধারিত করে— যে পর্যন্ত একজন তার বৌদ্ধিক ক্ষমতা দিয়ে পৌঁছতে পারে কিন্তু পরিবেশ নির্ধারণ করে দেয় কতখানি একজন তার ক্ষমতাকে কাজে লাগাতে পারবে। মানুষের ব্যাপারে পড়াশোনা করা ও তার বিশ্লেষণ করা সহজ নয়। অনেক কেস্ রিপোর্ট (case report) মানব বিকাশের ক্ষেত্রে পরিবেশের গুরুত্বের উপর আলোকপাত করে। উদ্দীপক বঞ্চিত প্রথম শৈশবের শিশুদের উপর পরিবেশজাত উদ্দীপনার ফলাফল খুব আশাবাদী। আচরণবাদী বিজ্ঞানীগণ যেমন জে. বি. ওয়াটসন, মেরী কভার জোনস্ ও জোসেফ ওলপে মানুষের আচরণের উপর পরিবেশগত সুপরিচালনার ফল আবিষ্কার করেছেন।

বিহেবিয়ার মডিফিকেশান (আচরণের পরিবর্তন)-এর পদ্ধতিগুলি দক্ষতার অভাব ও অকাম্য আচরণের জন্য উল্লেখযোগ্য বিষয় যা প্রতিপালন তথ্যের (Nurture Theory) অন্তর্ভুক্ত।

এক্ষেত্রে অপেক্ষাকৃত নতুন অবদান হল আরলি ইন্টারভেনশন প্রোগ্রাম (Early intervention Programme) যার দ্বারা গভীর/তীব্র উদ্দীপনা দেওয়া হয়ে থাকে সদ্যজাত শিশুকে এবং যা ৫-৬ বছর বয়স পর্যন্ত চলতে পারে।

মানসিক প্রতিবন্ধকতার ক্ষেত্রে বিকাশমূলক দৃষ্টিভঙ্গির প্রয়োগ (Nature and nurture in development) — বিকাশের প্রক্রিয়ার জ্ঞান গবেষকদের ও অন্যান্য ব্যক্তি যারা এই ক্ষেত্রে কাজ করেছেন— বিপুলভাবে সাহায্য করে থাকে। এটা তাদেরকে শিশুর বিভিন্ন কর্মক্ষেত্রের/কাজের বিকাশমূলক বৈশিষ্ট্যকে সম্পূর্ণভাবে বুঝতে সাহায্য করে। এই বাস্তবিক প্রয়োগ হল দুই প্রকারের—

(১) আরলি আইডেন্টিফিকেশান (Early Identification) — পর্যবেক্ষণমূলক পড়াশোনা এবং সাইকোমেট্রিক মূল্যায়ন (মনোবৈজ্ঞানিক পরীক্ষা ব্যবহার করে পরীক্ষা করা), —যা বিকাশের সূত্রের উপর প্রতিষ্ঠিত তা পেশাদারী ব্যক্তিদের বিপুলভাবে সাহায্য কোন নির্দিষ্ট কর্মক্ষেত্রে প্রতিবন্ধকতার মাত্রা নির্ধারণ করতে।

(২) ইন্টারভেনশান (Intervention) — বিকাশ প্রক্রিয়ার জ্ঞান প্রতিবন্ধীদের জন্য সুসংবদ্ধ ও বয়স উপযোগী প্রোগ্রাম পরিকল্পনা করতে সাহায্য করে থাকে। মনোবৈজ্ঞানিক মূল্যায়নের ফলাফল গুরুত্বপূর্ণ পথনির্দেশক হিসাবে কাজ করে ট্রেনিং (প্রশিক্ষণ) প্রোগ্রামের দিক ও লক্ষ্য নির্ধারণের ক্ষেত্রে। শিশুকে দক্ষতা অর্জনের জন্য তৈরী করা ট্রেনিং প্রোগ্রামটির ব্যবহার খুবই সীমিত হবে যদি শিশুটির শারীরিক অঙ্গ-প্রত্যঙ্গ কাজ করার মতো উপযোগী না হয়।

১.৬ নীতিগত বিবেচনা (Ethical Consideration)

মনোবিজ্ঞানের জ্ঞান আচরণকে সুসংবদ্ধ ও বিজ্ঞানসম্মতভাবে বুঝতে সাহায্য করে। মনোবিজ্ঞানের বিষয়বস্তু কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের সবরকম কার্যকলাপ যেমন—চিন্তন, অনুভূতি, পরিকল্পনা, বিচার ইত্যাদি বিষয়ে জ্ঞান আহরণ করে থাকে। এই বিশাল জ্ঞান যা গবেষণার মাধ্যমে পাওয়া গেছে, খুব সহজেই একজন ছাত্রের ব্যক্তিগত সুবিধার জন্য অপব্যবহৃত হতে পারে। কিন্তু এটা কাম্য যে, মানুষের আচরণ সংক্রান্ত জ্ঞান যা মনোবিজ্ঞানের দ্বারা অর্জিত হয় তা তাদের সার্বিক উন্নতির জন্যই ব্যবহৃত হবে। পরীক্ষণের ক্ষেত্রে অনভিজ্ঞতা, ভুল ব্যাখ্যা এবং অত্যধিক আস্থা এটি সম্পন্ন করার উদ্দেশ্যকে ব্যর্থ করতে পারে। বহুক্ষেত্রে শিক্ষককে অন্যদের সাথে নিবিড়ভাবে আলোচনা করতে হয় এই পারস্পরিক আদানপ্রদান/আলোচনা অবশ্যই পেশাদারীর সীমার মধ্যে থেকে হতে হবে। সহমর্মিতা হল অন্যতম গুণ যা অন্যদের বুঝতে গেলে দরকার। কাজের ক্ষেত্রে সম্পর্ক তৈরী করার জন্য যে বন্ধুত্ব স্থাপন করা হয়ে থাকে তা কখনোই আবেগের স্তরে পৌঁছাতে দেওয়া কাম্য নয়। অন্যব্যক্তি যে সকল তথ্য দিয়েছেন যেমন— মানসিক প্রতিবন্ধী শিশু ও তার মা-বাবা, সেই সকল তথ্যের গোপনীয়তা অবশ্যই রক্ষা করা প্রয়োজন। সেই ব্যক্তির বা তার অভিভাবকের মত ছাড়া অন্য ব্যক্তিকে কোনো তথ্য দেওয়া যায় না।

আচরণের সংশোধন (Behaviour Modification), বিশেষত শাস্তিদানের পদ্ধতিগুলি যা সমস্যামুলক আচরণের জন্য ব্যবহৃত হয়, একটি শিশু যে স্বল্পবৌদ্ধিক ক্ষমতাসম্পন্ন তার পক্ষে সেগুলি অমানবিক বা নিষ্ঠুর পদক্ষেপ হিসাবে বিবেচিত হতে পারে। এক্ষেত্রে সমস্যামূলক আচরণের শুরু থেকে প্রতি স্তরে যে নির্দেশ দেওয়া

আছে তা কঠোরভাবে মেনে চলতে হবে। মানসিক প্রতিবন্ধী শিশুর ক্ষেত্রে শিক্ষক যে সকল কর্মসূচীর পরিকল্পনা ও ব্যবহার করে থাকেন তার প্রতিটির ব্যাখ্যা দেবার জন্য তাকে তৈরী থাকতে হবে। কিরূপ বিষয় নিয়ন্ত্রণের পদ্ধতিগুলি ব্যবহার করার জন্য দায়িত্বপূর্ণ ও পেশাদারী বিবেচনা প্রয়োজন। শিক্ষককে এই ব্যাপারে যথেষ্ট হতে হবে যে অভীষ্ট (Target) আচরণটির প্রকৃতই পরিবর্তন প্রয়োজন এবং বিরূপ বিষয় নিয়ন্ত্রণের পদ্ধতিগুলিই হল তার রাস্তা American Psychological Association's Ethical Principles in the conduct of Research with Human Paticipants (1973) (আমেরিকান সাইকোলজিকাল অ্যাসোসিয়েশানস এথিকাল প্রিন্সিপালস্ ইন দা কনডাক্ট অফ রিসার্চ উইথ হিউম্যান পার্টিসিপেন্টস্) যে সকল নির্দেশনার সূচী নির্ধারণ করেছে তা নিম্নলিখিত বিষয়গুলি উল্লেখ করে থাকে শারীরিক বা মানসিক কষ্টদায়ক পদ্ধতি ব্যবহারের ক্ষেত্রে : এই নীতিগত (Ethical) অনুসন্ধানকারী ব্যক্তিকে শারীরিক ও মানসিক অস্বস্তি, ক্ষতি ও বিপদ থেকে রক্ষা করে। যদি এই ধরনের ফলাফলের ঝুঁকি থেকে যায় তাহলে অনুসন্ধানকারীকে সেই তথ্যটি ব্যক্তির কাছে উপস্থাপন করতে হয়, এগনোর আগে সেই ব্যক্তির মত নিতে হয় এবং কষ্ট কমানোর জন্য সকল প্রকার সম্ভাব্য উপায় প্রয়োগ করতে হয়। গবেষণার পদ্ধতি/বিরূপ পদ্ধতি ব্যবহারে যদি গুরুত্বপূর্ণ এবং স্থায়ী ক্ষতি হতে পারে এমন সম্ভাবনা থাকে তাহলে তা ব্যবহার করা উচিত নয়।

১.৭ এককের সারাংশ (Unit Summary)

- বিকাশ : জীবের আচরণের দীর্ঘ সময়কালীন উন্নয়নমূলক, ক্রমমূলক এবং সুসঙ্গত পরিবর্তন।
- বৃদ্ধি : নির্দিষ্টভাবে শারীরবৃত্তিয় এবং পরিমাণগত পরিবর্তন, যা একটি নির্দিষ্ট সময় ধরে ঘটে।
- জন্মের পূর্বের (prenatal) বিকাশ : ভ্রূণ সঞ্চার থেকে জন্ম পর্যন্ত বিকাশ।
- বিকাশের প্রয়োজনীয় বিষয় :
  - (ক) বিকাশের ফলে পরিবর্তন হয়ে থাকে।
  - (খ) প্রারম্ভিক বিকাশ হল পরবর্তী বিকাশ অপেক্ষা অধিক গুরুত্বপূর্ণ।
  - (গ) বিকাশ হল পরিনমন ও শিখনের পরিণতি।
  - (ঘ) বিকাশের ধারাকে অনুধাবন করা যায়।
  - (ঙ) বিকাশের ধারার নির্দিষ্ট বৈশিষ্ট্যাদি আছে।
  - (চ) বিকাশের ব্যক্তিগত বৈষম্য থাকে।
  - (ছ) বিকাশের ধারার বিভিন্ন পর্যায় আছে।
  - (জ) বিকাশের প্রত্যেক পর্যায়ে উপনীত হওয়ার মতো বিকাশমূলক কাজ আছে।
  - (ঝ) বিকাশের প্রতিটি ক্ষেত্রে সম্ভাব্য ঝুঁকি আছে।
- বিকাশের সূত্র হল গতিপথ সংক্রান্ত সূত্র (Laws of Direcleanality) আচরণগত মডেল (Behavioural Model), সংক্রমনগত মডেল (Transilional Model), বিকাশের ধারা এবং জটিল পর্যায়।

- বিকাশের গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলি হল শক্তিকেন্দ্রের বিকাশ, ভাষার বিকাশ, জ্ঞানের বিকাশ, আবেগের বিকাশ, সামাজিক বিকাশ এবং ক্রীড়া শৈলীর বিকাশ।
- মানসিক প্রতিবন্ধকতার ক্ষেত্রে বিকাশের জ্ঞানের প্রয়োগ অন্তর্ভুক্ত করে আইডেন্টিফিকেশান (Identification)/চিহ্নিতকরণ এবং ইন্টারভেনশান (Intervention)/হস্তক্ষেপ করা।

১.৮ অগ্রগতির মূল্যায়ন (Check your progress)

(ক) বিকাশের নীতিগুলি লিপিবদ্ধ করুন।

(খ) বিকাশের যে-কোন ৪টি গুরুত্বপূর্ণ ক্রম (Milestones) লিপিবদ্ধ করুন।

(গ) পিঁয়াজের জ্ঞানমূলক বিকাশের স্তরগুলি আলোচনা করুন।

(ঘ) আবেগের বিকাশ সম্পর্কে সংক্ষিপ্তভাবে আলোচনা করুন।

(ঙ) কিভাবে সামাজিক বিকাশ স্বনির্ভর কাজকর্মের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

১.৯ বাড়ীর কাজ (Assignment)

একটি ৪ বছরের মানসিক প্রতিবন্ধী শিশু ও একটি ৪ বছরের স্বাভাবিক শিশুকে লক্ষ্য করুন। বিভিন্ন ক্ষেত্রে এই দুটি শিশুর তুলনামূলক আলোচনা করে একটি প্রতিবেদন রচনা করুন।

১.১০ আলোচনার বিষয় ও তার পরিস্ফুটন (Pints for descussion/clarefication)

এই এককটি পাঠের পর আপনি ইচ্ছা করলে আরও কিছু আলোচনা করতে পারেন ও প্রয়োজনানুযায়ী ব্যাখ্যা করতে পারেন। নীচে তা লিপিবদ্ধ করুন।

১.১০.১ আলোচনার সূত্র (Points for Discussion)

_____

_____

_____

_____

১.১০.২ ব্যাখ্যার সূত্র **(Points for Clarification)**

_____

_____

_____

১.১১ উৎস **(References)**

'১' Flavell, J.H (1970), the develpment Psychology of Jean Piaget. New Yark: Van Nos Reinhold Co.

'২' Kalugar, G, and Kaluger, M (1974). Human development. St Lowis. The C.V.M company.

'৩' MIMH (1997). Readings in Psychology Paper III of DSE (MR) notes. Secunderabad.

'৪' Henlock, E, B (1978). Developmental Psychology New Delhi : Tata Mcgraw Hill bub. Co. Ltd. Brunen, J.S. Jolly. H and sylva, K, (1976). Play New York: penguin.

'৫' Gelfand D.M. Hartmann, D.P (1975) Child Bchaviour Analysis and Therapy. New; Pergamon Press lnc.

'৬' Peshawacia, R. Menon D.K. Reddy, S. (1991) play activities for young children with sp needs. Secunderabad. NIMH.

——

একক-২ ❑ মানিয়ে চলার আচরণের ঘাটতি এবং সমস্যাজনক/মূলক আচরণ (Adaptive Deficts and Maladaptive Behaviour)

গঠন

২.১ ভূমিকা

২.২ উদ্দেশ্য

২.৩ মানিয়ে নেওয়ার / চলার আচরণ বা সমন্বয়পূর্ণ আচরণ

- ২.৩.১ মানিয়ে চলার বা সমন্বয়পূর্ণ আচরণ এবং বুদ্ধি
- ২.৩.২ মানিয়ে চলার বা সমন্বয়পূর্ণ আচরণের ঘাটতি
- ২.৩.৩ মূল্যায়ন

২.৪ সমস্যা মূলক সমন্বয়হীন আচরণের নিয়ন্ত্রণ

- ২.৪.১ ক্ল্যাসিক্যাল কন্ডিশনিং (শ্রেণীবিভাজিত শর্তাধীনতা)
- ২.৪.২ অপারেন্ট কন্ডিশনিং
- ২.৪.৩ রিওয়ার্ড এন্ড পানিসমেন্ট (পুরস্কার এবং শাস্তি)

২.৫ সমস্যামূলক আচরণ

- ২.৫.১ সমস্যামূলক আচরণ চিহ্নিত করার পদক্ষেপসমূহ
- ২.৫.২ কার্যকরী বিশ্লেষণ
- ২.৫.৩ নিয়ন্ত্রণ

২.৬ পার্থক্যমূলক উৎসাহ সৃষ্টিকরণ

২.৭ এককের সারাংশ

২.৮ অগ্রগতির মূল্যায়ন

২.৯ আলোচনার বিষয় ও তার পরিস্ফুটন

- ২.৯.১ আলোচনার সূত্র
- ২.৯.২ বিশ্লেষণের সূত্র

২.১০ বাড়ীর কাজ

২.১১ উৎস

২.১ ভূমিকা (Introduction)

আচরণ বিদের কাছে জীবিত প্রাণীকূলের আচরণসমূহ সর্বদাই কৌতূহল এবং পছন্দের বিষয়। একটি প্রাণীর আচরণ থেকে তার কাজের ধারা বোঝা যায়। এর মধ্যে তার কাজের বাহ্যিক প্রকাশ, চিন্তাধারা, আবেগের প্রকাশ এবং শারীরিক কার্যকলাপও থাকতে পারে। এগুলি অন্যের প্রত্যক্ষ বা অপ্রত্যক্ষও হতে পারে। কখনও এটি প্রাণীর অর্ন্তনিহিত কার্যকারণের ফল হতে পারে আবার কখনও বা বাহ্যিক কার্যকারণের ফলও হতে পারে। যে কোন আচরণের মূলে থাকে সেই প্রাণীর জিনগত, স্নায়ুগত, ব্যক্তিত্বগত এবং সামাজিক প্রভাব সমূহ। প্রাণী তার পারিপার্শ্বিক পরিবেশে যে সকল ব্যবহার করে অর্থাৎ যা প্রত্যক্ষ করা যায় এবং সময়ের ভেদে অন্তত একটি বিষয়েরও পরিমাপ করা যায় তাকেই আচরণ বলা হয়। এর সাহায্যে বোঝা যায় যে আচরণ হলো ব্যক্তি ও তার পরিবেশের পারস্পরিক ক্রিয়ার ফল। আচরণ বোঝার সবচেয়ে সহজ রূপ/ধরণ হলো একটি উদ্দীপক ও তার প্রতিক্রিয়ার মধ্যেকার সম্পর্ক বোঝা। (উদ্দীপক➔প্রতিক্রিয়া) কোন ব্যক্তির আচরণের প্রকাশ প্রভাবিত হয় তার বুদ্ধির দ্বারা।

যদিও আচরণ কার্যটি বেশ জটিল তবু প্রত্যেক ব্যক্তির নিকট আশা করা হয় যে তার আচরণ তার সমাজ ও পারিপার্শ্বিকতার সাথে সামঞ্জস্যপূর্ণ হবে। এটি বিস্তৃত হয় তার দৈনন্দিন জীবনযাত্রার আচরণের মাধ্যমে। এর সাহায্যে সেই ব্যক্তি বর্তমানের প্রয়োজনুযায়ী নিজেকে মানিয়ে চলতে শেখে, একেই বলা হয় সমন্বয় পূর্ণ ব্যবহার। আচরণ পরিবেশের চাহিদানুযায়ী দৈনন্দিন জীবনের সমন্বয়পূর্ণ আচরণের গুণগত মানের উন্নতি হয়। আচরণ বিজ্ঞানের ছাত্রদের সমন্বয়পূর্ণ আচরণ সম্পর্কে যথেষ্ট তথ্য জানা প্রয়োজন, বিশেষত যাঁরা মানসিক প্রতিবন্ধীদের নিয়ে কাজ করছেন। 'সমন্বয়ের অভাব' বিষয়টির উদ্দেশ্য হলো সমন্বয়পূর্ণ আচরণের বিভিন্ন দিক সম্পর্কে পরিচিত করানো।

২.২ উদ্দেশ্য-সমূহ (Objectives)

এই এককটি পড়ার পর নিম্নলিখিত বিষয়গুলিতে পারদর্শী হবে—

- সমন্বয়পূর্ণ আচরণ এবং সমন্বয়হীন আচরণের সংজ্ঞা দেওয়া।
- সমন্বয়হীন আচরণ প্রদর্শন করে বোঝান।
- অসামঞ্জস্য আচরণের নিয়ন্ত্রনের পদ্ধতি বর্ণনা করা।

২.৩ সমন্বয়পূর্ণ আচরণ (Adaptive Behaviour)

সংজ্ঞা ঃ সমন্বয়পূর্ণ আচরণ বলতে বোঝায় যার সাহায্যে ব্যক্তি তার পরিবেশের সঙ্গে পারস্পরিক ক্রিয়া আরো ভালোভাবে করতে পারে। একজন ব্যক্তির পরিবেশ বলতে বোঝায় তার তীব্রতা, বিভিন্নতা এবং গঠন যা বিন্যস্ত হতে পারে অথবা কম বিন্যস্ত কিংবা অধিকতর বিন্যস্ত হতে পারে। সমন্বয়পূর্ণ আচরণ প্রক্রিয়া ব্যক্তিকে পরিবেশোপযোগী ইতিবাচক আচরণ করতে সাহায্য করে।

সাধারণত সমন্বয়পূর্ণ আচরণ বলতে বোঝায় যে ভাবে ব্যক্তি তার সামাজিক পরিবেশের সাথে মানিয়ে চলে। দি আমেরিকান অ্যাসোশিয়েসন অফ মেন্টাল রিটারডেশন (১৯৭৭) সংজ্ঞানুযায়ী সমন্বয়পূর্ণ আচরণ হল—যার সাহায্যে ব্যক্তি তার ব্যক্তিগত স্বাধীনতা বজায় রাখতে এবং তার—বয়সোপযোগী সামাজিক ও সাংস্কৃতিক গোষ্ঠীর দায়িত্ব যথোপযুক্তভাবে পালন করতে পারে। এই সংজ্ঞা নির্দেশ করে যে-কোন ব্যক্তি তার নিজস্ব স্বাধীন প্রয়োজনুযায়ী যেমন কাজ করবে তেমন তার বয়স ও সমাজ অনুযায়ী সামাজিক হয়ে উঠবে।

সমন্বয় পটুতা/দক্ষতা ঃ সমন্বয় পটুতা/দক্ষতা বলতে বোঝায় এক ব্যক্তির তার গোষ্ঠীর মধ্যে স্বাধীনভাবে সামাজিক নিয়মানুযায়ী নিজস্ব প্রয়োজন মিটিয়ে চলার ক্ষমতাকে। এর মধ্যে সমস্ত দক্ষতা বা ক্ষমতা যেমন দৈনন্দিন পরিচ্ছন্নতা, প্রস্রাব/পায়খানার অভ্যাস থেকে শুরু করে উন্নততর ক্ষমতা যেমন টাকা পয়সার লেনদেন ইত্যাদি ক্ষমতার দক্ষতা বোঝায়। মানসিক প্রতিবন্ধী ব্যক্তি বা শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের সাধারণত সমন্বয় আচরণের ঘাটতি দেখা যায়। অন্যদের তুলনায় এটি একটি এমন প্রণালী/পদ্ধতি যার সাহায্যে ব্যক্তি সামাজিক, সাংস্কৃতিক, শারীরিক, মানসিক এবং পারিপার্শ্বিক চাহিদানুযায়ী আচরণ করে যার থেকে তার সমন্বয় করার ক্ষমতা তৈরি হয়। ব্যক্তির দৈনন্দিন জীবনের এমন কিছু অভ্যাস হল দাঁত মাজা, স্নান করা, পোষাক পরা, প্রসাধন করা, খাওয়া, ব্যক্তিগত সংযোগ রক্ষা করা, গোষ্ঠীতে অংশগ্রহণ করা, টাকাপয়সার লেনদেন, সংসার পরিচালনা করা, স্বাস্থ্যের যত্ন দেওয়া এবং গোষ্ঠী সচেতনতা গড়ে তোলা।

বৃদ্ধি/বিকাশের প্রাথমিক অবস্থায় সাধারণত শিশু দৈনন্দিন জীবনের কিছু অভ্যাস যেমন দাঁতমাজা, স্নান করা, প্রসাধন করা ইত্যাদিতে অভ্যস্থ হতে শেখে। এই অভ্যাসগুলি শেখানো হয় ব্যক্তিগত সাহায্য অথবা অন্যকে দেখার মাধ্যমে। যাইহোক কিছুদিন পরে আশা করা হয় যে শিশু নিজেই এইগুলি করতে পারবে। স্বাভাবিক বৃদ্ধির ধারানুসারে পরিস্থিতির চাহিদানুযায়ী ব্যক্তি নিজেকে মানিয়ে নেওয়ার উপযোগী করে নিতে পারে/ শেখে। আচরণের মধ্যে এই ধরনের সমন্বয়ের অভাব লক্ষ্য করা যায় যখন মানসিক বৃদ্ধি ব্যাহত হয় অথবা শারীরিক অক্ষমতার কারণে সীমাবদ্ধতা থাকলে কিংবা কোন পরিব্যাপক/স্থায়ী বৃদ্ধির ত্রুটি থাকলে।

২.৩.১ সমন্বিত আচরণ ও বুদ্ধি (Adaptive behaviour and interlligence)

পরিবেশের চাহিদানুযায়ী দৈনন্দিন কার্য-সম্পাদনের গুণগত মানই নির্দেশ করে ব্যক্তির সমন্বিত আচরণ। বুদ্ধি হল পুঞ্জীকৃত/সামাজিক ক্ষমতা যার দ্বারা ব্যক্তি বাস্তববোচিত চিন্তা করতে, উদ্দেশ্যমূলক ভাবে কাজ করতে এবং পরিবেশ উপযোগী আচরণ করতে পারে। Intelligence is considered as the aggregate or global capacity of an individual to think rationally, act purposefully and to deal with the environment effectively (Wechsler. 1975). সমন্বিত আচরণের মাধ্যমে কাজের যে গুণগত মান আশা করা হয় তার মধ্যে বাস্তবচিন্তার বিষয়ে, উদ্দেশ্যমূলক কাজের বিষয়ে এবং পরিবেশ অনুযায়ী চলার বিষয়ে যা বুদ্ধির ক্ষেত্রে বলা হয়েছে তাদের মধ্যে আগু-পিছু/চাপান উতোর থাকতে পারে যাইহোক, সমন্বিত আচরণের সংজ্ঞা থেকে বোঝা যায় যে বুদ্ধির লিখিত সংজ্ঞার প্রস্তাবনার থেকে দৈনন্দিন জীবনের বিবিধ চাপের মোকাবিলা করার জন্য সমন্বিত আচরণের উপযোগী দক্ষতার গুরুত্ব বেশী।

২.৩.২ সমন্বিত কাজের ঘাটতি এবং অসমন্বিত আচরণ (Dificits in adaptive functions and maladaptive behaviour)

সমন্বিত আচরণের বিষয়গুলি বিবিধ দৈনন্দিন কাজের মধ্যে প্রকাশিত হয়, যেমন নিজে বাথরুম ব্যবহার করা, নিজে গ্লাস/কাপ ধরে জল খাওয়া, খেলার সময় নিজের পালার জন্য অপেক্ষা করা ইত্যাদি। এই সব আচরণগুলি ব্যক্তির শারীরিক বৃদ্ধির সাথে সাথে পূর্ণতা পায়। যে সকল ব্যক্তির বৃদ্ধি/বিকাশের দেরী হয় অথবা শারীরিক ত্রুটি থাকে তাদের সমন্বিত আচরণের বিবিধ ক্ষেত্রে ঘাটতি দেখা যায়। সমন্বিত আচরণের ঘাটতি ছাড়াও শিশুদের মধ্যে বিবিধ কারণে অসমন্বিত আচরণ অথবা অসঙ্গত আচরণও দেখা যায়। যাইহোক, শিশুর বৃদ্ধির সাথে সাথে পরিস্থিতি অনুযায়ী সঙ্গত আচরণ করতে শেখে। সমস্যামূলক আচরণ অথবা অসঙ্গত আচরণ এবং উপযুক্ত দক্ষতার অভাবের কারণেও অসমন্বিত আচরণ প্রকাশ পায়। মানসিক প্রতিবন্ধী শিশুরা যেসব অসমন্বিত আচরণ করে সেগুলি তাদের নানারূপ সীমাবদ্ধতার কারণে নিয়মানুযায়ী কাজ করার দক্ষতার অভাবের ফলস্বরূপ। সমস্যামুলক আচরণ অসঙ্গত আচরণ অন্যের অথবা নিজের ক্ষতি কিংবা অসুবিধাজনক অবস্থার সৃষ্টি করে। শিশুদের অসমন্বিত আচরণ থাকলে তা তাদের পিতামাতা, শিক্ষক এবং অন্যান্যদের অসুবিধার সৃষ্টি করে।

যেহেতু সমন্বিত আচরণ বয়সানুযায়ী তৈরি হয় তাই এর ঘাটতি সহজেই বৃদ্ধির বয়সের সঙ্গে তুলনা করে নির্ণয় করা যায়।

শিশুকালে এবং বাল্যকালে বৃদ্ধির সময় বিভিন্ন ধরনের ঘাটতি দেখা দিতে পারে যেমন সংবেদনগত অঙ্গ সঞ্চালন ক্ষমতা, যোগাযোগ করার ক্ষমতা, নিজের কাজ নিজে করার দক্ষতা এবং সামাজিকতা (পারস্পরিক সংযোগের বিকাশ)।

বাল্যকালে ও বাককৈশোরে উপরোক্ত বিষয়ে ঘাটতি দেখা যেতে পারে এবং/অথবা দৈনন্দিন জীবনের কাজে প্রাথমিক শিক্ষামূলক দক্ষতার ব্যবহারে, পারিপার্শ্বিকতার প্রয়োজনীয় বিচার বিবেচনা প্রয়োজন এবং সামাজিকতার পটুতায় (যেমন দলীয় অংশগ্রহণ এবং পারস্পরিক সম্পর্ক স্থাপন) ইত্যাদিতে ঘাটতি দেখা যেতে পারে।

কৈশোরের শেষ দিকে এবং প্রাপ্ত বয়স্কের সময় উপরোক্ত সকল বিষয়ে ঘাটতি দেখা যেতে পারে এবং/অথবা বৃত্তিমূলক বিষয়ে, সামাজিক দায়দায়িত্ব এবং কাজকর্মে ইত্যাদিতে ঘাটতি দেখা যেতে পারে।

নিম্নলিখিত যন্ত্রাদির সাহায্যে শিশুদের বিভিন্ন ঘাটতিমূলক আচরণ এবং সমস্যামূলক আচরণের বিস্তৃত ও সঠিক পরীক্ষা করা যাবে।

২.৩.৩ পরীক্ষা (Assessment)

একজন ব্যক্তির আচরণের পরিবর্তন নির্ভর করে তার পরিস্থিতি—উদ্দীপক যাতে তাকে কাজ করতে হবে, তার ওপর প্রায়ই একটা পরিস্থিতিতে যে আচরণ উপযুক্ত তাই অন্য পরিস্থিতিতে সম্পূর্ণ অনপযুক্ত হতে পারে, যেমন প্রস্রাব করা একটি প্রয়োজনীয় জৈবিক চাহিদা। একটি শিশু যার প্রস্রাবের নিয়ন্ত্রণ হয়েছে যদি সে শ্রেণীকক্ষে প্রস্রাব করে তবে তা অনুপযুক্ত আচরণ হয় আবার যদি সে বাথরুমে গিয়ে প্রস্রাব করে তবে তা যথোপযুক্ত ব্যবহার হয়। মানসিক প্রতিবন্ধী ব্যক্তিরা দক্ষতার প্রভাবে অনুপযুক্ত আচরণ করে থাকে অথবা

অসঙ্গতিমূলক আচরণ অথবা সমস্যামূলক আচরনেও এর কারণ হয়। যথার্থ পরীক্ষা দ্বারা সমন্বিত আচরণ মূল্যায়ন করে ব্যক্তির বর্তমান কার্যাবস্থা নির্ণয় করা যায়। এর সাহায্যে তার অক্ষমতা ও ঘাটতিও নির্ণয় করা যায়। সমন্বিত আচরণের অভাবের কারণ হতে পারে—

(১) অভজ্ঞিতার অভাবের কারণে অথবা ঐসব কাজ করার সুযোগের অভাবে কিংবা ব্যবহারের কারণে।

(২) কোন শারীরিক সীমাবদ্ধতার কারণে যা তাকে সঠিক অচরণ থেকে বিরত করছে।

(৩) প্রেষণার অভাবের কারণে।

(৪) বিশেষ কিছু সাংস্কৃতিক ধারানুসারে অথবা অভিজ্ঞতার কারণে। অসঙ্গত অথবা সমস্যাজনিত আচরণ বহু কারণে হতে পারে, যার মধ্যে সমন্বতির অভাবও আছে।

সমন্বয় মূলক আচরণ পরীক্ষণের ক্ষেত্রে যে সকল টুল গুলি (tools) /পরীক্ষাগুলি জনপ্রিয় সেগুলি হল—

(১) The Adaptive Behaviour Scale (ABS) (দি এডাপটিভ বিহেভিয়ার স্কেল—এ.বি.এস) ঃ সমন্বিত আচরণের এই মাপকাঠি ১৯৬৯ সালে নিহিরা এবং অন্যান্যগণ (Nihira et.al) তৈরি করেন। যা পরে বহুবার সংশোধিত হয়েছে। (ABS) মাপকাটি ব্যক্তিকেন্দ্রীক কার্যপরিকল্পনা এবং গবেষণার উদ্দেশ্যে নিয়োজিত কোন গোষ্ঠী কার্যক্রমের চাহিদা পরীক্ষার কাগজে ব্যবহৃত হয়। মানসিক প্রতিবন্ধীদের পরীক্ষা এবং আচরণের অপসঙ্গাতির পরীক্ষার জন্য এটি শিশু থেকে প্রাপ্ত বয়স্ক সকলের জন্য বহুল ব্যবহৃত হয়। ABS -এর দুটিবিভাগ আছে। বিভাগ-১ (Part-I)—এতে ১০টি বিষয়ে মোট ৬৬টি দফায় সমন্বিত আচরণের বর্ণনা করা আছে। বিষয়গুলি হলো— স্বাধীনভাবে কাজ করা, শারীরিক বৃদ্ধি, সংখ্যা এবং সময়, গৃহস্থালির কাজ, বৃত্তিমূলক কাজ, নিজস্ব নির্দেশ, দায়িত্বশীলতা এবং সামাজিকতা।

বিভাগ—২ (Part-II)—এই বিভাগটি ১৪টি ভাগে বিভক্ত হয়ে অসমন্বিত আচরণের মূল্যায়ন করে। এতে আছে হিংসাত্বক এবং ধ্বংসাত্বক আচরণ, অবিশ্বাসযোগ্য আচরণ, অপসারণ, একঘেঁয়ে আচরণ, অনূপযোগী পারস্পরিক ব্যবহার, অ-গ্রহণযোগ্য মৌখিক অভ্যাস, অগ্রহনীয় অভ্যাস, আত্মপীড়ন, প্রচণ্ড অস্থিরতা, অনৈতিক যৌন আচরণ, মানসিক অস্থিরতা এবং ঔষধের ব্যবহার। ABS-ব্যবহারকারীকে পরীক্ষার্থীর সম্পর্কে জানতে হবে। মূল্যনির্ণায়ককে পরীক্ষার্থীর প্রতিক্রিয়া লিপিবদ্ধ করতে হবে প্রত্যেকটি দফার জন্য এবং এজন্য বিশেষ কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই।

(২) Vineland Social Maturity Scale (VSMS) (ভিনল্যান্ড সোসাল ম্যাচুরিটি স্কেল) ঃ এটি তৈরি করেছিলেন Edgar A. Doll তৎসহ অন্যান্যরা ১৯৩৫ সালে এবং এটি অনেকবার সংশোধিত হয়েছে। প্রাথমিকভাবে এটি তৈরি হয়েছিল প্রোগ্রাম মূল্যায়নের জন্য এবং জন্ম থেকে শুরু করে ২৫-বছর বয়স পর্যন্ত ও তার বেশী বয়োস্ক ব্যক্তির সামাজিক দক্ষতা নির্ণয় করে গবেষণা করার জন্য। Fr. A. J. Malin এটি ভারতীয়দের জন্য সংশোধন করেন এবং জন্ম থেকে ১৫ বছর বয়স্কদের মূল্যায়নের জন্য তা ব্যবহার করা যাবে। এই মাপকাটিতে ৮টি বিভাগের মধ্যে ৮৯ টি দফা আছে। এই দফাগুলি বয়সানুযায়ী সাজানো আছে। ৮-টি বিভাগ হলো—Self-help general, Self-help eating, self-help dressing, self direction, occupation, Communication, Locomotion and Socialization. প্রথম প্রাপ্ত নম্বরকে সামাজিক বয়সানুযায়ী পরিবর্তিত নম্বরে আনা হয় তার সাহায্যে Social Quotient হিসেব করা হয়। এই মাপকাটি কেবলমাত্র প্রশিক্ষণ প্রাপ্ত পরীক্ষক ব্যবহার করতে পারেন যিনি এটির বিষয়ে ভালোভাবে জানেন।

সমন্বিত আচরণে পরীক্ষার জন্য অন্যান্য মাপকগুলি হলো Madras Development Programming System (MDPS), Functional Assessment Cheklist for Programming (NIMH-FACP) এবং BASIC-MR. বিস্তৃত জানার জন্য SESM-01, Block-2, Unit-3 দেখতে হবে।

২.৪ **অসঙ্গত আচরণের নিয়ন্ত্রণ (Management of Maladaptive Behaviour)**

বিভিন্ন বিষয়ে দক্ষতার অভাবের কারণে সমন্বিত/সঙ্গত আচরণের অভাব দেখা যায়। আবার অপসঙ্গত অথবা সমস্যামূলক আচরণ বলতে অসঙ্গত আচরণও বোঝায়। সমস্যামূলক আচরণ এবং অপসঙ্গত আচরণ উভয়েরই নিয়ন্ত্রণ কর্মসূচী মনোবিদ্যার শিক্ষানীতির মতবাদের উপর ভিত্তি করে তৈরি হয়েছে, যাকে বলা হয় আচরণের সংশোধন (Behaviour Modification) আচরণের পরিবর্তন পদ্ধতির দ্বারা মানুষের আচরণের পরিবর্তন করা হয়। শর্তাধীন শিক্ষানীতি অথবা অন্যান্য শিক্ষণ পদ্ধতি প্রয়োগ করে। এই অনুমান থেকে সিদ্ধান্ত করা যায় যে সকল আচরণই পরিবেশের প্রভাবে শিখনের মাধ্যমে অর্জন করা হয়। আমেরিকান মনোবিদ্ ওয়াটসন (১৮৭৮—১৯৫৮) প্রথম আচারণবাদ কথাটি প্রকাশ করেন। আচরণের পরিবর্তন হচ্ছে একটি পদ্ধতি যা লিখন তত্ত্বের বিভিন্ন নীতির সু-সম্বোন্ধ প্রয়োগের উপর প্রতিষ্ঠিত। যেসব আরচণ পর্যবেক্ষণ ও পরিমাপ করা যায় তার সাহায্যে তাদের কেন্দ্র করে এই মতবাদটি গঠিত। আচরণ পরিবর্তন পদ্ধতির দ্বারা প্রত্যক্ষ ও স্পষ্ট আচরণের প্রকাশকে পরিবর্তন করার কাজে ব্যবহৃত হয়। যেমন কোন আচরণের মৌখিক প্রকাশ/শারীরিক ক্রিয়া কিন্তু ব্যক্তিগত অনুভূতি। সঙগত ক্রিয়া অথবা প্রেষণা ইত্যাদি বোঝার জন্য ব্যবহৃত হয় না। মানসিক প্রতিবন্ধী ব্যক্তিগণ তাদের সীমাবন্ধতার জন্য সাহায্যের প্রয়োজন হয় কোন সঙ্গত আচরণ তৈরির জন্য, প্রয়োজনীয় দক্ষতা বাড়ানোর কাজে এবং কোন অসঙ্গত আচরণ কমানোর জন্য প্রত্যক্ষ/পরোক্ষ শাস্তির পদ্ধতির প্রয়োজনে। নীচের ফ্লো-চার্টে (Flow Chart) আচরণ পরিবর্তন পদ্ধতিটি বলা আছে।



Fig : আচরণ পরিবর্তন পদ্ধতি

আচরণ পরিবর্তন পদ্ধতিটির সাহায্যে নতুন উদ্দীপক ও প্রতিক্রিয়ার দ্বারা শুরু করা যায় অর্থাৎ একটি নতুন আচরণ শুরু করা যায় অর্থাৎ একটি নতুন আচরণ শুরু হতে পারে অথবা পূর্ববর্তী আচরণের দ্বারা বজায় থাকতে পারে বা বেশী হতে পারে। এটি ব্যবহার করা হয় যখন কোন ব্যক্তির দক্ষতার অভাব থাকে এবং অনুশীলনের মাধ্যমে তাকে দক্ষ করার প্রয়োজন হয়। আচরণ পরিবর্তন পদ্ধতি আরো নানাভাবে ব্যবহার করা

হয় যেমন কোন আচরণকে নিরস্ত্র করতে /কমাতে বিশেষ'ত কোন সঙ্গত, অসঙ্গত, অপসঙ্গত/সমস্যামূলক আচরণ যা অনেক বেশী পরিমাণে প্রত্যক্ষ করা যায়। আচরণ পরিবর্তন পদ্ধতিটির মূল তথ্যটি বিভিন্ন ধরনের শিক্ষাতত্ত্ব ও নীতির উপর প্রতিষ্ঠিত যেমন—



Fig. 2 : শিক্ষাতত্ত্ব সমূহ

অনুষঙ্গ শিক্ষায় উদ্দীপক ও প্রতিক্রিয়া এদের কার্য্যকারী সম্পর্ক অথবা এই এককটির সম্বন্ধ বর্ণনা করা হয়েছে শর্তাধীন শিক্ষা নামক মনোবিদ্যার একটি তত্ত্বের মাধ্যমে। অনুষঙ্গ শিক্ষার জনপ্রিয় এই তত্ত্ব দুটি হলো শ্রেণীগত শর্তাধীনতা এবং অপারেন্ট শর্তাধীনতা।

২.৪.১ ক্ল্যাসিক্যাল কন্ডিশনিং (শ্রেণীগত শর্তাধীনতা) (Classical Conditioning)

এই তত্ত্বটি আইভান পাভলভ (Ivan Pavlov) (১৮৪৯—১৯৩৬) নামে একজন শারীরবিজ্ঞানী পরে যিনি মনোবিজ্ঞানী হয়ে উঠেছিলেন। পরিপাকের শারীরবৃত্ত বিষয়টি পাভলভ (Pavlov) তাঁর কাজের মাধ্যমে এই তত্ত্বে প্রকাশ করেছেন, যে কাজের জন্য ১৯০৪ সালে তিনি নোবেল পুরস্কার পেয়েছিলেন। পরিপাকের শারীরবৃত্ত নিয়ে গবেষণার সময় তিনি লক্ষ্য করেছিলেন যে তাঁর পরীক্ষণ পাত্র অর্থাৎ কুকুরের লালা-ক্ষরণ হচ্ছে খাবার দেবার লোককে চোখে দেখা মাত্র কিন্তু তা খাবার দেখার পর হওয়া উচিত ছিল। এখানে খাবার হচ্ছে প্রাকৃতিক বা অশর্তাধীন উদ্দীপক (US) যা স্বাভাবিক বা অশর্তাধীন প্রতিক্রিয়া (UR) তৈরি করেছে, যা হলো কুকুরের লালা ক্ষরণ। যাইহোক এর কিছু সময় পরে কুকুরটির লালাক্ষরণ শুরু হয়ে যেত খাবার দেবার লোকটিকে (NS, নিরপেক্ষ উদ্দীপক) দেখা মাত্র, যা একটি নতুন প্রতিক্রিয়া শুরু করলো অর্থাৎ নিরপেক্ষ উদ্দীপকের প্রতি সাড়া দেওয়া। এই পরীক্ষণের সাহায্যে পাভলভ ব্যাখ্যা করেছিলেন নিরপেক্ষা উদ্দীপকের বারংবার উপস্থিতি। অর্থাৎ স্বাভাবিক উদ্দীপকের উপস্থিতিতে প্রতিক্রিয়া মতো একই প্রতিক্রিয়া নিরপেক্ষ উদ্দীপকের দ্বারা সম্ভব। তিনি এর নাম দিয়েছিলেন Classical Conditioning (শ্রেণীগত শর্তাধীনতা)।

শ্রেণীগত শর্তাধীনতা একটি পদ্ধতি যাতে একটি নিরপেক্ষ উদ্দীপককে অথবা একটি আকর্ষণহীন উদ্দীপকের সাথে একটি স্বাভাবিক উদ্দীপকের জোট বাঁধা হয় একরকম প্রতিক্রিয়া সৃষ্টি করার জন্য যা স্বাভাবিক উদ্দীপকের দ্বারা হয়ে থাকে।

I.	অশর্তাধীন উদ্দীপক (খাবার)➔(US) নিরপেক্ষ উদ্দীপক➔ (কুকুরের রক্ষককে দেখা)	সৃষ্টি কবে➔অশর্তাধীন প্রতিক্রিয়া (UR) (লালাক্ষরণ) সৃষ্টি করে➔যে-কোন প্রতিক্রিয়া অথবা নির্দিষ্ট প্রতিক্রিয়া না হলে।
II.	অশর্তাধীন উদ্দীপক (খাবার) + নিরপেক্ষ উদ্দীপক (কুকুরের রক্ষককে দেখা)➔	সৃষ্টি করে➔অশর্তাধীন প্রতিক্রিয়া করে (UR) (লালাক্ষরণ)
III.	শর্তাধীন উদ্দীপক (কুকুরের রক্ষককে দেখা)	সৃষ্টি করে➔শর্তসাপেক্ষ প্রতিক্রিয়া (UR) (লালাক্ষরণ)

একবার একটি নিরপেক্ষ উদ্দীপক শর্তাধীন হলে, সেই উদ্দীপকের সাহায্যে শর্তসাপেক্ষ প্রতিক্রিয়া সর্বত্র হওয়া সম্ভব, যেখানে সেই উদ্দীপককে উপস্থিত করা হবে, এই পদ্ধতিকে প্রথম সারির শর্তাধীনতা বলে জানা যায়। পাভলভ আরো একটি পরিক্ষণ করেছিলেন যেখানে অন্য একটি নিরপেক্ষ উদ্দীপকের সাথে আগে থেকে শর্তাধীন একটি উদ্দীপকের জোট বাঁধানো হয়েছিল (প্রথম নিরপেক্ষা উদ্দীপক) এমনকি পর্যবেক্ষণ করেছিলেন যে দ্বিতীয় নিরপেক্ষ উদ্দীপকটিও সেই শর্তাধীন প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে যা অশর্তাধীন উদ্দীপক➔প্রতিক্রিয়া ধরনের হয় (যেমন —কুকুরের রক্ষকের উপস্থিতির সহিত মেট্রোনোমের আওয়াজকে জোট বাঁধা হয়েছিল লালাক্ষরণ প্রতিক্রিয়াটি সৃষ্টি করার জন্য)। এই পদ্ধতিকে বলা হয় দ্বিতীয় সারির শর্তাধীনতা।

পাভলভের পরবর্তী পরীক্ষণের সাহায্যে নিম্নলিখিত বিষয়গুলি জানা গেছে।

১. দেখা গেছে যে তৃতীয় বা তার পরেও যে-কোন উদ্দীপককে যদি পূর্বশর্তাধীন কোন নিরপেক্ষ উদ্দীপকের সঙ্গে জোট বাঁধা হয় সেক্ষেত্রেও একই শর্তাধীন প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারবে। এই পদ্ধতিটিকে বলা হয় উচ্চ শ্রেণীর শর্তশীনতা।

২. একটি নিরপেক্ষ উদ্দীপকের বারংবার উপস্থিতি (শর্তাধীন উদ্দীপক) একটি শর্তসাপেক্ষ প্রতিক্রিয়া কমিয়ে শেষ পর্যন্ত বন্ধ করে দিতে পারে। এই পদ্ধতিটিকে বলা হয় লোভ পাওয়া/প্রশমিত করা। মাঝে মাঝে অশর্তাধীন উদ্দীপকের সাথে শর্তাধীন উদ্দীপকের (নিরপেক্ষ উদ্দীপক) জোট বাঁধা বজায় রাখলে শর্তসাপেক্ষ প্রতিক্রিয়া সৃষ্টি হবে এবং প্রতিক্রিয়াটি বিলুপ্ত/প্রশমিত হবে না।

৩. শর্তসাপেক্ষ প্রতিক্রিয়াটি বিলুপ্ত হয়েছে সেটাও স্থায়ীভাবে তার সব বৈশিষ্ট্য হারায় না। সেটি কিছু সময় পরে কিছু পরিমাণ পুনরুত্থিত হতে পারে। যদি অশর্তাধীন উদ্দীপকটিকে মাঝে মাঝে উপস্থিত করা হয়, এই পদ্ধতিকে বলা হয় স্বতঃস্ফূর্ত উদ্ধার।

৪. একবার নিরপেক্ষ উদ্দীপক যদি শর্তসাপেক্ষ প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে এবং পদ্ধতিটি প্রতিষ্ঠিত হয় তবে সেই ধরনের প্রতিক্রিয়া বিভিন্ন ধরনের উদ্দীপকের দ্বারা (একরকম হয়) সৃষ্টি করা সম্ভব যেগুলির প্রারম্ভিক শর্তাধীন উদ্দীপকের সাথে মিল-সাদৃশ্য আছে। যেমন লালরঙকে অন্য যে কোন রঙের যথা— কমলা, গোলাপী, বেগুনী ইত্যাদির সাথে শর্তাধীন করা যেতে পারে। সদৃশ উদ্দীপকের সাহায্যে এই ধরনের শর্তাধীনতার সঞ্চালনকে বলা হয় উদ্দীপকের সার্বজনীনতা।

শ্রেণীগত শর্তাধীনতাকে বলা হয় পাভলভের শর্তাধীনতা। এই পদ্ধতিটিকে উদ্দীপকের প্রতিস্থাপন একটি নিরপেক্ষ উদ্দীপকের সাথে শর্তাধীন উদ্দীপক এবং অশর্তাধীন উদ্দীপকের জোট বাঁধা হলে। শর্তাধীন উদ্দীপকটি অশর্তাধীন উদ্দীপকের প্রতিচ্ছবি হতে পারে। যার সাহায্যে অশর্তাধীন উদ্দীপকের প্রভাব কেবলমাত্র যে প্রতিক্রিয়াটি হত তা শর্তাধীন উদ্দীপকটির দ্বারা করা যাবে।

২.৪.২ অপারেন্ট কন্ডিশনিং (Operant Conditioning)

এটি হল একটি নির্দিষ্ট উদ্দীপকের উপস্থিতিতে আচরণ/প্রতিক্রিয়ার বাড়া অথবা কমার সম্ভাবনা নিয়ন্ত্রিত করা হয় সেই আচরণের পুরস্কার/শাস্তির সাহায্য নিয়ে। অপারেন্ট শব্দটির নির্দেশ করে যে প্রাণী তার পরিবেশের সাথে ক্রিয়া করার ফলে একটি আচরণ উৎপন্ন হয়।

এই পদ্ধতিটি আমেরিকান মনোবিদ এডওয়ার্ড এল. থর্নডাইকের (১৮৭৪-১৯৪৯) 'ট্রায়াল অ্যান্ড এরর শিক্ষণ' তত্ত্বর উপর প্রতিষ্ঠিত। আচরণের দ্বারা অভীক্ষার জন্য থর্নডাইক ক্ষুধার্ত বিড়ালকে বাক্সের মধ্যে রেখিছিলেন এবং খাবারের টুকরো রেখেছিলেন বাক্সের বাইরে। বাক্সটি এমনভাবে তৈরি করা ছিল যে বিড়ালটি একটি নির্দিষ্ট যন্ত্রাংশ বা লিভারে চাপ দিলে দরজা খুলে যাবে এবং বেড়ালটি বাহির হতে পারবে। বেড়ালটি বেশ কয়েকবার চেষ্টা করার পর সেই আচরণটি করতে পারলো। ধর্নডাইক চেষ্টা করেছিলেন শর্তাধীন করে তুলতে (লিভারে চাপ দেওয়া)। কারণ লিভাবে চাপ দিলে বাইরের দরজা খুলে যাবে। থর্নডাইক ব্যাখ্যা করেছিলেন যে প্রাথমিক অবস্থায় বেড়ালটি হঠাৎ করে লিভারে চাপ দিয়ে ফেলে অথবা দুর্ঘটনাক্রমে হতে পারে কিন্তু নিয়মিতভাবে প্রত্যেকবারই লিভারে চাপ দেওয়ার পর খা বার রাখলে বেড়ালটি লিভারে চাপ দিলে খাবার পাওয়াটা শিখে যাবে। অনিয়মিতভাবে বারংবার প্রচেষ্টা/ভুল করার ফলে যে বিভিন্ন প্রতিক্রিয়া সৃষ্টি হয়, তার সাহায্যে ট্রায়াল ও এরর শিক্ষা চিহ্নিত করা হয়। যতক্ষণ না সঠিক প্রচেষ্টার দ্বারা নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানো যায়। বারংবার প্রচেষ্টার ফলে সঠিক প্রতিক্রিয়াটি বেশী মাত্রায় ঘটে যা আচরণের একটি নতুন ধারা প্রতিষ্ঠিত করে।

এই শিক্ষা পদ্ধতিতে দুটি প্রধান নীতি আছে। ফলাফলের নীতি (Law of effect) এবং অনুশীলনের নীতি (Law of exercise)। ফলাফলের নীতিতে বলা হয়েছে যে অন্যান্য সব কিছু সমান থাকলে যে সব চুক্তি/শর্ত/মিলন থেকে সন্তোষজনক বিষয় লাভ করা যায় তাদেরকে রক্ষা করা হয় এবং যাদের থেকে অসন্তোষজনক/বিরক্ত সৃষ্টিকারী অবস্থার সৃষ্টি হয় তাদের বর্জন করা হয়। অনুশীলনের নীতিতে বলা হয়েছে যে, যা প্রচেষ্টা ও ভুল সংশোধনের দ্বারা শিক্ষায় ব্যবহৃত হয়। বলা হয়েছে যে সমান সবকিছু বিষয়ে সাম্যতা থাকলে যে সব চুক্তি/সম্পর্ক অনুশীলন করলে/অভ্যস্ততা আনা হয় তাদের সংরক্ষণ করা হয় অন্যান্যদের অপব্যবহার করলে নষ্ট হয়ে যায়। থর্নডাইক লক্ষ্য করেছিলেন যে অনুশীলনকে সর্বদা পুরস্কৃত করা অথবা ফলাফল দ্বারা আগ্রহ তৈরি করা দরকার যাতে শিক্ষার উন্নতি হয়। যখন কোন প্রতিক্রিয়া/আচরণ যান্ত্রিক হয় পুরস্কার পাওয়ার জন্য তখন তাকে যান্ত্রিক আচরণ বলা হয়। থর্নডাইকের গবেষণায় খাদ্য ছিল লিভারে চাপ দেওয়ার উদ্দীপক। যান্ত্রিক শর্তাধীনতার গবেষণা বিষয়ে আরো অগ্রণী ভূমিকা নেয় মনোবিদ B.F. Skinner (১৯৪০—১৯২২) আবিষ্কৃত 'স্কিনার বাক্স'। একটি স্কিনার বাক্স যার মধ্যে সাধারণ গবেষকের তৈরি এরূপ প্রতিক্রিয়ার ব্যবস্থা করা থাকে যে-কোন প্রতিক্রিয়া করলে তাকে পুরস্কৃত করা হবে এবং কোন প্রতিক্রিয়া করলে তাকে শাস্তি দেওয়া হবে। পুরস্কৃত করার গবেষণার ক্ষেত্রে একটি ছোট লিভার/ডাণ্ডা বাক্সের মধ্যে ব্যবহার করা হয়েছে যাতে চাপ দিলে পুরস্কার পাওয়া যাবে। যখনই প্রাণী ঐ বাক্সের মধ্যেকার লিভারে/ডাণ্ডায় চাপ দেবে সে খাদ্য পেয়ে

পুরস্কৃত হবে। গতানুগতির যান্ত্রিক শর্তাধীনতার পরীক্ষণে একটি ক্ষুধার্ত ইঁদুরকে একটি এক ফুট কিউব আকৃতির বাক্সে রাখা হত। ইঁদুরটি ছাড়া পাওয়ার জন্য বাক্সের মধ্যে ঘুরে বেড়াত। ঘটনাক্রমে/কোনভাবে হোঁচট খেয়ে, সে লিভারের উপর পড়তো ও সেটাকে চাপ দিয়ে ফেলতো, এর ফলে সে কিছু খাদ্য পেত। ইঁদুরটি এর পরে আরো বেশী ঘুরে বেড়াতো এবং লিভারে চাপ পরে যেত যাতে সে আবার কিছু খাদ্য পেত। এরূপ কয়েকটি প্রচেষ্টার পর ইঁদুরটি লিভাবে চাপ দিয়ে খাবার পাওয়াটা শিখে যায়। একটি ক্ষুধার্ত ইঁদুর লিভারে বেশীবার চাপ দিতে পারে খাবার পাওয়ার জন্য যেটা তার পুরস্কার।

যান্ত্রিক শর্তাধীনতা পদ্ধতিটি যে-কোন পরিবেশে ব্যবহার করা যেতে পারে। যেমন শ্রেণীকক্ষে, বাড়িতে, অথবা কার্যক্ষেত্রে যাতে চাহিদানুযায়ী আচরণ করার জন্য নির্দিষ্ট কিছু পরুস্কার দেওয়া হয়। যান্ত্রিক শর্তাধীনতা পদ্ধতিটি নিম্নলিখিতভাবে পরিবেশন করা যায় :

প্রাথমিক উদ্দীপক	প্রতিক্রিয়া	পুরস্কৃত করা উদ্দীপক
S(1)→	R→	S(2)
(অজানা)	(লিভারে চাপ দেওয়া	(খাবার)

S(1)—যা অজানা অর্থাৎ যে উদ্দীপকের জন্য প্রাণী প্রথম লিভারে চাপ দিতে উদ্যত হয়। লিভারে চাপ দেওয়ার প্রতিক্রিয়ার ফলে খাবার S(2) অর্থাৎ পুরস্কার পাওয়া যায়। যা ওই প্রতিক্রিয়াটি বারংবার করার প্রচেষ্টা বাড়িয়ে দেয়।

২.৪.৩ পুরস্কার এবং শাস্তি (Reward and Punishment)

যান্ত্রিক শর্তাধীনতার নীতি তিনটি ভিন্ন পরিস্থিতিতে কার্যকরী করা যায়। পুরস্কারের অনুশীলন, এড়িয়ে যাওয়ার অনুশীলন ও শাস্তির অনুশীলন।

(ক) **পুরস্কারের অনুশীলন**—পুরস্কারের অনুশীলনে পরীক্ষণ পাত্রকে পুরস্কৃত/পুনরুজ্জীবিত করা হয় একটি নির্দিষ্ট কাঙ্ক্ষিত আচরণের জন্য। পুরস্কারের অনুশীলনটি বৈজ্ঞানিক পদ্ধতি অনুযায়ী তৈরী করা হয় যাতে কাঙিক্ষত আচরণটির শুরু স্থায়িত্ব বৃদ্ধি পায়।

একটি পুরস্কার যে-কোন কিছু হতে পারে যা আচরণটি বারবার অনুষ্ঠিত হবার সম্ভাবনা বাড়ায়। সাধারণত পুরস্কার দুই প্রকার হয়:

১. **ধনাত্মক পুরস্কার**—একটি পুরস্কার অথবা ভাল লাগার উদ্দীপকটি প্রতিক্রিয়ার সম্ভাবনা বাড়াতে সাহায্য করে। অন্যভাবে বলা যায় যে এই পদ্ধতিতে বিরোধী উদ্দীপকের অপসারণ করা হয় যাতে সম্ভাবতই কাঙিক্ষত আচরণের সংখ্যা বৃদ্ধি পায়। যেমন—কিছু গাড়িতে 'বিপ'শব্দ হয় যতক্ষণ না গাড়ির দরজা সঠিকভাবে বন্ধ হয়। দরজা ঠিকমত বন্ধ হলে 'বিপ' শব্দটি থেমে যায়। এইভাবে 'বিপ' শব্দটি (অনাকাঙিক্ষত উদ্দীপক) থামা অথবা অপসারণ দরজা সঠিকভাবে বন্ধ করার আচরণটির মাত্রা বাড়িয়ে দেয়। পুরস্কার ঋণাত্মক হলে তা বিরোধী উদ্দীপকের অপসারণ দ্বারা প্রতিক্রিয়ার সম্ভাবনা বাড়িয়ে দেয়।

অনেক ঘটনা বা উদ্দীপক পুনরুজ্জীবিত উদ্দীপক হতে পারে। সাধারণত দু-ধরনের পুনরুদ্দীপক দেখা যায়।

১. **প্রাথমিক পুনরুদ্দীপক**—এর মধ্যে জীবনধারণের জন্য প্রয়োজনীয় জিনিসগুলি ধরা হয় যেমন খাদ্য ও পানীয়/খাবার ও জল।

২. **দ্বিতীয় পর্যায়ের পুনরুদ্দীপক**—বিবিধ নিরপেক্ষ উদ্দীপক এতে আছে যাদের প্রথম থেকে তেমন কোন মূল্য নেই প্রাণীর কাছে একটি প্রাথমিক পুনরুদ্দীপকের সঙ্গে ছোট বেঁধে নিরপেক্ষ উদ্দীপকও পুরস্কার হতে পারে। যেমন খাবার কেনার জন্য টাকার ব্যবহার। দ্বিতীয় পর্যায়ের পুনরুদ্দীপককে বিবিধ পর্যায়ে ভাগ করা যায়—

(ক) **বস্তুগত পুরস্কার**—শিশুর পছন্দের যে-কোন জিনিস যেমন, গুলি, খেলনা, ঘুড়ি, বল, লাট্টু, ফুল, টিপ, চুড়ি, ফিতে, চকলেট।

(খ) **সামাজিক পুরস্কার**—সামাজিক অঙ্গভঙ্গির আকারে পুরস্কার যা মৌখিক বা ইশারা হতে পারে যেমন—মৌখিকভাবে ভালো, খুব ভালো করেছ, দারুন ইত্যাদি। অমৌখিক যেমন—হাসি, মাথা নাড়ানো, জড়িয়ে ধরা, পিঠ চাপড়ানো ইত্যাদি।

(গ) **কাজকর্ম পুরস্কার**—তার পছন্দের কাজের মধ্যে থাকার অনুমতি দেওয়া, গান শোনা, টিভি দেখা, একটু ঘুরে আসা, খেলনা/পুতুল খেলা, ছবি আঁকা ইত্যাদি।

(ঘ) **সুবিধা**— কোন পুরস্কার যার সাহায্যে শিশুর কাজের প্রচুর উন্নতি হয় যেমন কারুকে ক্লাসের মনিটর করে দেওয়া। খেলার দলের মধ্যে থেকে কাউকে অধিনায়ক করে দেওয়া ইত্যাদিতে শিশু সেই দলের নেতা হয়ে ওঠে।

(ঙ) প্রতীকি পুরস্কার— যে-কোন বস্তু যার কোন পুরস্কার মূল্য নেই কিন্তু যার মূল্য নির্ভর করে শিক্ষার উপর অর্থাৎ এর সাথে প্রাথমিক/দ্বিতীয় পর্যায়ের পুনঃরুদ্দীপকের পরিবর্তন করে নেওয়া যাবে। এতে যাকে দ্বিতীয় পর্যায়ের পুনরুদ্দীপক আচরণের পরিবর্তন আনার জন্য যেমন নম্বর, অঙ্কিত পয়েন্ট, বইয়ের তারকাকৃতি চিহ্ন, পরিবার জন্য একটি বিশেষ ধরনের ব্যাচ (অভিজ্ঞান) ইত্যাদি।

যখন শিশুদের দলগত পুরস্কার দেওয়া হয়, তখন প্রতীকি সঞ্চয় পদ্ধতি খুবই কার্যকরী হয়ে উঠে। এই পদ্ধতিতে প্রতীকি পুরস্কার ও শিশুকে দেওয়া হয় যথার্থ বা ইচ্ছুক আচরণ করার জন্য। বিদ্যালয়ে, শ্রেণীকক্ষে অথবা গোষ্ঠীর মধ্যে এই ধরনের প্রতীকী সঞ্চয় পদ্ধতি ব্যবহারের সুবিধা হল—

(ক) বাড়িতে, শ্রেণীতে এই ধরনের পদ্ধতি ব্যবহার করা খুবই সহজ।

(খ) এই পদ্ধতি দলের অন্যান্য কাজে বিঘ্ন সৃষ্টি করে না।

(গ) নির্দিষ্ট আচরণের উন্নতির জন্য দলের প্রত্যেক ব্যক্তির উপর ত্রুটি প্রয়োগ করা যায়।

প্রতীকি সঞ্চয় (taken economy) পদ্ধতি ব্যবহার করতে হলে নিম্নলিখিত বিষয়গুলিতে মনোযোগ দিতে হবে।

- দলের প্রত্যেক শিশুর নির্দিষ্ট আচরণটি সনাক্ত করা প্রযোজন যে দলের উপর প্রতীকি সঞ্চয় পদ্ধতি ব্যবহার করা হবে।
- কী ধরনের প্রতীক ব্যবহার করা হবে পুরস্কারের জন্য তা আগেই তৈরি করে নেওয়া প্রয়োজন।

দলের সকলের পছন্দমত বিশেষ প্রতীক তৈরি করার প্রয়োজন হতে পারে। এগুলি কার্ডবোর্ড, কাগজ প্লাস্টিক টুকরো অথবা কাঠের হতে পারে।

- একটি পৃথক খোলা প্রতীক সঞ্চয় বোর্ডে যে সব ব্যক্তির জন্য প্রতীক নির্দিষ্ট করা হবে তাদের নামের তালিকা তৈরি করে রাখতে হবে এই বোর্ডটি এমন জায়গায় রাখতে হবে যাতে সেই দলের/গোষ্ঠীর সবার নজরে পড়ে।

- দলে প্রত্যেকে পরিষ্কারভাবে জানবে যে কোন আচরণের উদ্দেশ্যে প্রতীক দেওয়া হবে, এভাবে প্রতীকের মূল্য বাড়বে।

- প্রতীক পরিবর্তনের সুযোগ রাখতে হবে যথার্থ শক্তিদায়িকার সনাক্তকরণের মাধ্যমে।

- নির্দিষ্ট উদ্দেশ্যমূলক আচরণের জন্য ব্যবহৃত প্রতীককে সর্বদা পুরস্কার দিতে হবে। দলের একজন যদি নির্দিষ্ট আচরণের জন্য ব্যবহৃত প্রতীকের দ্বারা পুরস্কৃত হয় তবে সমগ্র দলটির মধ্যে প্রতিযোগিতামূলক মনোভাব তৈরি হবে।

- অন্যান্য পুরস্কারের জন্য সংযুক্ত প্রতীক সর্বদা প্রতীক অন্য কোন সামাজিক পুরস্কারের সঙ্গে ব্যবহার করা দরকার, সঠিক পুরস্কার নির্বাচনের পথনির্দেশ—ব্যক্তির আকাঙ্ক্ষিত আচরণ করবার কাজে শক্তিদায়িকার ভূমিকা বৈজ্ঞানিকভাবে স্বীকৃত। সক্রিয় অনুবর্তন/অপারেন্ট অনুবর্তনের নিয়মানুযায়ী শক্তিদায়িকা/পুরস্কার সুখকর হওয়া দরকার। যাইহোক, সুখকর হওয়ার বিষয়টি ব্যক্তি অনুযায়ী পৃথক হয়। যেমন কিছু শিশু গাঢ় আলিঙ্গন পছন্দ করে আবার কিছু শিশু স্পর্শ করাটাও পছন্দ করে না। দ্বিতীয় ক্ষেত্রে, বিষয়টি না জেনে যদি কোন শিক্ষক তাকে আলিঙ্গন করেন তাহলে বিপরীত ফল হতে পারে। এমনকি শিশুটি আলিঙ্গন এড়াবার জন্য আকাঙ্ক্ষিত আচরণটি থেকে বিরত হতে পারে। এজন্য প্রত্যেক শিশুকে পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করা প্রয়োজন যাতে তার পছন্দ মতো উপযুক্ত পুরস্কার সনাক্ত করা যায় নির্বাচন করা যায়। পুরস্কার পছন্দ করার জন্য নিম্নলিখিত পথ-নির্দেশ দেওয়া হল—

  (ক) শিশুটিকে খুব নিকট থেকে পর্যবেক্ষণ করে তার সবচেয়ে পছন্দের বিষয়টি জানা।

  (খ) শিশুকে সরাসরি জিজ্ঞাসা করে তার সবচেয়ে পছন্দের বস্তু, ঘটনা বা বিষয় জানা।

  (গ) শিশুটির পিতামাতা, পরিবারের লোকজন এবং বন্ধুদের জিজ্ঞাসা করে তার সম্পর্কে তথ্য সংগ্রহ করা।

ভারতীয় মানসিক প্রতিবন্ধী শিশুদের পছন্দের ক্রম অনুয়ায়ী নির্দিষ্ট পুরস্কারের তালিকা তৈরি করা হয়েছে। তাতে আছে প্রাথমিক পুরস্কার, বস্তুগত পুরস্কার, সামাজিক পুরস্কার, কাজের পুরস্কার সুবিধা এবং প্রতীকি পুরস্কার, (Peshawaria & Venkatesan, 1992)।

এড়িয়ে যাওয়ার প্রশিক্ষণ (Avoidance Training) : এই পদ্ধতিতে পরীক্ষণ পাত্র কোন একটি নির্দিষ্ট প্রতিক্রিয়া না করার জন্য শাস্তি পায়। এই শিখন পরিবেশে প্রাণী-সঠিক প্রতিক্রিয়া করলে শাস্তি থেকে পরিত্রাণ পায়।

শাস্তির প্রশিক্ষণ (Punishment Traning) : শাস্তির অর্থ হল যে কোন ভাল না লাগার/অ-সুখবর ঘটনা যা—আচরণের পুনরাবৃত্তির সম্ভাবনাকে কমিয়ে দেয়। অনাকাঙ্ক্ষিত আচরণ/প্রতিক্রিয়ার পুনরাবৃত্তি কম হওয়াকে পুরস্কৃত করা হয়। পরীক্ষণ পাত্রকে অসুখকর পরিবেশে রেখে অথবা সুখকর উদ্দীপক থেকে দূরে সরিয়ে নিয়ে শাস্তি দেওয়া হয় যখন সে কোনো অনাকাঙ্ক্ষিত আচরণ করে।

এই এককের শেষে শাস্তির পদ্ধতি এবং তার প্রয়োগ সম্পর্কে বিস্তারিত বলা আছে শক্তিদায়িকার নিয়ম—এ পর্যন্ত সমীক্ষায় দেখা যায় যে সাধারণত প্রত্যেক প্রতিক্রিয়ার জন্য একটি ফলাফল হয়। যাইহোক, কোন প্রাণীকেই প্রত্যেকবারের আচরণের পরে শক্তিদায়িকা বা শাস্তি দেওয়া যাবে না। বেশীর ভাগ লোকই সর্বদা নিজে থেকে উদ্দীপ্ত হয় না পুরস্কৃত করার পদ্ধতিকে আরো বেশী কার্যকরী এবং কারণানুগ করতে হলে শক্তিদায়িকার বিবিধ নিয়মের ব্যবহার করা প্রয়োজন। এই পদ্ধতিতে ঠিক নির্বাচন করা হয় যে কখন পরীক্ষণ পাত্রকে পুরস্কৃত করা হবে। হয় কোন নির্দিষ্ট সময় (Interval) অথবা প্রতিক্রিয়ার সংখ্যার অনুপাত অনুযায়ী। অর্থাৎ এর সাহায্যে পুরস্কার নিয়ন্ত্রণ করা হচ্ছে—হয় কোন নির্দিষ্ট (fined) —নিয়েমে অথবা অনির্দিষ্ট (Variable) নিয়মে। এই নিয়মগুলি হল—

(i) **নির্দিষ্ট বিরাম পদ্ধতি** : এই পদ্ধতিতে শক্তিদায়িকা দেওয়া নির্দিষ্ট সময় অন্তর। যে সময়ের মধ্যে অনাকাঙ্ক্ষিত আচরণ/প্রক্রিয়াটি অন্তত একবার ঘটবে। যেমন— একটি শিশুকে লেখার কাজ দেওয়া হয়েছে এবং প্রত্যেক তিন মিনিট অন্তর তাকে পুরস্কার/শক্তিদায়িকা/পুরস্কার দেওয়া হয় আগে থেকে ঠিককরা বিভিন্ন সময়ের বিরাম অনুযায়ী তবে সেই সময়ের মধ্যে সেই নির্দিষ্ট আচরণ/প্রতিক্রিয়াটি অন্তত একবার ঘটবে।

(ii) **অনির্দিষ্ট বিরাম পদ্ধতি** : এই পদ্ধতিতে শক্তিদায়িকা/পুরস্কার দেওয়া হয় আগে থেকে ঠিককরা বিভিন্ন সময়ের বিরাম অনুযায়ী তবে সেই সময়ের মধ্যে সেই নির্দিষ্ট আচরণ/প্রতিক্রিয়াটি অন্তত একবোর ঘটবে।

শক্তিদায়িকার কার্যকরণের ছক/নক্শা-অবিরাম শক্তিদায়িকা ব্যবহার : অনির্দিষ্ট কাল শক্তিদায়িকার ব্যবহার (বিরাম এবং অনুপাত)

➔নির্দিষ্ট শক্তিদায়িকার ব্যবহার (বিরাম এবং অনুপাত)

➔শক্তিদায়িকা কমিয়ে দেওয়া➔শক্তিদায়িকা লোপ করা

যখন কোনো মানসিক প্রতিবন্ধী শিশুকে প্রশিক্ষণ দেওয়া হয় শুরুতে অবিরাম শক্তিদায়িকা দেওয়া যেতে পারে। একে ক্রমশ অনির্দিষ্ট শক্তিদায়িকা পদ্ধতিতে (বিরাম/অনুপাত) পরিবর্তিত করতে হবে। যেহেতু বিবিধ ধরনের শক্তিদায়িকার ব্যবহার সর্বোপরি ভাল প্রতিক্রিয়ার মাত্রা বাড়ায় অনির্দিষ্ট শক্তিদায়িকা প্রদান পদ্ধতি থেকে নির্দিষ্ট (বিরাম বা অনুপাত) হারে শক্তিদায়িকা প্রদান পদ্ধতিতে আসা যায়। এভাবে ক্রমশ শক্তিদায়িকা প্রদানকে কমিয়ে তা বন্ধ করে দেওয়া সহজ হয়।

শক্তিদায়িকা হ্রাস (fading)—এই পদ্ধতিতে কোন নির্দিষ্ট আচরণ শেখাবার সময় সেই কাজে সাহায্য করাটা ক্রমশ কমিয়ে আনা হয়।



Fig. - 3 : শক্তিদায়িকার নিরবিচ্ছিন্নতা

পুরস্কার প্রদান পরিকল্পনার পরামর্শসমূহ—পুরস্কার পছন্দ করার মতোই গুরুত্বপূর্ণ পুরস্কার প্রদান নির্দিষ্ট করা। যে আচরণটিকে/দক্ষতাকে পুরস্কৃত করা হবে তা যেন কাঙিক্ষত হয় এজন্য যথেষ্ট যত্ন সহকারে/সাবধানে তা বাছাই করা প্রয়োজন।

(১) কাঙ্খিত আচরণকে পুরস্কৃত করা কোন আচরণকে পুরস্কৃত করা হবে আর কোন্‌টিকে হবে না, তা শিক্ষাদানের পূর্বে/ শেখানোর পূর্বে সিদ্ধান্ত নিতে হবে।

(২) যখন শিশুদের কোন আচরণকে পুরস্কৃত করা হবে তখন তার নির্দেশাবলী পরিষ্কার ও নির্দিষ্ট হতে হবে।

(৩) শুরুতে কাঙিক্ষত আচরণ ঘটার সাথে সাথে তা পুরস্কৃত করতে হবে।

(৪) প্রত্যেকটি উদ্দেশ্যমূলক আচরণকে করার পর তাকে পুরস্কৃত করতে হবে।

(৫) যথোপযুক্ত পরিমাণ/সংখ্যায় পুরস্কার দিতে হবে।

(৬) অন্যান্য পুরস্কারের সঙ্গে সামাজিক পুরস্কারকে যুক্ত করতে হবে।

(৭) পুরস্কার পরিবর্তন করা/পাল্টানো দরকার।

(৮) পুরস্কার কমিয়ে আনা— যেহেতু, শিশুটি আচরণটি রপ্ত করে নিচ্ছে, পুরস্কার ক্রমশ।

কমিয়ে আনা দরকার যাতে সে সাবলম্বী হয়। সামাজিক শিক্ষা—এই শিক্ষা পদ্ধতিতে পর্যবেক্ষণ দ্বারা নতুন প্রতিক্রিয়া দেখা হয় এবং পরে তা আচরণের অনুকরণ দ্বারা শুরু করা হয়। একে পর্যবেক্ষণ শিখন/দেখে শেখা বলা হয়। আলবার্ট বান্ডুরার নীতি অনুযায়ী, এই তত্ত্বের মূলকথা, পর্যবেক্ষণ দ্বারা শিক্ষার মাধ্যমে মানুষের প্রচুর পরিমাণ শিক্ষালাভ হয়ে থাকে। যদিও সাধারণত মনে করা হয় যে যান্ত্রিক প্রতিক্রিয়ার পুরস্কার/শাস্তির মাধ্যমেই আচরণগত শিক্ষা হয়, তবুও সাধারণ পর্যবেক্ষণ ও সামাজিক শিক্ষার বিষয়ে পরীক্ষিত গবেষণায় দেখা যায় যে অন্যের আচরণ এবং মনোভাব পর্যবেক্ষণের মাধ্যমে নতুন আচরণ তাড়াতাড়ি তৈরি হয় ও পুরানো আচরণ পরিবর্তিত হয়। এইভাবে অনাকাঙিক্ষত ও কাঙিক্ষত উভয় প্রকার আচরণই তৈরী হয়ে থাকে। চিকিৎসার ক্ষেত্রে, আদর্শ আচরণের মডেল / প্রতিরূপ মক্কেল / শিক্ষার্থীদের দেখান হয়।

২.৫ সমস্যামূলক আচরণ (Problem Behaviour)

মানসিক প্রতিবন্ধী শিশুদের ক্ষেত্রে যে সকল সমস্যামূলক আচরণ দেখা যায় তাদের প্রধানত ১০টি শ্রেণীতে ভাগ করা হয়।

(১) হিংস্র এবং ধ্বংসাত্মক আচরণ—বই ছেঁড়া, জিনিস ভাঙা ও ছোঁড়া ইত্যাদি।

(২) বদ্‌মেজাজী আচরণ—মেঝেতে গড়াগড়ি দেওয়া, চিৎকার করা, প্রচণ্ড কান্নাকাটি করা ইত্যাদি।

(৩) অপরের প্রতি হিংসাত্মক আচরণ— অন্যদের জিনিস্ কেড়ে নেওয়া, থুথু ছেটান ইত্যাদি।

(৪) নিজেকে আঘাত করা—মাথা ঠোকা, চুল তোলা, নিজেকে আঁচড়ানো ও কামড়ানো, ছাল তোলা, ঘা খোঁটা ইত্যাদি।

(৫) পুনরাবৃত্তি মূলক আচরণ—শরীর দোলানো, মাথা দোলানো, ক্রমান্বয়ে অঙ্গ সঞ্চালন করা ইত্যাদি।

(৬) অস্বাভাবিক আচরণ—অহেতুক হাসা, নিজের মনে কথা বলা, নোংরা জিনিস সংগ্রহ করা / কুড়ানো ইত্যাদি।

(৭) প্রচণ্ড চঞ্চলতা—নির্দিষ্ট সময় বসে থাকতে না পারা, সময় মতো কাজ করতে না পারা ইত্যাদি।

(৮) বিদ্রোহী সুলভ আচরণ—অবাধ্যতা যা বলা হয় তার উল্টো কাজ করা ইত্যাদি।

(৯) অসামাজিক আচরণ—চুরি করা, খেলার জোচ্চুরী করা, মিথ্যা বলা, সত্য গোপন করা, অন্যদের দোষারোপ করা ইত্যাদি।

(১০) ভয়—বিভিন্ন জায়গার ভয়, বিভিন্ন ব্যক্তি, জন্তু এবং বস্তুতে ভয় পাওয়া।

আগেকার পরিচ্ছেদে মানিয়ে চলার—আচারণের ক্ষেত্রে ঘাটতি পূরট্র করে দক্ষতা শিক্ষার বিষয়ে বলা হয়েছে। অনাকাঙ্খিত বা সমস্যামূলক আচরণ নিয়ন্ত্রণকর্মসূচীতে দীর্ঘ পর্যবেক্ষনের প্রয়োজন। যার সাহায্যে সেই আচরণের কারণ নির্ণয় করা যায়। হিসাব করে দেখা গেছে যে মানসিক প্রতিবন্ধীদের মধ্যে শতকরা ৬০ জনেরই সমস্যামূলক আচরণ থাকে। পর্যবেক্ষণ করে দেখা গেছে যে আচরণটি সমস্যামূলক কিনা শ্রেণীবিভাগের ক্ষেত্রে সেই নিয়ে বৈষম্য থাকতে পারে। একজেনর কাছে যা সমস্যামূলক আচরণ, অন্যের কাছে তা সমস্যামূলক নাও হতে পারে। সমস্যামূলক আচরণের শ্রেণীবিভাগ করার ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি নজরে রাখা দরকরা।

(ক) যখন সেই আচরণটি তার নিজের ক্ষতি করতে পারে।

(খ) যখন সেই আচরণটি অন্যদের ক্ষতি করতে পারে।

(গ) যখন সেই আচরণটি শিক্ষার অন্তরায় হয়ে ওঠে।

(ঘ) যখন সেই আচরণটি সামাজিকভাবে স্বীকৃত নয়।

(ঙ) যখন সেই আচরণটি সঠিক নয়।

উপরিউক্ত বৈশিষ্টগুলি প্রত্যেকের মধ্যে দেখা দিতে পারে। এই আচরণগুলি খুব কম মাত্রায় প্রকাশিত হলে একে সমস্যামূলক আচরণ বলা যায় না। এক্ষেত্রে যে বিষয়গুলিকে দেখা হয় তা হল—

—আচরণের তীব্রতা

—আচরণের সংখ্যা অর্থাৎ আচরণটি কতবার হয়।

—আচরণটির সময়ের স্থায়ীত্ব অর্থাৎ কতক্ষণ ধরে আচরণটি চলে। যেমন কান্না—শিশুদের মধ্যে প্রায়ই দেখা যায়। কিন্তু যদি কোন শিশু তুচ্ছ কারণে, ঘনঘন কাঁদে প্রতি এক বা দু-ঘন্টায় তখন তাকে স্বাভাবিক মনে করা হবে না। একইভাবে খুব জোরে চিৎকার করে এবং অনেকক্ষণ ধরে কাঁদলে সেটাও স্বাভাবিক মনে করা হবে না।



Fig-4 : আকাঙ্খিত আচরণ চিহ্নিত করণের পথ-প্রদর্শক

২.৫.১ সমস্যামূলক আচরণ সনাক্তকরণের বাধা (Steps in identifying problem behaviour)

অনাকাঙ্খিত আচরণ কমানোর জন্য আচরণ সংশোধনের প্রযুক্তিবিদ্যার কাজে ব্যক্তিকেন্দ্রীক শিক্ষাসূচী গঠন করার জন্য শিশুর বিস্তৃত মূল্যায়ন করা প্রয়োজন। এই পদ্ধতির ধাপগুলি নিম্নরূপ (Fig-4— দেখা দরকার)।

(১) সমস্যামূলক আচরণ সনাক্তকরণ—কোন সমস্যামূলক আচরণ একবার শিক্ষকের নজরে পড়লে তার যথার্থ সনাক্তকরণ করা শিক্ষকের কর্তব্য। এ বিষয়ের যথাযথ নির্দেশিকা ব্যবহার করা দরকার।

(২) সমস্যামূলক আচরণের আচরণগত বিশ্লেষণ—আচরণ সংশোধনের /পরিবর্তনের ক্ষেত্রে প্রতীক নাম ব্যবহারের কোন মূল্য নেই কেবলমাত্র আচরণগত নামের সাহায্যে তার বর্ণনা করতে হয়। যেমন 'রাগ' শব্দটি অন্যকে গালাগালি দেওয়া, চিৎকার করে কাউকে বলা, মারধোর করা, নিজেকে মারা এবং অন্যদের দিকে জিনিস পত্র ছোঁড়া ইত্যাদি বিভিন্ন অর্থেই ব্যবহৃত হয়। অতএব এই শব্দটি ব্যবহার করে কোন সংশোধন/নিয়ন্ত্রণ কর্মসূচী তৈরী করা সম্ভব নয়। আচরণটির বর্ণনা বিষয়গত হওয়া দারকার যেটি পর্যবেক্ষণ করা এবং মাপা যায়।

(৩) সমস্যামূলক আচরণ সনাক্তককরণের নীতিসমূহ—একটি শিশুর একাধিক সমস্যামূলক আচরণ থাকতে পারে। কিন্তু একটি অথবা দুটি সমস্যামূলক আচরণ বেছে নেওয়া দরকার যাদের সংশোধন করা হবে যেহেতু তার বেশী সংখ্যক হলে সেই পরিবেশ নিয়ন্ত্রণ করা কঠিন হয় যার প্রভাব আচরণটির উপর রয়েছে। সমস্যামূলক আচরণ নির্ণয় অথবা অগ্রাধিকার দেবার ক্ষেত্রে নিম্নলিখিত নীতিগুলি প্রযোজ্য—

(ক) যেসব সমস্যামূলক আচরণ সহজে নিয়ন্ত্রণ/সংশোধন করা যাবে তা নির্বাচন করা, যার দ্বারা শিক্ষক পরবর্তীকালে অনেক বেশী সমস্যামূলক আচরণ নিয়ন্ত্রণের ক্ষেত্রে আত্মবিশ্বাসী হয়ে উঠবে।

(খ) যে সব সমস্যামূলক আচরণ অন্যের বা নিজের ক্ষতি করছে তাকে অগ্রাধিকার দেওয়া।

(৪) প্রাথমিক স্তর পরীক্ষণ (Base line Assessment) (পর্যবেক্ষণ পদ্ধতি)—পর্যবেক্ষণ হল একটি পদ্ধতি যাতে এক বা একাধিকজন পর্যবেক্ষণ করেন বাস্তব জীবনে কি ঘটছে এবং নির্দিষ্ট নিয়ম অনুযায়ী তার শ্রেণীবিভাগ ও ছক তৈরী করেন। পর্যবেক্ষণের ৪টি নিয়ম আছে—

(ক) কি পর্যবেক্ষণ করতে হবে

(খ) কখন পর্যবেক্ষণ করতে হবে

(গ) কেমনভাবে পর্যবেক্ষণ করতে হবে

(ঘ) কোথায় পর্যবেক্ষণ করতে হবে

আচরণকে সরাসরি পর্যবেক্ষণের দ্বারা বা স্বনিয়ন্ত্রিত (Automatic) নথীভূক্তিকরণ (recording) দ্বারা পর্যবেক্ষণ করা সম্ভব। সাধারণত নিম্নলিখিত পদ্ধতি পর্যবেক্ষণের জন্য ব্যবহৃত হয়—

(ক) **ঘটনা অথবা সংখ্যা নথীভুক্তিকরণ ঃ** এই ঘটনা অথবা সংখ্যা নথীভুক্তি করণ পদ্ধতিতে সমস্যামূলক আচরণটি—দিনের নির্দিষ্ট সময়ে কতবার ঘটেছে তা সরাসরি পর্যবেক্ষণ করে নথীভুক্ত করা হয় এবং এটির অন্তত তিনদিন পুনরাবৃত্তি করা হয়। এরফলে শিক্ষক/সংযুক্ত ব্যক্তি আচরণটি সম্পর্কে অনেক বেশী জানতে পারেন।

এর থেকে সমস্যামূলক আচরণটি সাধারণত কতোবার ঘটে যেমন—মারধোর না করা, ধাক্কা দেওয়া, একজায়গায় না বসা ইত্যাদি সম্পর্কে জানতে পারেন (আচারণটি কতবার হচ্ছে তার সংখ্যা ধরা হয়) মৌখিকভাবে সংঘটিত আচারণের ক্ষেত্রে বা ঘনঘন (বার বার) সংঘটিত আচরণের ক্ষেত্রে, যেখানে সংখ্যা গোণা কঠিন, এই পদ্ধতিটি প্রযোজ্য নয়।

(খ) **সময়ের নথীভুক্তিকরণ ঃ** যেসব আচরণ বিভিনন সময় ধরে ঘটে এই পদ্ধতিটি সেসব আচরণের নথীভুক্তিকরণের ক্ষেত্রে প্রযোজ্য / যেমন শ্রেণীতে /ক্লাসে মনোযোগ না দেওয়া (বাইরে তাকান), প্রচণ্ড চঞ্চলতা, দোলা ইত্যাদি। কোন এক দিনের একটি নির্দিষ্ট সময়ে সমস্যামূলক আচরণটি কত সময় ধরে ঘটছে তার নথীভুক্তিকরণ করা হয় এবং এভাবে অন্তত তিনদিন করতে হয়। এর থেকে নির্দিষ্ট সময়ের জন্য সমস্যামূলক আচরণটির গড় সময় হিসাব করা হয়। এই পদ্ধতি যেসব আচরণ নথীভুক্তিকরণের ক্ষেত্রে কার্যকরী যার স্থায়িত্ব বিভিন্ন সময়ে বিভিন্ন হয়। যাইহোক সঠিক পরীক্ষণের জন্য সর্বক্ষণ মনোযোগ দেওয়া প্রয়োজন, যা দলগত শিখনমূলক পরিস্থিতিতে সর্বদা সম্ভব নাও হতে পারে।

(গ) **বিরাম নথীভুক্তিকরণ ঃ** সমস্যামূলক আচরণকে স্বল্প সময়ের ব্যবধানে পর্যবেক্ষণ করা হয়ে থাকে, যেমন—আচরণটি প্রতি ঘন্টায় পাঁচ মিনিট ধরে পর্যবেক্ষণ করা। এটি আচরণের সংখ্যা ও স্থায়িত্ব উভয়প্রকার নথীভুক্তিকরণের ক্ষেত্রেই ব্যবহার করা যেতে পারে। যাই হোক, সমস্যামূলক আচরণ এই ব্যবধানের মধ্যে ঘটলেও শুধুমাত্র নির্ধারিত বিরামের এদের নথীভুক্তিকরণ করা উচিত।

(ঘ) **সময়ের নমুনাকরণ ঃ** সমস্যামূলক আচরণ—শুধুমাত্র পূর্বনির্ধারিত সময়েই নথীভুক্তিকরণ করা হয়। উদাহরণ—শিশুর আচরণ পর্যবেক্ষণ করা প্রতি ৩০ মিনিটের ব্যবধানে। এই পদ্ধতি ব্যবহার করা হয় যখন সমস্যামূলক আচরণটি ঘটার সংখ্যা ও স্থায়িত্ব বেশী থাকে। এতে অনবরত /অবিরাম পর্যবেক্ষণের প্রয়োজন নেই।

২.৫.২ ক্রিয়াকলাপজনিত বিশ্লেষণ (আচরণ জনিত বিশ্লেষণ) (Functional Analysis)

এই পদ্ধতির সাহায্য সমস্যামূলক আচরণের জটিলতাকে সহজতর/সবথেকে প্রাথমিক অংশে বিভক্ত করে বোঝা সম্ভব হয়। যেসব সমস্যামূলক আচরণ অর্জিত হয় তার বিভিন্ন পরিবেশগত প্রভাব থাকতে পারে। শিখনের তত্ত্ব অনুযায়ী শিখন হয়ে থাকে সংযোগসাধনের মাধ্যমে (ক্ল্যাসিক্যাল ও অপারেন্ট কন্ডিশানিং) এবং পর্যবেক্ষণ ইত্যাদির মাধ্যমে। সমস্যামূলক আচরণ বিশ্লেষণের জন্য একাধিক মডেল / নমুনা বর্তমান। একটা সহজতর নমুনা হল A-B-C Model, সেটা মানসিক প্রতিবন্ধী শিশুদে সমস্যামূলক আচরণ বিশ্লেষণের কাছে সব চেয়ে বেশী ব্যবহৃত হয়। এই নমুনাটি সেই সকল কারণ চিহ্নিত / সনাক্ত করতে সাহায্য করে যারফলে সমস্যামূলক আচরণটি সংগঠিত হয়ে থাকে। **A** নির্দেশ করে পূর্ববর্তী ঘটনাবলী (ANTECEDENT Factors), পূর্ববর্তী ঘটনাবলীকে বিশ্লেষণ করলে শিক্ষক বুঝতে /জানতে পারেন—সমস্যামূলক আচরণের পূর্বে কি ঘটেছিল। এই সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করতে হলে নিম্নলিখিত বিষয়গুলির প্রতি দৃষ্টি দেওয়া দরকার—

(ক) **সাধারণত সমস্যামূলক আচরণটি কখন ঘটে**— কর্মাবকাশে অথবা শ্রেণীকক্ষে যখন শিক্ষক অন্য ছাত্রদের নিয়ে ব্যস্ত থাকেন অথবা দুপুরে খাওয়ার সময়.....

(খ) দিনের কি কোনো নির্দিষ্ট সময় আছে যখন এই সমস্যামূলক আচরণটি বেশি হয়— যেমন সকালের দিকে অথবা খাবার সময়ে.....

(গ) কার সঙ্গে থাকলে সমস্যামূলক আচারণটি হয়—কোনো নির্দিষ্ট জায়গা অথবা পরিস্থিতি আছে কি যেখানে সমস্যামূলক আচরণটি হয়—বিদ্যালয়ের খেলার মাঠ অথবা শ্রেণীকক্ষে অথবা বাড়ীতে যখন শিশুটি একা থাকে.....

(ঘ) সমস্যামূলক আচরণটি কোথায় হয়, যার মানে হল এমন কি কোনো নির্দিষ্ট জায়গা বা পরিস্থিতি আছে যেখানে সমস্যামূলক আচরণটি ঘটে থাকে। উদাহরণ—বিদ্যালয়ের খেলার মাঠে অথবা শ্রেণীকক্ষে অথবা বাড়ীতে অথবা যখন শিশুটি একা থাকে.....

B নির্দেশ করে আচরণ (**BEHAVIOUR**) অর্থাৎ সমস্যামূলক আচরণটি চলাকালীন কি ঘটে। আচরণের প্রাথমিক স্তর পরীক্ষণ/মূল্যায়ণ-এর ফল থেকে এটা বিশ্লেষণ করা সম্ভব হয় যে সমস্যা মূলক আচরণটি ঘটার সময় কি কি বিষয় দায়ী! যেমন— কতবার সমস্যামূলক আচরণটি হচ্ছে? অথবা কতক্ষণ ধরে সমস্যামূলক আচরণটি হচ্ছে?

C নির্দেশ করে আচরণের ফলাফল (**CONSEQUENCES**) যেটা হল, সেই সকল বিষয়গুলি—যা আচরণের

ঠিক পরেই ঘটে থাকে। পরবর্তী ফলাফলের বিশ্লেষণের ফলে নিম্নলিখিত প্রশ্নের উত্তর পাওয়া যায়—

(ক) সমস্যামূলক আচরণটি ঘটার ঠিক পরমুহূর্তে শিশুটির চারপাশের মানুষের কি প্রতিক্রিয়া হয়।

(খ) সমস্যামূলক আচরণটি শিশুটি বা অন্যদের প্রতি কি প্রভাব বিস্তার করে?

(গ) সমস্যামূলক আচরণটি করার ফলে শিশুটির কি কোনো সুবিধা/লাভ হয়?

সমস্যামূলক আচরণের ফলাফল বিশ্লেষণের দ্বারা দেখা যায় যে বেশীরভাগ আচরণের দ্বারাই কোনো সুবিধা পাওয়া যায়। (পুরস্কার বা শক্তিদায়িকা) অপারেন্ট কন্ডিশানিং-এর নিয়মি অনুযায়ী যদি কোনোরকম সুবিধা না পাওয়া যায় তাহলে আচররটি না করার প্রবণতা দেখা যায়। এইভাবে ক্রিয়াকলাপজনিত বিশ্লেষণ—আচরণের কারণগুলি অনুসন্ধান করতে সাহায্য করে।

সমস্যামূলক আচরণের কারণসমূহ ঃ আচরণবাদের তত্ত্ব অনুযায়ী আচরণের দুটি ভাগ—উদ্দীপক ও প্রতিক্রিয়া। উদ্দীপকটির বৈশিষ্ট্য আচরণের কারণ হতে পারে। মানসিক প্রতিবন্ধীদের সমস্যামূলক আচরণের আচরণগত বিশ্লেষণের উপর গবেষণায় নিম্নলিখিত কারণগুলি নির্ধারণ করা হয়েছে—

(ক) **মনোযোগ আকর্ষণ ঃ** যে কোন বয়সের মানুষের আচরণের ধারার উপর মনোযোগের প্রচণ্ড প্রভাব আছে। একজন ব্যক্তি কখনোই অন্যের মনোযোগ আকর্ষণ না করে থাকতে পারে না। এটা বোঝা খুবই সহজ যে আমরা অন্যের সঙ্গে কথা বলি কারণ আমাদের প্রতি মনোযোগ দেওয়া হয়। কিন্তু অনেকসময় আমরা অসজ্ঞাতভাবে অন্যের মনোযোগ আকর্ষণের চেষ্টা করি। এবং যদি আমরা অসজ্ঞাত আচরণের সাহায্য মনোযোগ আকর্ষণ করতে পারি তবে সেটা শক্তিদায়িকা হতে পারে। ইহা পর্যবেক্ষণ করা হয়েছে যে মানসিক প্রতিবন্ধী শিশুদের সমস্যামূলক আচরণের প্রধান কারণই হলো মনোযোগ আকর্ষণ করতে পারি তবে সেটা শক্তিদায়িকার কাজ করে থাকে এবং এজন্যই আমরা সেই আচরণটি আবার করতে চাই, এমনকি এক ঝলক দেখাটাও শক্তিদায়িকা হতে পারে। ইহা পর্যবেক্ষণ করা হয়েছে যে মানসিক প্রতিবন্ধী শিশুদের সমস্যামূলক আচরণের প্রদান কারণই হলো মনোযোগ আকর্ষণ করা। শ্রেণীকক্ষে শিক্ষককে খুঁজে বার করতে হবে যে কোনো সমস্যামূলক আচরণ মনোযোগ আকর্ষণের উদ্দেশ্যে হচ্ছে কিনা। যদি সমস্যামূলক আচরণটি মনোযোগ না দিলে / পেলে বেশী হয় ও মনোযোগ দিলে থেমে যায়—তাহলে বুঝতে হবে যে সেটি হল একটি মনোযোগ আকর্ষণকারী আচরণ।

(খ) **আত্মউদ্দীপক ঃ** কখনো কখনো শিশুরা পুণরাবৃত্তিমূলক আচরণ করে যেমন শরীর দোলানো। বুড়ো আঙুল চোষা ইত্যাদি সিভিয়ার (Severe) ও প্রোফাউন্ড (profound) মানসিক প্রতিবন্ধীদের মধ্যে এইসব আচরণ আরো বেশী দেখা যায়। সাধারণত আত্মউদ্দীপকজনিত আচরণ বাড়ে যখন তারা কোনো কাজের মধ্যে থাকে না।

(গ) **পলায়ন ঃ** অনেক সময় শিশুরা দায়িত্ব এড়াবার জন্য সমস্যামূলক আচরণ করে। যেমন—যখনই শিক্ষক একটি শিশুকে কোনো কাজ করার নির্দেশ দেন তখনই সে কাঁদতে শুরু করে, যার ফলে শিক্ষক সেই কাজটি সরিয়ে নেন। যেহেতু কান্নার ফলটি ভালো হল অর্থাৎ কাজ থেকে ছুটি সেহেতু শিশুটি ক্রমশ কাজ থেকে ছুটি/মুক্তি পাবার জন্য কাঁদতে শেখে। যদি কোনো কিছু করতে হলে শিশুর সমস্যামূলক আচরণ বাড়ে ও না করতে হলে কমে, তবে বোঝা যায় যে শিশুটি কাজের থেকে পালিয়ে যাবার জন্য ঐরূপ সমস্যামূলক আচরণ করছে।

(ঘ) **বাস্তব উপাদান** (হেতু) ঃ শিশুদের কিছু সমস্যামূলক আচরণ থেকে তারা বাস্তব/কল্পিত পুরস্কার পায়। যেমন—কোনো শিশুকে কান্না থামানোর জন্য মা যদি বিস্কুট দেন শিশুটি তখনকার মতো চুপ করে যাবে কিন্তু পরোক্ষভাবে মা তাকে মাঝে মাঝে কাঁদতে শেখালেন যেহেতু এর ফলে সে সহজেই পুরস্কার পেয়ে যাচ্ছে। এটিই হল 'জেদী' ও 'বদমেজাজী' আচরণের মতো সমস্যামূলক আচরণের ক্ষেত্রে খুব সাধারণ কারণ।

(ঙ) **দক্ষতার অভাব ঃ** এই কারণে মানসিক প্রতিবন্ধীদের মধ্যে অনেক সমস্যামূলক আচরণ তৈরী হয়। যখন শিশু শেখে না অথবা জানে না কেমনভাবে উপযুক্ত আচরণ করা যায়, তখন তার সমস্যামূলক আচরণটি পরোক্ষভাবে তার দক্ষতার অভাবকেই প্রকাশ করে। যেমন—একজন শিশু যে তার বন্ধুর নতুন ছবির বইটি দেখতে চায়, সেটি ছিনিয়ে নিতে পারে কারণ তার যোগাযোগ করার দক্ষতার অভাব আছে।

(চ) **পুরস্কার সনাক্তকরণ ঃ** আচরণের ক্ষেত্রে, কাঙ্খিত আচরণ বাড়ানো বা অনাকাঙ্খিত আচরণ কমানো যাই হোক না কেন পুরাস্কার/শক্তিদায়িকার সনাক্তকরণ হল একটি গুরুত্বপূর্ণ কাজ। পুরস্কার দেবার ফলে দক্ষতার প্রশিক্ষণ দেওয়া সহজ হয় এবং পুরস্কার বন্ধ করে দেবার ফলে সমস্যামূলক আচরণ নিয়ন্ত্রণ করা সহজ হয়। সমস্যামূলক আচরণ দেখা যায়।

২.৫.৩ নিয়ন্ত্রণ (Management)

আচরণের পূর্বের ঘটনা এবং আচরণের ফলাফল বিস্তারিতভাবে বুঝে নেওয়ার উপর নির্ভর করে নির্দিষ্ট সমস্যামূলক আচরণ নিয়ন্ত্রণ করার কাজ। তাই অন্যদের মারধোর করার মতো সমস্যামূলক আচরণের নিয়ন্ত্রণও এক হবে না যদি তাদের পূর্ব ঘটনা এবং ফলাফল ভিন্ন হয় শিক্ষক অবশ্য নিয়ন্ত্রণ পদ্ধতিটির বিষয়ে চাহিদা অনুযায়ী সিদ্দান্ত নেবেন। যদি কোন নির্দিষ্ট সমস্যামূলক আচরণ নির্ধারণের জন্য আচরণের পূর্ব ঘটনাসমূহ বেশী জরুরী হয় তবে তা নিয়ন্ত্রণের পদ্ধতি হিসাবে সেইসব ঘটনাসমূহকে নিয়ন্ত্রণ করা প্রয়োজন যা সমস্যামূলক আচরণ তৈরী করছে এবং যদি পরবর্তী বিষয়গুলি নির্দিষ্ট সমস্যামূলক আচরণের জন্য দায়ী হয় তাহলে অন্য পদ্ধতি ব্যবহার করতে হবে। সমস্যামূলক আচরণের হওয়াকে কমাতে যেসকল পদ্ধতি ব্যবহার হয় তাকে প্রধান দুটো ভাগে ভাগ করা যায়—শাস্তিহীন পদ্ধতি ও সরাসরি শাস্তিদান পদ্ধতি।



ছক/ Fig. 5 : সমস্যামূলক আচরণ নিয়ন্ত্রণ।

শাস্তি ঃ এটা হল একটা আচরণগত পদ্ধতি, যা অকাম্য আচরণের ঘটা থেকে নিয়ন্ত্রণ করতে/কমাতে /বাধা দিতে ব্যবহৃত হয়। শাস্তি হল কোনো আচরণের পরে কোনো বিষয়কে উপস্থাপন করা বা সরিয়ে নেওয়া, যাতে লক্ষিত আচরণটির উদয় হওয়াটি কমে। এটা অর্ন্তভুক্ত করে ঃ

(ক) সেই সকল পদ্ধতি যা পূর্ববর্তী সেইসকল বিষয়গুলিকে নিয়ন্ত্রণ করে যা অকাম্য আচরণকে প্রভাবিত করে এবং

(খ) সেই সকল পদ্ধতি যা অকাম্য আচরণকে নিয়ন্ত্রণ করতে সাহায্য করে পরবর্তী ফলাফলগুলিকে সরিয়ে ফেলে অথবা অকাম্য আচরণটি ঘটার ঠিক পরেই নিরানন্দদায়ক উদ্দীপক প্রদান করে। এই ফলাফল সরিয়ে ফেলাকে অবশ্যই ঋণাত্মক শক্তিদায়িকার সঙ্গে গুলিয়ে ফেলা যাবে না, যা হল একটি বিরূপ/নিরানন্দনায়ক উদ্দীপককে সরানো কাম্য আচরণটির ঘটাকে বাড়াতে বা শক্তিশালী করতে। যেখানে, শাস্তিতে একটি প্রতিক্রিয়ার পরবর্তী পুরস্কার / শক্তিদায়িকাকে সরিয়ে ফেলা হয় অকাম্য আচরণটি কমাতে / বন্ধ করতে। অশাস্তিমূলক পদ্ধতিগুলি হল অকাম্য আচরণ কমানোর পরিকল্পনায় প্রথম পছন্দ। নৈতিকভাবে কারোর অন্যকে শারীরিকভাবে নির্যাতন করা বা বঞ্চিত করার অধিকার নেই। সেই জন্য অন্যসব পদ্ধতি বিকল্প হলে শাস্তি হল শেষ উপায়, আদর্শগতভাবে এটি ব্যবহার করা উচিৎ নয়।

সরাসরি শাস্তিমূলক কৌশলাদি ঃ এটা সেই সকল পদ্ধতিগুলিকে অন্তর্ভূক্ত করে যা অকাম্য আচরণকে কমায়। এখানে যদিও সরাসরি শাস্তিমূলক কৌশলাদি বর্ণনা করা হয়েছে অশাস্তিমূলক পদ্ধতিগুলিকে ভালোভাবে বোঝা যাতে সম্ভব হয়।

(১) **পরিবেশকে পুর্নগঠন করা (পরিবেশকে নিপুনভাবে পরিচালনা কর) ঃ** যদি এটা দেখা যায় যে অকাম্য আচরণের পূর্ববর্ত্তী ও পরবর্ত্তী (ফলাফল) বিষয়গুলির তৎক্ষনাৎ পরিবেশের উপর প্রভাব আছে, তাহলে পরিবশেকে পুনর্গঠন করতেন সেই অকাম্য আচরণকে নিয়ন্ত্রণ করা সম্ভব হয়। উদাহরণ—এমন দেখা গেছে যে মঙ্গেশ সর্দবা ক্লাসের সময় তীক্ষ্ণ চিৎকার করে যার কারণ হল পূর্ববর্ত্তী বিষয়ে—যখনই জয়েশ মঙ্গেশের পাশে বসে, সে সর্বদাই মঙ্গেশকে সুড়সুড়ি দেয় এবং যেহেতু মঙ্গেশের আওয়াজ করার ফলে সবাই হাসে এটা তাকে একটা আনন্দনায়ক অনুভূতি দেয়।

এখানে, পরিবেশের পুর্নগঠন হল মঙ্গেশ ও জয়েশের মধ্যে বসার স্থানটি পরিবর্তন করা।

(২) **ধ্বংস/লোভ করা ঃ** এটি হল অকাম্য আচরণের পরবর্ত্তী ফলাফলকে পুনরায় সংগঠন করা যাতে পরবর্ত্তী মনোযোগ বা কাজটি করার পুরস্কার সে না পায়। এটাকে অগ্রাহ্য করাও বলা হয়ে থাকে। এটি হল পুরস্কার— মনোযোগ না দেওয়া। অগ্রাহ্য করা হল শিশুকে মিষ্ট কথায় না ভোলানো/রাজী না করানো,

শিশুর পিছু পিছু না যাওয়া, তাকে না বকা, কোন কাজ না দেওয়া, তারদিকে না তাকানো অথবা তাকে লক্ষ্য না করা। অগ্রাহ্য করা পদ্ধতিটি বর্ণনা করা সবচেয়ে সোজা, কিন্তু সটিকভাবে প্রয়োগ করার ক্ষেত্রে এটা একটা অন্যতম কঠিন পদ্ধতি।

(ক) কিছু কিছু সমস্যামূলক আচরণ অগ্রাহ্য করা যায় না। যেমন—যদি শিশুটি অগ্রাহ্য পাওয়ার জন্য অন্যের বা নিজের ক্ষতিকরে, অবিলম্বে হস্তক্ষেপ করা দরকার।

(খ) অগ্রাহ্য করা পদ্ধতিটি ব্যবহার করলে সমস্যামূলক আচরণটি কমার আগে প্রাথমিকভাবে বাড়তে দেখা যায়।

(গ) যদি অগ্রাহ্য করা পদ্ধতিটি ব্যবহার করতে হয় তাহলে শিশুর সঙ্গে জড়িত সকলকেই সেটি প্রয়োগ করতে হবে। নচেৎ একজন মনোযোগ না দিলেও শিশু অন্য জনের কাছে তা পেয়ে যাবে। ফলে সমস্যামূলক আচরণটি চলতেই থাকবে।

(৩) **টাইম আউট (Time out) ঃ** এটি হল অকাম্য আচরণকে দুর্বকরার পদ্ধতি যা শিশুকে একটি শক্তিদায়িকাহীন জায়গায় সরিয়ে দেওয়ার মাধ্যমে সম্পন্ন হয়। শক্তিদায়ীকার উপস্থিতির জন্যই সমস্যামূলক আচরণ ঘটে, এটা প্রমান করা প্রয়োজন। টাইম-আউটের সময় শিশুকে এমন একটি পরিস্থিতিতে রাখা হয় যেখানে স্বল্প সময়ের জন্য (২—৩ মিনিট) পুরস্কারের সকল প্রকার সম্ভাবনাকে পুরোপরি সরিয়ে ফেলা হয়। উদাহরণ— সমস্যামূলক আচরণের সঙ্গে সঙ্গে ঘরের কোণে শিশুকে দাঁড় করিয়ে রাখা দেওয়ালের দিকে মুখ করে, অথবা মাথাটি ডেক্সের উপর নিচু করিয়ে রাখা ইত্যাদি।

(৪) **প্রতিক্রিয়া বাধাকরণ ঃ** এটি হল অকাম্য আচরণটি ঘটার পূর্বেই সেটি ঘটতে বাধা দেওয়া, উদাহরণস্বরূপ মারার আগেই শিশুর হাত ধরে ফেলা, এইভাবে এটা ঘটাতে বাধা দেওয়া। প্রতিক্রিয়ায় বাধা দেওয়ার ফলে তৎক্ষণাৎ এবং জোর করে অকাম্য আচরণটির পুনরাবৃত্তি হতে পারে। যদিও, এক্ষেত্রে শিশুর সঙ্গে শারীরিক দ্বন্দ্বে যাওয়াটি প্রশ্রয় দেওয়ার উদ্দেশ্য/অভিপ্রায় নেই, তাই প্রতিক্রিয়া বাধাকরণটি প্রয়োগ করা উচিৎ আচরণ, যেটির রূপান্তর প্রয়োজন তার সতর্ক বিশ্লেষণের পর।

(৫) **শারীরিকভাবে বাধা দেওয়া ঃ** এটি পদ্ধতিতে অকাম্য আচরণটি ঘটার পর শিশুর শারীরিক কাজকর্মে বাধাপ্রদান করা হয়। রাগজনিত আচরণকে কামানোর জন্য স্বল্প শারীরিক বাধাপ্রদান হল উপাকরী। এটি হল শিশুর শারীরিক কাজ কর্মে বাধা দেওয়া, উদাহরণ, তৎক্ষণাৎ হাত বাঁধা—এতটা শক্ত করে নয় যাতে যন্ত্রণা হবে—স্বল্প সময়ের জন্য (২-৩ মিনিট) অথবা হাত ধরে রাখা এবং দৃঢ়ভাবে বলা আচরণটির পুনরাবৃত্তি না করতে। যেমন— নিজেকে মারা, আঙুল চোষা এবং কাগজ ছেঁড়া ইত্যাদি।

(৬) **প্রতিক্রিয়ার মূল্য ঃ** এটি হল একটি পদ্ধতি যাতে একটি অনাকাঙ্খিত আচরণ ঘটার পর তার পূর্বের পুরস্কৃত শক্তিদায়িকা ফেরৎ নেওয়া হয় (যেটি কাঙ্খিত আচরণ বাড়ানোর জন্য দেওয়া হয়েছিল)। এই পদ্ধতি সাধারণত ব্যবহার করা হয় যখন কাঙ্খিত আচরণ বাড়ানোর জন্য প্রতীক ব্যবহার করা হয়। যার ফলে কোন সমস্যামূলক আচরণ ঘটলে শিশুর সেই অর্জিত প্রতীক ফিরিয়ে নেওয়া সম্ভব হয়। এইভাবে তাকে অনাকাঙ্খিত আচরণের জন্য মূল্য দিতে হয়।

(৭) **পুনরুদ্ধার করা / পূর্বাবস্থায় আনা ঃ** এটি পদ্ধতির সাহায্যে ব্যক্তিকে সমস্যামূলক আচরণ ঘটার পূর্বাবস্থায় ফিরিয়ে আনা হয়, যেটি তার পরিবেশকে পরিবর্তিত করেছিল অর্থাৎ বিশৃঙ্খল পরিবেশ থেকে পুনঃরুদ্ধার করে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনা। যেমন একটি শিশু নোংরা অথবা কাগজের টুকরো মেঝেতে ফেলেছে সে আবার সেগুলি কুড়িয়ে ময়লা রাখার জায়গায় ফেলবে।

(৮) **অতিরিক্ত সংশোধন ঃ** এই পদ্ধতিটি একাধিক পদ্ধতির সংমিশ্রণ। এই পদ্ধতিটি ব্যক্তিকে শুধুমাত্র কি করা উচিৎ নয় তা শেখায় না, কি করা উচিৎ তাও শেখায়। এটির দুটি ভাগ আছে ঃ

(ক) পুনরুদ্ধার জনিত অতিরিক্ত সংশোধন ঃ এটি হল বিশৃঙ্খল পরিবেশকে স্বাভাবিক অবস্থায় চেয়ে বেশী পূর্বাবস্থায় আনা। সমস্যামূলক আচরণ যে ব্যকিতর আছে যেমন—খাবার মাটিতে ছুঁড়ে ফেলা—তাকে শুধুমাত্র সেই জায়গাটিই নয় সম্পূর্ণ ঘরটি পরিস্কার করতে বলা।

(খ) ধনাত্তক অনুশীলন ঃ এটি হল অনুপযুক্ত আচরনের ফল স্বরূপ একটি উপযুক্ত আচরণ অনুশীলন

করা। এর অর্থ হল যখনই কোন ভুল হবে তখন সবরকম কাজ কর্ম বন্ধ করে দেওয়া এবং তারপর সঠিক আচরণটি সতর্কভাবে একাধিকবার সম্পাদন করা। ধনাত্মক অনুশীলন বা পুনরুদ্ধারের পরে কোন শক্তিদায়িকা দেওয়া হয় না। এটা হতে পারে যে শিশু সবসময়ই ধনাত্ত্বক অনুশীলন বা পুনরুদ্ধার জনিত নির্দেশ পালন করতে অস্বীকার করছে, সেক্ষেত্রে তাকে শারীরিকভাবে সেটা করার জন্য সাহায্য করতে হবে (জোর না করে) তার পরেও যদি শিশু না করতে চায় তাহলে তার পছন্দসই কাজগুলি (উদাহরণ—খেলা, টিভি দেখা, একটা নির্দিষ্ট পোষাক পরা) অথবা জিনিসগুলি অথবা খাবারগুলি যেমন—পাঁপড়, মিষ্টি ইত্যাদি (আবশ্যকীয় খাদ্য নয়) তার থেকে সরিয়ে রাখতে হবে।

(৯) **বিরুপতার পদ্ধতি / কৌশল (Aversive Therapy) ঃ** এটি হল একটি পদ্ধতি যা অকাম্য আচরণটি কতবার ঘটবে তার সংখ্যা/হার কমায় সেটিকে প্রকৃত বা কাল্পনিক বিরূপ উদ্দীপকের সঙ্গে সংযুক্ত করে, যা ঘটে থাকে শর্তমূলক (conditioning) পদ্ধতির মাধ্যমে। এই পদ্ধতিতে স্বল্প শক (১০ থেকে ৬০ ভোল্টের) দেওয়া হয়ে থাকে যেটি যন্ত্রনাদায়ক উদ্দীপক হিসাবে কাজ করে অথবা কোন অকাঙ্খিত আচরণের পর একটি তীব্র এবং কষ্টকর গন্ধ শোকানো হয়ে থাকে। এই পদ্ধতিটি খুব কম ব্যবহার হয়ে থাকে। যখন অন্য সকল পদ্ধতি কাজ করে না তখন এটি ব্যবহৃত হয়। যেমন—ভীষণভাবে মাথায় আঘাত করা বা ঐ ধরনের আত্মঘাতী আচরণের ক্ষেত্রে। এই পদ্ধতিটির তত্ত্বাবধানের জন্য একজন প্রশিক্ষণ প্রাপ্ত ক্লিনিক্যাল সাইকোলজিস্টের (মনোবিজ্ঞানী) প্রয়োজন।

২.৬ পার্থক্যমূলক শক্তিদায়িকা (Differential Reinforcement)

শাস্তিবিহীন পদ্ধতিসমূহ ঃ এই পদ্ধতি একইসাথে অনাকাঙ্খিত আচরণ কমানো এবং কাঙ্খিত আচরণ বাড়ানোর উদ্দেশ্যে ব্যবহৃত হয়। এই উদ্দেশ্যে সফল হওয়ার জন্য যে নীতি ব্যবহার করা হয় তা হল পার্থক্যকৃমূলক শক্তিদায়িকার পদ্ধতিসমূহ। এই পদ্ধতিতে দুটি বিকল্পের মধ্যে একটিতে শক্তিদায়িকা প্রয়োগ করা হয়। পার্থক্যমূলক শক্তিদায়িকা ৪ প্রকারের হয়—

(১) **অসঙ্গত আচরণের জন্য পার্থক্যমূলক শক্তিদায়িকা (Differential reinforcement of Incompatible behaviour--DRI) ঃ** একে অনাকাঙ্খিত আচরণের বিপরীত আচরণের জন্য পার্থক্যমূলক শক্তিদায়িককাও বলা হয়ে থাকে। যেমন—একটি অত্যন্ত চঞ্চল শিশু যদি একটি জায়গায় নির্দিষ্ট সময় বসে, তবে তাকে শক্তিদায়িকা দেওয়া হয়।

(২) **অন্যান্য আচরণের জন্য পার্থক্যমূলক শক্তিদায়িকা (Differential reinforcement of other behaviour DRO) ঃ** এই পদ্ধতিতে যে অনাকাঙ্খিত আচরণ শোধরানোর উদ্দেশ্য তা ছাড়া অন্যান্য কাঙ্খিত আচরণের জন্য শক্তিদায়িকা দেওয়া হয়। যেমন—যে শিশু সামান্য কারণে অন্যদের মারে সে যদি কোন নির্দিষ্ট দিনে, নির্দিষ্ট সময় ধরে তা না করে এবং অন্য কোনো কাজে ব্যস্ত হয়ে পেড় যা সমস্যামূলক নয়, তবে তাকে শক্তিদায়িকা দেওয়া।

(৩) **বিকল্প আচরণকে পার্থক্যমূলক শক্তিদায়িকা প্রয়োগ (Differential reinforcement of Alternative behaviour / DRA) ঃ** এই পদ্ধতিতে কোনো কাম্য আচারণ উপস্থাপনের মাধ্যমে ও তাকে

শক্তিদায়িকা প্রদান করে সম্ভাব্য অকাম্য/অকাঙ্খিত আচরণ থেকে সরিয়ে নেওয়া হয়। উদাহরণ দুটি শিশু যারা প্রায়শই তুচ্ছ/নগন্য কারণে মারপিট করে তাদের একসাথে এমন কোনো কাজ করার সুযোগ দেওয়া যা তারা দুজনেই খুব পছন্দ করে এবং প্রায়শই তাদের দলগত প্রচেষ্টার জন্য শক্তিদায়িকা প্রয়োগ করা। বাস্তবিক ক্ষেত্রেই কোনো কাজের জন্য দলগত প্রতিযোগীতার কাম্য আচরণ দ্বারা ঘনঘন মারপিটের মত অকাম্য আচরণকে পরিবর্তন করা যায়।

(৪) **নিম্নহারের প্রতিক্রিয়ায় প্রার্থক্যমূলক শক্তিদায়িকা (Differential reinforcement of Lowrate or response /DRL) ঃ** এই পদ্ধতি ব্যবহার করা হয় সেইসব আচরণ নিয়ন্ত্রণ করতে যা কম বার হলে কাম্য আচরণ বলা হয়ে থাকে কিন্তু বেশীবার হলে অকাম্য আচরণ হিসাবে বিবেচিত হয় উদাহরণ একজন শিশু যদি বার বার শিক্ষককে জিজ্ঞাসা করে যে কালকে ছুটি কিনা, শিক্ষকের এটা জানানো সত্ত্বেও যে কাল ছুটি নয়। এখানে এই প্রশ্নটি একবার করাটি হল কাম্য ও যুক্তিযুক্ত আচরণ কিন্তু এর উত্তর একবার বলা সত্ত্বেও বার বার জিজ্ঞাসা করাটা হল অকাম্য আচরণ। DRL এখানে প্রয়োগ করা যায় তার প্রশ্নের উত্তর কেবলমাত্র একবার দিয়ে এবং পরবর্তী সময়ে তাতে মনোযোগ না দিয়ে। এরফলে শিশু বহুসময় ধরে কাম্য আচরণটি নির্দিষ্ট হারে বজায় রাখার চেষ্টা করবে।

মূল্যায়ন ঃ অকাম্য আচরণ—নিয়ন্ত্রণের জন্য গভীর পর্যবেক্ষণ করা প্রয়োজন। সমস্যামূলক আচরণ ও তার নিয়ন্ত্রণের পদ্ধতিগুলি পরিবেশগত উপাদান দ্বারা প্রভাবিত হয়ে থাকে যেটা শিক্ষক বা যিনি কর্মসূচীটি প্রয়োগ করছেএঞ্ন তার নজরে নাও আসতে পারে। কখনো কখনো যে নিয়ন্ত্রণের পদ্ধতি নির্বাচন করা হয় তা যথাযথ হয় না বা ক্রিয়াসংক্রান্ত বিশ্লেষণ যথাযথ না হতে পারে। প্রতিটি অধিবেশনের (session) তত্ত্বাবধান ও তার মূল্যায়ণ করলে নিয়ন্ত্রণের কৌশলদি ও অন্যান্য চল বা আচরণকে প্রভাবিত করে তা পরিবর্তনের মাধ্যমে কৌশলগুলির পুনঃপরিকল্পনা করায় সুবিধা হয়। একটি পদ্ধতি ব্যবহার না করে একাধিক পদ্ধতির সমন্বয় দ্বারা, যা প্যাকেজ/ প্রোগ্রাম হিসাবে কাজ করে, সাধারণত সমস্যাগুলিকে আরো ভাল সমাধান করা যায়।

পার্থক্যমূলক শক্তিদায়িকার পদ্ধতিকে প্রাধান্য—দেওয়া প্রয়োজন যেহেতু এই পদ্ধতিতে একটি কাঙ্খিত আচরণ বাড়ানো যায় ও সেইসঙ্গে অনাকাঙ্খিত আচরণ কমানো যায়।

২.৭ এককের সারাংশ (Unit Summary)

- আচরণ হল অর্জিত। একজনের বেমানান আচরণ থাকতে পারে দক্ষতায় ঘাটতি থাকার ফলে অথবা চাহিদা পূরণের তাগিদের জন্য।
- প্রাচীন অনুবর্তন (classical conditioning) ও অপারেন্ট অনুবর্তন (operant conditioning) হল দুটি তত্ত্ব যা শিখনের অনুষঙ্গমূলক নীতির উপর প্রতিষ্ঠিত।
- শক্তিদায়িকা কোনো আচরণের সম্ভাবনাকে বাড়ায়। শক্তিদায়িকাকে কার্যকরী করার জন্য সতর্কভাবে নির্বাচন করতে হয়। ও প্রয়োগ করতে হয়।

- সমস্যামূলক আচরণের চিহ্নিতকরণ ঃ যেমন সরাসরি শিশুকে পর্যবেক্ষণ করার মাধ্যমে, বাবা মাকে/যারা শিশুকে দেখাশোনা করে তাদেরকে একটা সমস্যামূলক আচরণের চেকলিস্ট দ্বারা ইন্টারভিউ করে।

- সমস্যামূলক আচরণের আচরণগত বর্ণনা ঃ সমস্যাটিকে আচরণের মাধ্যমে বর্ণনা করলে নিয়ন্ত্রণ পদ্ধতির ক্ষেত্রে সুবিধাজনক হয়। যা হল সমস্যামূকল আচরণকে পর্যবেক্ষণমূলকভাবে ও পরিমাপটূলকভাবে নিদিষ্টভাবে বর্ণনা করা।

- সমস্যামূলক আচরণ নির্বাচন করা / অগ্রাধিকার দেওয়া ঃ একসিময়ে একটা বা দুটো সমস্যামূলক আচরণ নির্বাচন করা সবসময়ই কাম্য সবগুলিকে একইসময়ে একই সঙ্গে নিয়ন্ত্রণ করার চেষ্টা করা উচিত নয়। নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার সবসময়ই দেওয়া উচিত সহজে নিয়ন্ত্রণযোগ্য বা অধিকতর বিপদজনক যা বাবা-মা যাকে অগ্রাধিকার দেয় সেই বিষয়কে।

- প্রাথমিক স্তর পরীক্ষণ (Base Line Assessment) (পর্যবেক্ষণমূলক পদ্ধতিসমূহ) ঃ এই পদ্ধতিতে আচরণকে বাস্তব জীবনের পরিস্থিতিতে পর্যবেক্ষণ ও পরিমাপ করা হয়। এরজন্য কিছু পদ্ধতি হল—

  (ক) ঘটনা বা সংখ্যা নথিভুক্তকরণ
  (খ) স্থায়িত্ব নথিভুক্ত করণ
  (গ) সময় নির্বাচন নথিভুক্তকরণ ও
  (ঘ) বিরামকাল / অন্তর নথিভুক্তকরণ।

- ক্রিয়াকলাপজনিত বিশ্লেষণ বা আচরণগত বিশ্লেষণ ঃ এটি পরিবেশগত বিষয়গুলিকে সঠিকভাবে চিহ্নিত করতে সাহায্য করে যারফলে আচরণকে নৈর্ব্যক্তিকভাবে প্রকাশ করা যায় ও সেইসকল বিষয়গুলিকেও যা নিয়ন্ত্রণ করা সম্ভব। ক্রিয়াকলাপজনিত বিশ্লেষণেরজ ন্য ব্যবহৃত মডেল হল B-C মডেল। যেখানে **A** হল আচরণের পূর্ববর্তী বিষয়সমূহ (Antecedent factors) B হল পর্যবেক্ষণলব্ধ আচরণ (Behaviour Under Observation) ও C হল আচরণের পরবর্তী বিষয়সমূহ / ফলাফল (consequence factor)

- সমস্যামূলক আচরণের কারণসমূহ ঃ মানসিক প্রতিবন্ধী ব্যক্তিদের সমস্যামূলক আচরণের প্রধান চিহ্নিত কারণগুলি হল—

  (ক) মনোযোগ অর্জনের বিষয়সমূহ
  (খ) স্বউদ্দীপনা জতি বিষয়সমূহ
  (গ) দক্ষতার অভাবজনিত বিষয়সমূহ
  (ঘ) পলায়ন ও
  (ঙ) আয়ত্ত করা যায় এমন বিষয়সমূহ/অধিগম্য বিষয়সমূহ।

- পুরস্কারের চিহ্নিতকরণ ঃ সমস্যামূলক আচরণ নিয়ন্ত্রণের জন্য শক্তি দায়িকা সম্পর্কেও তথ্য থাকা দরকার যেহেতু বহু সমস্যামূলক আচরণ যে শক্তিদারয়িকা দেওয়া হয় তার থেকেই উদ্ভূত হয়।
- নিয়ন্ত্রণ ঃ সরাসরি শাস্তিদায়ক পদ্ধতিসমূহ, যেমন—(ক) পরিবেশকে পুর্নগঠন করা (খ) ধ্বংস/লোপ করা (গ) টাইম আউট (ঘ) প্রতিক্রিয়া বাধাকরণ (ঙ) শারীরিক বাধাকরণ (চ) প্রতিক্রিয়ার মূল্য (ছ) অতিরিক্ত সংশোধন (জ) বিরুপতার পদ্ধতি এবং শাস্তিবিহীন পদ্ধতিসমূহ যেমন—

  (ক) অসঙ্গত আচরণের জন্য পার্থক্যমূলক শক্তিদায়িকা (খ) অন্যান্য আচরণের জন্য পার্থক্যমূলক শক্তিদায়িকা (গ) বিকল্প আচরণের জন্য পার্থক্যমূলক শক্তিদায়িকা ও (ঘ) নিম্নহারের প্রতিক্রিয়ায় পার্থক্যমূলক শক্তিদায়িকা।
- মূল্যায়ন ঃ নিয়ন্ত্রণ প্রক্রিয়ার কার্যকারীতা তত্ত্বাবধান করা।

২.৮ অগ্রগতির মূল্যায়ন (Check your Progress)

১. অপসঙ্গতিমূলক আচরণ কি?

২. অপসঙ্গতিমূলক আচরণ পরীক্ষণের টুল (Tool) (পরীক্ষা)গুলি কি কি?

৩. অপারেন্ট কন্ডিশানিং ব্যাখ্যা করুন

৪. নিম্নলিখিত বিষয়ের বর্ণনা করুন

(ক) প্রাথমিক (প্রাইমারী) শক্তিদায়িকা

(খ) সেকেন্ডারী শক্তিদায়িকা

(গ) নির্দিষ্ট বিরামদান পদ্ধতি

(ঘ) বিভিন্ন বিরামদান পদ্ধতি

৫. বর্ণনা ও ব্যাখ্যা করুন

৬. নিম্নলিখিত বিষয়গুলি ব্যাখ্যা করুন—

(ক) প্রতিক্রিয়ার মূল্য

(খ) টাইম আউট

(গ) পরিবেশের পুনঃগঠন

(ঘ) পূর্বাবস্থায় আনা।

৭. পার্থক্যমূলক শক্তিদায়িকাগুলির পরীক্ষণ / মূল্যায়ন করুন।

২.৯ আলোচনার বিষয় ও তার পরিস্ফুটন (Points for Discussion / Clarification)

এই এককটি পড়া হলে আপনি আরো কিছু বিষয় আলোচনা/বিশ্লেষণের জন্য ভাবতে পারেন—সেগুলি লিপিবদ্ধ করুন।

২.৯.১ আলোচনার বিষয় (Points for Discussion)

২.৯.২ বিশ্লেশণের বিষয় (Points for clarification)

২.১০ বাড়ীর কাজ (Assignment / Activity)

শ্রেণীকক্ষ থেকে সমস্যামুলক আচরণ আছে এমন একটি শিশু নির্বাচন করুন এবং তার ক্রিয়াকলাপজনিত বিশ্লেষণ করুন এবং তার আচরণ সংশোধনের জন্য প্রয়োজনীয় পদ্ধতির সুপারিশ করুন।

২.১১ উৎস (References)

১. Grossman, (1977). American Association of Mental Deficiency Manual.

২. Grossman, (1983). American Association of Mental Deficiency Manual.

৩. Mazur, J. E. (1986). Learning and behaviour suggested readings, New Jersy : Prentice Hall Inc. Englewood Cliff.

৪. Peshawaria, R. & Venkatesan, S. (1992). Behaviour approach to teaching mentally retarded child, NIMH, Secunderabad.

BLOCK : 3

MOTOR AND COMMUNICATION ASPECTS—ROLE OF MULTIDISCIPLINARY TEAM

(মোটর এবং কমিউনিকেশন দিক সমূহ—বহু শাখা সম্বন্ধীয় বিভিন্ন দিক সমূহের দায়িত্ব)

ব্লক ৩ ☐ মোটর এবং ভাবের আদন প্রদান সম্বন্ধীয় দিক ঃ বহুশাখা সম্বন্ধীয় দিক সমূহের ভূমিকা (Motor and Communication Aspects– Role of Multidisciplinary Team)

ভূমিকা

মানসিক প্রতিবন্ধকতা এমন একটি অবস্থা যাতে বিভিন্ন শাখা থেকে দক্ষ মানুষের সহায়তা প্রয়োজন এবং সেই কারনে দলগতভাবে কাজ করা এবং প্রত্যেকটি শাখা তথা অন্য শাখার ভূমিকা সম্পর্কে ধারনা থাকা প্রয়োজন : এই পর্বটি একজন শিক্ষকের পক্ষে খুবই গুরুত্বপূর্ণ কারণ এখানে সে নিজেকে একজন পেশাদার হিসাবে অন্য পেশার লোকেদের সামনে তুলে ধরে যাদের সাথে তাকে ভবিষ্যতে দলবদ্ধ হয়ে কাজ করতে হবে।

একক ১ এ গ্রস মোটর ও ফাইনমোটর ইমপেয়ারমেন্ট কি তা আছে। এই একক পরিষ্কারভাবে আমাদের বিভিন্ন অঙ্গভঙ্গিমা (posture) এবং গতিবিধি (movement) কে ব্যাখ্যা করে এবং বোঝাতে সাহায্য করে কি করে এবং কোথায় আমরা ভুল করি। মানসিক প্রতিবন্ধকতার উপর এই সমস্ত প্রয়োগ বিভিন্ন উদাহরণ দিয়ে বোঝান আছে।

একক ২-এ আপনারা বুঝতে পারবেন মানসিক প্রতিবন্ধী ব্যক্তির ফিজিওথেরাপি ও অকুপেশানাল থেরাপি কিভাবে কাজ করে। অ্যাকটিভিটি পরিবর্তিত উপকরণ, যন্ত্রানুসঙ্গ সম্পর্কে শিক্ষকদের জানানো হয় যাতে তারা ভবিষ্যতে মানসিক প্রতিবন্ধী শিশুদের ও মোটর সমস্যাযুক্ত শিশুদের সাথে কাজ করতে সাচ্ছন্দ অনুভব করেন।

একক ৩-এ বর্ণনা করা হয়েছে মানসিক প্রতিবন্ধকতা যুক্ত ব্যক্তিদের ভাষা ও কমিউনিকেশনের দিকটি নিয়ে। মানসিক প্রতিবন্ধী শিশুদের শিক্ষকরা প্রায়সই লক্ষ করে থাকেন যে এই শিশুদের কমিউনিকেশন সমস্যা বর্তমান। এই একক পড়ার পর তাদের সমস্যা বুঝতে, সমাধানের পরিকল্পনা করতে এবং কমিউনিকেশন বৃদ্ধি করতে সাহায্য করবে

একক ৪ থেকে আমরা সংঘবদ্ধ/দলবদ্ধভাবে কাজ করা এবং কে কে দলের সদস্য, আদর্শ দল/সংঘ বলতে কি বোঝায় এবং সেই দলে আপনার নিজের স্থান কোথায় সে বিষয়ে আলোচনা করা হয়েছে। এর থেকে আপনারা জানতে পারবেন মানসিক প্রতিবন্ধীদের সার্বিক উন্নতির জন্য কিভাবে সরকারী ও বেসরকারী সংগঠনগুলি কাজ চালাচ্ছে। এই এককটি স্বল্প বা ছোট কারণ সরকারি প্রকল্প ও সুবিধার উপর বিশ্লেষণ অন্যান্য এককে উল্লেখ করা আছে এবং আপনাদের সেই সকল সম্পর্কিত একক পড়ার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে

একক 1 ☐ গ্রস মোটর এবং ফাইনমোটর ইমপেয়ারমেন্ট : নিউরোমোটর সেনসরি মোটর এবং হাত-চোখ সংযোগ ঘটিত সমস্যা লোকোমোটর/গতিশীলতা সম্পর্কিত সমস্যা (Gross and fine motor Impairments : Neuromotor, Sensory motor and Eye hand Difficulties Locomotor/Mobility Related Problems)

গঠন

১.১ ভূমিকা

১.২ গুরুত্ব/উদ্দেশ্য

১.৩ 'মোটর' শব্দের অর্থ বোঝা

১.৪ চলন এবং অঙ্গাভঙ্গিমা

- ১.৪.১ চলন ও অঙ্গাভঙ্গিমার তাৎপর্য

১.৫ চলন এবং অঙ্গাভঙ্গিমার প্রকার ভেদ

- ১.৫.১ চলন
- ১.৫.২ অঙ্গাভঙ্গিমা

১.৬ ঐচ্ছিক চলনের শ্রেণীবিভাগ

- ১.৬.১ নির্দিষ্ট এবং পুরো শরীরের চলন
- ১.৬.২ গ্রস মোটর ও ফাইন মোটর মুভমেন্ট
- ১.৬.৩ প্রয়োজন অনুসারী চলন

১.৭ গ্রস মোটর ও ফাইন মোটর কার্যের অসুবিধা যা সমস্যার আকার ধারণ করে

- ১.৭.১ স্কেলেটাল বিভাগের সমস্যা
- ১.৭.২ পেশিতন্ত্রের সমস্যা
- ১.৭.৩ স্নায়ুতন্ত্রের সমস্যা
  - ১.৭.৩.১ Disorders in Motor Path ways
  - ১.৭.৩.২ অনৈচ্ছিক চলন

১.৮ গ্রস মোটর ও ফাইন মোটর ইমপেয়ারমেন্ট

- ১.৮.১ মানসিক প্রতিবন্ধকতা এবং মোটর গঠন / বিকাশ
- ১.৮.২ নিউরোমোটর সমস্যা
- ১.৮.৩ সেনসরি মোটর সমস্যা
- ১.৮.৪ চোখ ও হাতের সমন্বয়ের অসুবিধা

১.৯ গমন/গতিশীলতা সম্পর্কীয় সমস্যা

- ১.৯.১ হাতের কাজ ও গতিশীলতা
- ১.৯.২ গতিশীলতা সম্পর্কিত সমস্যা

১.১০ একক সংক্ষেপ : মনে রাখার বিষয়
১.১১ অগ্রগতির মূল্যায়ন
১.১২ বাড়ীর কাজ
১.১৩ আলোচনার ও বিষয় তার পরিস্ফুটন
১.১৪ উৎস

১.১ ভূমিকা (Introduction)

মোটর চালনা প্রত্যেক প্রাণীর চারিত্রিক বৈশিষ্ট্য। নিজের মোটর চালনা চরিত্র অনুযায়ী প্রাণীরা চলাফেরা করে। মোটরচালনাকে কাজে লাগিয়ে প্রাণীরা পরিবর্তিত পরিবেশের সাথে নিজেদের খাপ খাইয়ে নিয়ে চলে।

কঙ্কালতন্ত্র, যার মধ্যে হাড়গুলি লিভারের কাজ করে এবং জয়েন্টগুলি অক্ষতা দান করে, লিভার ও অক্ষতাকে কাজে লাগিয়ে চলাফেরা (axis) করা সম্ভব। পেশীতন্ত্রে পেশীগুলি চলাফেরা করার শক্তি জোগায়। স্নায়ুতন্ত্রে স্নায়ুরা সংবেদনশীলতা ও মোটর পরিচালনা করে পেশীর কাজকে সহায়তা করে। এই সহযোগিতার ফলেই চলাফেরা সম্ভবপর হয়। এই তিনটি তন্ত্র দিয়ে মোটর পরিচালনা করা হয়।

এই দিকে ইমপেয়ারমেন্টের ফলে গতিশীলতায় বাধা সৃষ্টি হয় ; যা পরিবর্তিত পরিবেশের সাথে খাপ খাওয়াতে অপারগ। অনেক প্রতিবন্ধী শিশুরাই দেরীতে এবং অক্ষম গতিশীলতা/চলন প্রদর্শন করে। মানসিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে দেরীতে এবং অসম্পূর্ণ গতিশীলতাই প্রতিবন্ধকতা প্রকাশের প্রথম ও অন্যতম চিহ্নস্বরূপ। তবে এটা মনে রাখা দরকার যে সমস্ত মানসিক প্রতিবন্ধী শিশুদেরই মোটর সমস্যা থাকে না।

১.২ উদ্দেশ্য (Objective)

এই একক পড়ার পর আপনারা শিখবেন—
—মোটর শব্দের অর্থ
—চলন/গতিশীলতা (movement) ও অঙ্গভঙ্গিমার (posture) মধ্যে পার্থক্য
—চলন ও অঙ্গভঙ্গিমার কার্যপ্রণালী বর্ণনা
—স্বাভাবিক মোটর গঠনের ধাপ
—মোটর নিয়ন্ত্রণ গঠনের সূত্রাবলী
—গ্রস মোটর ও ফাইনমোটরের অস্বাভাবিকতা যা কিনা সমস্যার সৃষ্টি করে
—মানসিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে মোটর গঠন কিভাবে ক্ষতিগ্রস্ত হয়
—হাতের কাজ সম্পর্কিত সমস্যার বর্ণনা
—গমন কার্য সম্পর্কিত সমস্যার বর্ণনা

১.৩ 'মোটর' শব্দটির অর্থ (Understanding the Term 'Motor')

মোটর শব্দটি বলতে বোঝায় এমন যেকোন কার্যপ্রণালী যা গতিশীলতা (movement) সৃষ্টি করে। যে কার্যপ্রণালী চক্রগতিতে একটি মেশিনের চাকা ঘুরিয়ে তড়িৎ চুম্বকীয় ক্ষেত্রে সৃষ্টি করে তাকে ইলেকট্রো মোটর বলে। অন্যদিকে

মানুষের ক্ষেত্রে (অন্য প্রাণীরাও এর আয়ত্তাধীন) মোটর শব্দটি অনেক বেশী তাৎপর্যপূর্ণ। কেবলমাত্র বিশেষ কার্যপ্রণালী (অস্থি, পেশী, স্নায়ুর) বললে এটি এই কার্যপ্রণালীর ফলাফলকে গুরুত্ব দেয়। সেইজন্য মোটর সম্বন্ধে শেখার সময় আপনারা কার্যপ্রণালী সম্পর্কে কম ও তার ফল সম্পর্কে বেশী শুনবেন।

১.৪ গতিশীলতা / চলন এবং অঙ্গভঙ্গিমা (Movement and Posture)

একটি বিশেষ বিদ্যালয়ের বেশ কিছু বিশেষ শিশুকে পর্যবেক্ষণ করে এবং তারা যে মোটর ক্রিয়া করে তা দেখে লিখে রাখুন নিশ্চয় নিম্নোক্ত কতগুলি মোটর কার্য লিখে রেখেছেন—

--শিশুটি চলার জন্য পা কে নাড়ায়
—কোন কিছু ধরার জন্য হাত বাড়ায়
—চোয়াল খোলে ও বন্ধ করে কথা বলার জন্য
—চেয়ারের উপর বসে
--ললিপপ চুষে খাবার জন্য জিভ নাড়ায়
—চোখে ধুলো লাগলে শিশুটি চোখের পাতা বন্ধ করে
—গানের সাথে তাল মেলাতে পা দিয়ে তাল দেয়, মাটিতে পা ঠোকে
—খেলার মাঠে দাঁড়ায়
—নিঃশ্বাস প্রশ্বাসের জন্য বুকের ছাতি বাড়ায় ও কমায়, সংকোচন ও প্রসারন হয়।
--লাফানোর সময় হাত দুটিকে প্রসারিত করে
—যখন সিলিঙে পাখা দেখতে চায় তখন শিশুটি ঘাড় ঘোড়ায়
—সুইচ টেপার জন্য তর্জনীতে চাপ দেয়

আরও কিছু ক্রিয়া যা বাইরে থেকে দেখা যায় না।

সেগুলি হল—

শিশুর হার্ট যা সঙ্কুচিত ও প্রসারিত হয় রক্ত সংবহনের জন্য।

শিশুর স্টমাকের খাদ্যচুর্ণ করার জন্য সংকোচন ঘটে।

এই প্রত্যেক ক্রিয়ার জন্য মোটর mechanism (অস্থি, পেশী, স্নায়ু) প্রয়োজন কিন্তু এটাও ঠিক যে সমস্ত মোটর কার্যের ফলেই গতিশীলতা আসে না। উদাহরণস্বরূপ বসার বা দাঁড়িয়ে থাকার জন্য শিশুর শরীর বা শরীরের কোন অংশই গতিশীল হয় না। যে মোটর কার্যে কোন গতিশীলতা থাকে না তাকে অঙ্গভঙ্গিমা (posture) বলে।

Box-1

চলন/গতিশীলতা (movement) ও অঙ্গভঙ্গিমার (posture) মধ্যে পার্থক্য ঃ-

মুভমেন্ট এমন একটি মোটর কার্য যেখানে পেশীগুলি প্রয়োজনীয় গতি নিয়ে আসে, যার ফলে সমস্ত শরীরের বা শরীরের কোন অংশের স্থান পরিবর্তিত হয়। যার ফলে পুরো শরীর বা তার অংশ চলনশীল হয়।

অঙ্গভঙ্গিমা/দেহভঙ্গিমা (posture) এমন একটি মোটর কার্য যাতে পেশী হয় পুরো শরীরকে একটি নির্দিষ্ট ভঙ্গিমায়/স্থানে রাখতে কাজ করে। যার ফলে দেহে প্রয়োজনীয় ভঙ্গি আসে ও শরীরের ভারসাম্য রক্ষা পায়। সমস্ত শরীর বা তার অংশ কখনই চলনশীল হয় না।

১.৪.১ চলন ও অঙ্গাভঙ্গিমা-এর তাৎপর্য্য ঃ (Importance of Movements and Postures Motor Skills)

চলন ও অঙ্গাভঙ্গিমা মোটর কার্যের ফলাফল। এই ফলগুলিকে সাধারণত মোটর দক্ষতা (motor skill) বলা হয়। মোটর দক্ষতা খুবই গুরুত্বপূর্ণ।

মোটর দক্ষতা যেমন গমন (যেখানে সমস্ত শরীর একস্থান থেকে অন্য স্থানে চলে), হাত বাড়িয়ে কোন বস্তুকে ধরা, সঠিক অঙ্গাভঙ্গিমা বজায় রাখা, পরিবেশের সাথে সামঞ্জস্যতা রেখে কারোর অঙ্গাভঙ্গিমা গঠন সবই শিশুটিকে পারিপার্শ্বিক পরিবেশের সাথে সমতা রক্ষা করতে এবং পরিবেশকে কাজে লাগাতে সাহায্য করে।

অন্য গঠনগত দিকেও শিশুর ভিত্তি গড়ে তুলতে মোটর কার্য সাহায্য করে।

—কথা বলার জন্য ঠোঁট, জিভ ও চোয়ালের চলন

—সামাজিক দক্ষতা যেমন খেলাধুলার সময় বা সম্ভাষন করার সময় হাত পা ও পুরো শরীর নাড়াচাড়া,

—পোষাক পরতে শেখার জন্য হাত পা আঙুলের চলন

বুদ্ধি দক্ষতা যা কিনা দৃশ্যগত প্রক্রিয়ার ফল, উদাহরণস্বরূপ যদি ঘাড় লম্বা করে কুতুবমিনারের লম্বা দেখা যায় তবেই তা বোঝা যায়।

১.৫ চলন ও অঙ্গাভঙ্গিমার প্রকারভেদ (Types of Movements and Postures)

চলন ও অঙ্গাভঙ্গিমায় মোটর কার্যের তুলনা করা হলেই এদের শ্রেণীবিভাগ করা হয় না। এছাড়াও চলন ও অঙ্গাভঙ্গিমার শ্রেণীবিভাগ বর্তমান।

১.৫.১ চলন (Movement)

প্রথমেই চলনের শ্রেণী বিভাগ করা যাক, নিম্নে উল্লেখিত কিছু চলন স্বয়ংক্রিয় ভাবে ঘটে। এই চলনে ব্যক্তির কোনরকম নিয়ন্ত্রণ হতে থাকে না। এই গুলিকে বলা হয় স্বয়ংক্রিয় চলন বা Autonomous movement.

স্বয়ংক্রিয় চলনের উদাহরণ যা ১.৪ এ উল্লেখিত সেগুলি হল

i) হার্টের বিট

ii) পাকস্থলীর মন্থন কার্য

iii) শ্বাসগ্রহণ (যদিও মনে রাখার বিষয় যে শ্বাসকার্য নিয়ন্ত্রণের ফলে কমানো বাড়ানো যায় কিন্তু তা বন্ধ করা যায় না। কিন্তু স্বাভাবিক শ্বাসকার্য স্বয়ংক্রিয় চলনের উদহারণ)

আবার অন্য কিছু চলন স্বয়ংক্রিয়ভাবে হয় কিন্তু নির্দিষ্ট শর্তে। অনেক সময় কিছু চলন এবং বিশেষ অবস্থায় স্বয়ংক্রিয়ভাবে হয় আবার সেই একই চলন ব্যক্তি নিজে নিয়ন্ত্রণে রাখতে পারে। এদের যথাক্রমে প্রতিবর্ত ক্রিয়া (Reflex movement) ও প্রতিক্রিয়াশীল ক্রিয়া (Reaction movement) বলা হয়। প্রতিবর্ত চলন (Reflex movement) ও প্রতিক্রিয়াশীল চলন (Reaction movement) উদাহরণ ও পার্থক্য Box-2 তে দেওয়া হল।

Box-2 প্রতিবর্তক্রিয়া (Reflex action) ও প্রতিক্রিয়াশীল ক্রিয়া (Reaction action)-র পার্থক্য

Reflex action / প্রতিবর্তক্রিয়া এমন চলন যাতে যে কোন অবস্থানে একই রকমের সাড়া পাওয়া যায়। ব্যক্তির কোন নিয়ন্ত্রণ থাকেনা, এবং অন্য কোন অবস্থায় যে পেশীগুলি অনুভূতিতে সাড়া দেয় তারা ব্যক্তির নিয়ন্ত্রাধীন থাকে।

উদাহরণস্বরূপ 1 : কোন ব্যক্তি তার চোখের পাতা খুলতে ও বন্ধ করতে পারে কিন্তু অনেকসময় ধুলো, গরম হাওয়া, আলো চোখের কাছে এলে চোখের পাতা আপনা আপনি বন্ধ হয়ে যায় এটাকে বলা হয় ব্লিংকিং রিফ্লেক্স।

উদাহরণ 2 : স্বাভাবিক ভাবে একজন ব্যক্তি তাদের গলার স্বর পরিবর্তনের জন্য মুখমণ্ডলের পেশীগুলিকে/গলার পেশীগুলিকে নিয়ন্ত্রণ করে। কিন্তু অনেক সময় কাশি হলে, গলায় জল আটকে গেলে শ্বাসনালীতে বা গলার ভেতরে আঙুল দিলে পেশীগুলি নিজেদের মত করে নিজেদের নিয়ন্ত্রণ করে একে গ্যাগ রিফ্লেক্স বলে।

প্রতিক্রিয়াশীল ক্রিয়া (Reaction movement) :-

রিয়াকশান মুভমেন্ট এমন চলন যেখানে একই অবস্থায়/উদ্দীপনায় সবসময় একই রকম সাড়া পাওয়া যায় না ব্যক্তি সেই উদ্দীপনাকে পুরোপুরি অস্বীকার করতে পারে না কিন্তু তার প্রাচুর্য্যতা নিয়ন্ত্রিত করতে পারে।

উদাহরণ 1 : যখন কেউ তার ডান হাত দিয়ে কোন ভারি এক বালতি জল তুলে হাঁটে তখন তার শরীর ডানদিকে বেঁকে যায় ও বাম হাত কাঁধের দিকে ওঠে (শরীর থেকে দূরে সরে) শরীরের ভারসাম্য রক্ষা করে। একে বলা হয় টিল্ট রিয়াকশান Tilt reaction. কেউ হয়ত শরীর কতটা ঝুকবে বা হাত কতটা বাঁকবে তা নিয়ন্ত্রণ করতে পারে।

উদাহরণ 2 : যখন কেউ তার ঠিক পিছনের কোন জিনিষকে দেখতে চায় তখন ঘাড় পিছন দিকে ঘোরায় এবং তার সাথে আপনাআপনি তার কাঁধও ঘাড়ের সাথে বেঁকে যায়। একে বলে Righting reaction। অবশ্য ঘাড় কতটা বাঁকবে তা নিয়ন্ত্রণ করা যায়।

সর্বশেষে বলা যায় এমন কিছু চলন আছে যা পুরোপুরি ব্যক্তি নিয়ন্ত্রিত এবং ব্যক্তির ইচ্ছানুসারে ব্যবহৃত হয়। যেমন কোন জিনিষ হাতে নিয়ে হেঁটে যাওয়া, আঙুলে করে বোতাম লাগান এদের বলা হয় ঐচ্ছিক চলন voluntary movement এবং এদের অনেক সময় volitional movements ও বলা হয়।

Voluntary movement আবার অনেক প্রকারের হয় তাদের শ্রেণী বিভাগ ও বর্ণনা 1.6 এ দেওয়া আছে।

১.৫.২ অঙ্গভঙ্গিমা (Postures) :-

Posture সাধারণ দুই প্রকার—নিষ্ক্রিয় অঙ্গভঙ্গিমা (Inactive posture), সক্রিয় অঙ্গভঙ্গিমা (Active posture.)

Inactive posture এই অঙ্গভঙ্গিমায় খুবই স্বল্প পরিমানে পেশী কার্য প্রয়োজন হয়। যেমন, বিশ্রাম নেওয়া ঘুমানো।

Active posture এই অঙ্গভঙ্গিমায় এক সাথে অনেকগুলি পেশীকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হয়। একে আবার দুভাগে ভাগ করা যায় Static posture এবং Dynamic postures.

স্টাটিক পসচারের ক্ষেত্রে শরীর একটি নির্দিষ্ট স্থির ভঙ্গীমা বজায় রাখে, এই স্থির ভঙ্গীমায় শরীরের জয়েন্টগুলি স্থিরাবস্থায় থাকে এবং শরীরের ভার মাধ্যাকর্ষের বিরুদ্ধে বহন করে। উদাহরণ বসা, হাটুমুড়ে বসা, ছাড়ানো, উবু হয়ে বসা।

ডাইনামিক পসচারের ক্ষেত্রে শরীরের ভঙ্গীমা চলনের সাথে সাথে বার বার পরিবর্তিত হতে থাকে। উদাহরণস্বরূপ হামাগুড়ি দেওয়া হাঁটা, বলে লাথি মারা, পাথর ছোঁড়া ইত্যাদি যেকোনো রকমের চলন এক্ষেত্রে মনে রাখা দরকার প্রত্যেক চলনই বিভিন্ন অঙ্গভঙ্গীমার ক্রমবিন্যাসের ফলস্বরূপ।

Chart-1



১.৬ ঐচ্ছিক চলনের অতিরিক্ত শ্রেণীবিন্যাস (Furhter Classification oF Voluntary Movement)

ঐচ্ছিক চলন (Voluntary movement) reflex movement এবং reaction movement মাধ্যমে প্রকাশ পায়। এবার দেখা যাক কিভাবে ঐচ্ছিক চলনকে শ্রেণীবিন্যাস করা হয়। সমস্ত ঐচ্ছিক চলন সম্পূর্ণ শরীরকে কোন ভাবে লিপ্ত করে

১.৬.১ নির্দিষ্ট ও পুরো শরীরের চলন (Individual and whole body movement) :-

এই শ্রেণীবিভাগ করার ভিত্তি হল সমস্ত শরীর বা শরীরের কোন নির্দিষ্ট অংশ যখন এই চলনে অংশ নেয়। সমস্ত ঐচ্ছিক চলনই সম্পূর্ণ শরীরকে বা কোন নির্দিষ্ট অংশকে লিপ্ত করে এর ধারায় ঐচ্ছিক চলনকে দুইভাগে ভাগ করা হয় Individual movement এবং Whole body movement.

Individual movement বলতে এমন চলনকে বোঝায় যেখানে শরীরের বেশীরভাগ অংশ কম বেশী স্থিরাবস্থায় থাকে কিন্তু কেবলমাত্র হাত ও পা গতিশীল হয়। যেমন গ্লাস থেকে জল নিয়ে খাওয়া, বল ছোড়া, ক্যারাম খেলা।

একে আবার দুইভাগে ভাগ করা যায় (Unilateral movement) এক পার্শ্বীয় চলন, (Bilateral movement) দ্বিপার্শ্বীয় চলন (Unilateral movement) এক পার্শ্বীয় চলন-এ শরীরে একটি দিক গতিশীল হয় যেমন কল খোলা, বলে লাথিমারা।

Bilateral movement বা দ্বিপার্শ্বীয় চলনে-এ শরীরে উভয় দিকে হাত ও পা গতিশীল হয় যেমন, টেবিল ক্লথ ভাঁজ করা

Whole body movement (সামগ্রিক চলন) বলতে বোঝায় এমন চলন যেখানে সমস্ত শরীর গতিশীল হয়। যেমন, চলাফেরা, লাফানো, একে আবার দুভাগে ভাগ করা যায় Successive movement (ক্রমানুসারে চলন)

অথবা sequential movement এবং simultaneous movement (স্বতস্ফূর্ত চলন) successive movement বা sequential movement (ক্রমিক চলন)-এ শরীরের বিভিন্ন অংশ ক্রম অনুসারে চলনে অংশ গ্রহণ করে। যারা একটি নির্দিষ্ট নিয়ম মেনে ক্রমানুসারে চলে যেমন, হাঁটার সময় আগে একটি পা এগোয় তার পর অপর পা কিন্তু simultaneous movement (বা স্বতস্ফূর্ত চলনে) পুরো শরীর একই সময় গতিশীল হয় যেমন টেবিল থেকে মেঝেতে ঝাপান।

১.৬.১ গ্রস মোটর এবং ফাইনমোটর চলন (Gross motor and fine motor movement) ঃ

এই শ্রেণীবিন্যাসে যেভাবে চলনের সময় শরীরের কার্যশীল অংশগুলি অংশগ্রহণ করে (component of action) তার উপর ভিত্তি করে ঐচ্ছিক চলনকে শ্রেণীবিভাগ করা হয়েছে। কার্যকরী অংশগুলি হল— গমন (locomotion), শরীরের ভারসাম্য (body balance), শক্তি (strength), নিয়ন্ত্রণ (control), সংযোগ স্থাপন (Co-ordination) (prehention), object manipulation এবং precision. এই ভাবে এই চলনকে গ্রসমোটর (grosso motro) এবং ফাইন মোটরে শ্রেণীবদ্ধ করা হয়। গ্রসমোটর ও ফাইন মোটরের পার্থক্য বোঝানোর জন্য টেবিল নং 1 কে অনুসরণ করুন।

Gross motor skill (স্থূলমোটর দক্ষতা) and fine motor skill (সূক্ষ্ম মোটর দক্ষতা)

আক্ষরিক অর্থে gross motor ও fine motor শব্দটি স্থূলচলন (gross motor) এবং সূক্ষ্মচলন (fine movement) বলা হয়। এই মোটর সম্বন্ধীয় কার্যদক্ষতাকে স্থূল মোটর কার্যদক্ষতা (gross motor skill) বলে যার জন্য স্থূলচলন প্রয়োজন, এবং সূক্ষ্ম মোটর কার্যদক্ষতা (fine motor skill) বলে যার জন্য সূক্ষ্ম চলন প্রয়োজন

টেবিল 1 স্থূলমোটর ও সূক্ষ্ম মোটরের তুলনা (A comparison of gross motor and fine motor)

component of action	gross motor skill	Fine motor skill
Locomation	প্রয়োজন	প্রয়োজন নেই
শারীরিক ভারসাম্য (Body balance)	বেশী পরিমানে প্রয়োজন	কম প্রয়োজন
শক্তি (Strength)	”	”
নিয়ন্ত্রণ (control)	অনেক পেশীতে ছড়িয়ে পড়ে	কম পেশিতে ছড়িয়ে পড়ে
সংযোগরক্ষা (Co-ordination)	মাঝামাঝি প্রয়োজন	বেশী প্রয়োজন
prehension	”	”
object manipulation	কম প্রয়োজন	বেশী প্রয়োজন
precision	”	”
Some examples	জামা পরা	বোতাম লাগানো
	খেলনা টানা	বিডস সুতোয় পড়ানো
	ফুটবলে লাথি মারা	গুলি খেলা
	দেওয়াল রঙ করা	কাগজে লেখা
	ঘর মোছা	আঠা লাগানো
	সাইকেল চালানো	খেলনায় দম দেওয়া

১.৬.৩ গুণ অনুযায়ী চলন (Movement according to qualities) :-

এক্ষেত্রে ঐচ্ছিক চলনকে কিছু সমবেত চলনের গুণ অনুযায়ী শ্রেণী বিভক্ত করা হয়েছে। এই চলন গুণ (movement qualities) লাবান (Laban) দ্বারা প্রস্তাবিত, লাবান ইংল্যান্ডে তার চলনতত্ত্বের প্রচলন করেন। এই সমবেত চলন গুণ কোন চলনের শ্রেণীবিন্যাসকে নির্ধারণ করে যে সেই নির্দিষ্ট চলনটি কি প্রকারের। এই শ্রেণীবিভাগ বুঝতে টেবিল নং ২ অনুসরণ করুন

টেবিল 2 লাবানের চলন অনুযায়ী চলনের শ্রেণীবিভাগ (Classification of movement according to Laban's movement theory) :-

Class of movement চলনের শ্রেণী	combination of qualities গুণের সমাবেশ/সমবেত গুণাবলী
ঘুষি মারা (Punching)—	শক্তিশালী, নিয়ন্ত্রিত নির্দেশিত এবং আকস্মিক ক্রিয়া
ভাসা (Floating)—	নম্র, কম নিয়ন্ত্রিত, ধীরক্রিয়া, নমনীয়
পাল্টি খাওয়া (Gliding)	নম্র, নিয়ন্ত্রিত, নির্দেশিত, ধীরক্রিয়া
হিট করা (Hitting)---	শক্তিশালী, কমনিয়ন্ত্রিত, নির্দেশিত, আকস্মিকক্রিয়া
চাপ দেওয়া (pressing)—	নম্র, কমনিয়ন্ত্রিত, নির্দেশিত, ধীরক্রিয়া
রিংগিং (Wringing)—	শক্তিশালী, নিয়ন্ত্রিত, নমনীয়, ধীরক্রিয়া
ফ্লিকিং (Flicking)—	শক্তিশালী, কমনিয়ন্ত্রিত, নির্দেশিত, আকস্মিকক্রিয়া
ডাবিং (Dubbing)—	নম্র, কম নিয়ন্ত্রিত, নির্দেশিত, আকস্মিক ক্রিয়া

এই প্রত্যেকটি শ্রেণীবিন্যাসেরই নিজস্ব গুরুত্ব ও তাৎপর্য বর্তমান।

Individual এবং whole body শ্রেণীভাগটি আমাদের বিভিন্ন চলন ও মোটর ক্রিয়া কিভাবে সম্পন্ন হয় এবং কিভাবে একটি শিশু অঙ্গাভঙ্গীমা ও চলন শেখে তা বুঝতে সাহায্য করে।

বিশেষ শিশুটির শিক্ষার পরিকল্পনা ও তা প্রয়োগ করার জন্য ফাইন মোটর ও গ্রস মোটর শ্রেণীবিন্যাস প্রয়োজনীয়

বিশেষ চাহিদাসম্পন্ন শিশুটির স্পোর্টস, ডান্স, ড্রামা ইত্যাদি পরিকল্পনা করার থেকে লাবানের চলন তত্ত্বের উপর ভিত্তি করা শ্রেণীবিন্যাসটি তাৎপর্যপূর্ণ।

১.৭ গ্রস মোটর ও ফাইন মোটরের অনিয়মিত কার্য যা কিনা সমস্যার সৃষ্টি করে (Disorder leading to difficulties in gross motor & fine motor action)

একটি বিশেষ স্কুলে গিয়ে সেখানকার শিশুদের বিভিন্ন মোটর সমস্যা পর্যবেক্ষণ করুন এবং তাদের একটি কাগজে নথিভুক্ত করুন।

হয়ত আপনারা এই সমস্ত সমস্যা লিখেছেন—

1) শিশুটি তার মাথা সোজা রাখতে অপারগ, তার মাথা সময় সময় ঝুলে বুকের উপর পরে

2) সাহায্য ছাড়া বসতে পারে না

3) তার দিকে ছোড়া বল ধরতে পারে না

4) এক পায়ে লাফাতে পারে না

5) পেনসিল ধরতে পারে না

6) দাঁড়াতে পারে না, পায়ে ভর দিয়ে

7) একটি হাত বাঁকানো হয় কব্জার কাছে, এবং শিশুটি সেই হাতের দিকে হাটু মুড়তে পারে না চলার সময়
8) হাঁটতে পারে না
9) শিশুটি একটি পাত্র থেকে অপর পাত্রে জল ঢালতে পারে না।
10) কাঁচি ব্যবহার করতে পারে না

এছাড়াও আরও অনেক রকমের আছে। সমস্ত সমস্যা বোঝা সম্ভব যদি মোটর ক্রিয়ার অসুবিধাটা কি তা শেখা যায় প্রত্যেক তন্ত্রের সমস্যা পৃথকভাবে শেখা অনেক সহজ হবে।

১.৭.১ কঙ্কাল তন্ত্রের সমস্যা (Disorder of the skeletal System) :-

কঙ্কাল তন্ত্রের সমস্যার ফলে জয়েন্ট সন্ধিস্থলগুলি সর্বদা (চলাফেরার সময়) ক্ষতিগ্রস্ত হয়। এটা পেশীর কাজকেও ব্যহত করে।

অ্যাম্পুটেশন (Amputation) :- এক্ষেত্রে কঙ্কালতন্ত্রের গঠনই অনুপস্থিত থাকে। শিশুটি একটি হাত, পা অথবা এর কিছু অংশ ছাড়াই জন্মায়। এই ঘটনা জন্মগত হতে পারে কিংবা কোন দুর্ঘটনার ফল হতে পারে।

1. হাড় ভাঙা (fracture) :- এক্ষেত্রে হাড় সম্পূর্ণ বা আংশিকভাবে ভেঙে যায়। এই অবস্থাকে Brittle bones বলে, যার ডাক্তারী নাম Oesteogenesis Imperfect, মানসিক প্রতিবন্ধী ব্যক্তিদের হাড়ে খুব কম চাপেও ভেঙে যাবার প্রবণতা থাকে।

2. হাড় সরে যাওয়া (Dislocation of Joints) :- এক্ষেত্রে যে স্থানে হাড় থাকার কথা সে স্থানে না থেকে অন্য স্থানে অস্বাভাবিক ভাবে থাকে। ডাউন সিনড্রোম শিশুদের মধ্যে এই প্রবণতা লক্ষ করা যায়। তাদের ক্ষেত্রে পিছনের (hip joint) হাড় সরে যায় হাড়ের অসম গঠনের কারণে।

3. বিকৃতি (Deformity) :- এই সমস্যা হাড় বা হাড়ের সংযোগস্থলে হয়, এক্ষেত্রে হাড় স্বাভাবিক আকারের হয় না; বিকৃত হাড় জন্মগত ভেঙে যাওয়ার ফলে বা অপুষ্টি জনিত কারণে হতে পারে। হাতের সংযোগস্থলের বিকৃতি যে পেশীগুলি সেই স্থানে আছে তাদের সমস্যার কারণে হয় বা সংযোগস্থলে চোটের কারণে হয়। যে সমস্ত বিকৃতি সাধারণত মানসিক প্রতিবন্ধী শিশুদের ক্ষেত্রে দেখা যায় তা টেবিল-৩-এ লিপিবদ্ধ করা হল—

টেবিল-৩ মানসিক অক্ষম শিশুদের মধ্যে সাধারণভাবে দেখা যায় এমন আকৃতি ও বিকৃতি (Contractures and Deformities Commonly see in Children with Mental Retardation)

No	Location (অবস্থান)	Contracture	Detormity বিকৃতি
1.	Skull (খুলি)	আকারে ছোট	Microcephaly
2.	Skull (খুলি)	আকারে বড়	Hydrocephaly
3.	Vertebral column (মেরুদণ্ড)	সামনে ঝোকা (Kyphosis)	-
4.	Vertebrat column	পিছনে ঝোকা (Lordosis)	
5.	Vertebral column (মেরুদন্ড)	পাশের দিকে বাঁকা (Scoliosis)	-
6.	Upper limb (অগ্রবাহু)	কাধের flexion ও rotation যেমন— Erb's Palsy তে দেখা যায়	

7. Upper Limb elbow (অগ্রবাহুর কনুই)	বিকৃতি Extension যেমন Erb's palsy তে দেখা যায়	
8. Upperlimb elbow (অগ্রবাহুর কনুই)	সংকোচন (flexion) যেমন cerebral palsy	
9. Upper limb wrist (অগ্রবাহুর কবজি)	সংকোচন (flexion)	Wrist droop
10. Upper Limb finger অগ্রবাহুর আঙুল	মেটাকারপাল সংযোগস্থল সংকোচন cerebral palsy তে দেখা যায়	
11. Lower limb-hip	Adductor spasm যা cerebral palsy-তে দেখা যায়	
12. Lower-limb-hip	flexion, adduction, internal rotation যেমন— cerebral palsy তে দেখা যায়	
13. Lower limb knee নিম্নবাহুর হাঁটু	Flexion সংকোচন যেমন— cerebral palsy-তে দেখা যায়	
14. Lower Limbb knee নিম্নবাহুর হাঁটু	—	Jenuvarum/ Bowleg.
15. Lower limb knee	–	Jenu varum/Knock knee
16. Lower limb knee	–	Jenu varum/hyperextension at knee
17. Lower limb ankle, নিম্ন পদের গোড়ালী	Teudo-achiles tightness	
18. Lower limb foot নিম্নপদের পাতা		Pes planus/flat foot

১.৭.২ পেশী তন্ত্রের বিকৃতি ঃ- (Disorders of muscle system)

1. ওয়াসটিং (Wasting) : এক্ষেত্রে পেশীগুলি আকারে ছোট হতে থাকে (দৈর্ঘ্য নয়) এবং খুব নরমও তুলতুলে অনুভূত হয়।

2. Wasting with fibroses : এক্ষেত্রে পেশীগুলি আকারে ছোট হতে থাকে এবং স্পর্শ করলে খুবই শক্ত লাগে এবং স্থিতিস্থাপক হয় না।

